बक्रमही

च्या महिली

শ্রীসত্যেন্দ্রনাথ দন্ত

সূল্য বারো আনা

প্রকাশক

শ্রীমণিলাল গঙ্গোপাধ্যার ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস ২২, কর্ণভয়ালিস ষ্ট্রীট, কলিকাতা

> বিতীয় সংস্করণ ১৩১৩

কান্তিক প্রেস

২০, কর্ণগুরালিস ব্রীট, কলিকাতা শ্রীহরিচরণ মারা বারা মুদ্রিত

বিনি

বাঙালীর দৈনিক জীবনে সত্য ও স্থলরের উচ্চ আদর্শ প্রতিষ্ঠাকরে চিরদিন সচেষ্ট্র,

মহাকবি মাইকেল মধুস্দন বাঁহাকে কবিভান্ন

অভিনন্দিত করিয়াছেন,

যাঁহার গৌরব-মণ্ডিভ নামের অমুকরণে বর্ত্তমান লেখকের

নামকরণ হইয়াছিল,

সেই বছমানাস্পদ মনীবি

শ্রীবৃক্ত সভ্যেন্দ্রনাথ ঠাকুর

মহোদরের করকমলে

আন্তরিক শ্রদার শ্রক্চন্দন শ্বরূপ এই সামাস্ত গ্রন্থ সময়মে অর্পিত হইল।

বাজে নটেশের দুত্যের ভালে त्रक्रमही रीशा.

তাৰে হুৱে মুছ পল্পবি' উঠে রাগিণী বিশ্বলীনা।

জীবন-রঙ্গ ৷ শত তরঙ্গ চির-ভবিমামর

ক্ষ রি' নীহারিকা ফুটার ভারকা অপরাপ অভিনয়।

অসীমের নীডে হুগু পরাণ স্থপন-রভসে দোলে

श्वापत्र-क्रदत्र व्यनामि एयक 'ডিমি-ডিমি-ডিমি' বোলে **!**

রাঙা অমুরাগ—গেরুরা বিরাপ— থেলে নিভি নব খেলা,

李尔何-지역경 ক্ষত্ৰ-দাক্ৰণ ছঃখ হুখের মেলা। ত্রিভূবন-জোড়া রঙ্গ-গীঠিকা

ত্ৰিকাল মিলনী গাখা.

উদর-প্রলয়-নিলয় রক্তে क्रमञ्जी गीथा।

চলেছে নৃত্য চিন্ন-বিচিত্র

অভিনব-অভিনাম,---মহাসাগরের নাগ-উপবীত

निट्यट्य श्रुष्णश्राम ।

মোহন বানীর রক্ষ ভেদিয়া উদাসীন শিঙা বাজে

দ্ৰম মূলৰ চৰূৰে *দ*লিছা नाटक दब नटकेन नाटक।

আয়ুশ্বতী

পাত্ৰ:ও পাত্ৰী

পূ রঞ্জ	•••	বৈশালীর প্রবীণ যোদ্ধা
আর্য্যধন	•••	সম্ৰান্ত বংশীয় সমৃদ্ধ যুবক
স্থবর্চস্	•••	বৈশালীর বর্দ্ধিষ্ণু ভদ্রলোক
লো ষ্ঠক	•••	क्टनक तृष
আরুয়তী	•••	প্রঞ্রের কন্তা ও আর্য্যধনের
		বাগ্দন্তা পদ্মী
श्रविषांभी	•••	আর্য্যধনের মাতা
বাক্সিছা	***	মন্দির-পালিকা
•	নাগরিকগণ	।, সৈনিকগণ ইত্যাদি।

[পটোৎক্ষেপণের অব্যবহিত পূর্বে যবনিকার অন্তরালে কোলাহল]

আন্মুম্মতী

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

পুরঞ্জয়ের বাটীর সম্মৃত্ত পথ,—অদূরে দেবীমন্দির

(জোষ্ঠক, স্থবর্চস্ ও নাগরিকগণ) স্থবর্চস্

প্রঞ্জয় ! প্রঞ্জয় ! নেমে এস, নেমে এস স্বরা,
এ বিপদে, এ ছর্দিনে আমাদের হও হে সহায় ;
থেক না হুয়ার ক্ষমি' মনে প্রি' প্রাণো আগুন;
দেখ চেরে ধর্ণা দিয়ে আছি সবে হুয়ারে ভোমার ।
এস তুমি বাহিরিয়া, প্রঞ্জয় ! প্রের মতন
আমাদের সেনাগতি হ'য়ে, লয়ে চল মুদ্ধে সবে ।

পুরদ্বারে—ইক্সকীলে স্পর্দ্ধিত লিচ্ছবি দেছে হানা : ভূমি সাজিয়াছ যুদ্ধে—জনরবে শুনি' এ বারতা শক্র হবে হতবৃদ্ধি, মিত্রেরা লভিবে নব বল। কর্ণপাত কর কাকুভিতে হে প্রবীণ। বীরাগ্রণী। থেক না বিরাগ-ভরে দূরে সরি' পরের মতন. তুমি একা শক্তি ধর এ শক্ত দমনে। ওগো বীর. রকা কর অগ্নি সাগ্নিকের, রক্ষা কর বাস্তুভিটা। শও এ যুদ্ধের ভার, হও তুমি নেতা আমাদের: পুরঞ্জয় ! সদাশ্য পুরঞ্জয় ! রাথ-কথা রাখ।

নাগরিকগণ

কথা রাথ পুরঞ্জয়। রাথ আজ বৈশালীর মান। (ধীরে ধীরে গুহাভাস্তর হইতে গুহসমুখস্থ সোপানশ্রেণীডে পুরঞ্জয়ের অবতরণ)

পুরঞ্জয়

কেন এই গণ্ডগোল ? আমারে কিসের প্রয়োজন ? মাগরি কগণ

রক্ষা কর আমাসবে লিচ্ছবির আক্রমণে, বীর। পুরঞ্জয়

তোমরা বৈশালীবাসী,—তোমাদের এ মহানগরী এই বাছ পঞ্চযুদ্ধে রক্ষা করিয়াছে শত্রু হ'তে ;---্বারস্থার পঞ্চযুদ্ধে তোমা সবে করেছি উদ্ধার**;** এই তার পুরস্কার ৷ আমারে রেখেছ অনাদরে, व्यथ-निक्ष् हीर्न भाषात्मत्र खीर्न এই खुत्न,--অভাবের রাহ্গ্রাসে যেরা: পড়ে আছি এক প্রান্তে দারিদ্রো পীড়িত; পরিত্যক্ত, অবজ্ঞাত; পঙ্গু বেন
মৃত্যু-প্রতীক্ষার! তারপর—সহসা পড়েছে মনে
প্রশ্বরে আজ! হেতু ? লিচ্ছবি দিয়েছে হানা বারে।
বিশ্বত বর্জিত যেই সৌভাগ্যের স্থমর দিনে
বিপদের দিনে হার আসা কেন তাহার হুরারে ?
ফিরে বাও; ফিরে বাও; রাথ দেশ পার বে উপারে।
আর নয়; প্রঞ্জয় তোমাদের কেহ নয় আয়!
কল্য, প্ন, কতা মম আয়্মতী হবে পরিণীতা
আর্যা আর্যাধন সহ; গৃহ মোর বাবে শৃত্য হ'রে;
আজ আমি তারে ছেড়ে কোনোধানে বাবনা বাহিরে;
কোনোমতে হবনা বাহির; ধ্বংস হয়ে বার বাক্ প্রী।

ভ্যেষ্ঠক

বহুযুদ্ধে বহুবার দাঁড়ায়ে তোমার পাশে আমি যুঝিয়াছি, পুবঞ্জর! শ্বরণ কি আছে মোরে ? পুরঞ্জর

আছে।

ভাঠক

শার তবে একবার তোমার সে মৃত প্রেরসীরে,—
বৈশালীরে বাসিত সে ভাল; জন্ম তার এইথানে,
এইথানে তব সনে পরিণর তার, প্রঞ্জয়;
সে যদি থাকিত বেঁচে আজ, তবে সে কি অম্রোধ
ক্রিত না তব পাশে, জনমভূমির রক্ষা হেতু ?
প্রির তার ছিল এই প্রী, এই সব অলি গলি
গৃহ-অভিমুখী, আর, এই সব চির-পরিচিত

উর্জী-সম্বিত অট্টালিক। গিরি সম্ উর্জগামী,—
এদেশ বাসিত ভাল প্রেয়সী তোমার, প্রঞ্জর!
ভারে শ্বরি,—আমাদের বাঁচাইতে নহে—তারে শ্বরি'
বৃদ্ধে চল; ওই শোন জয়ধ্বনি করিছে লিছবি।

(তোরণের বাহিরে জয়ধ্বনি)

নাগরিকগণ

পুরঞ্জর ! প্রঞ্জর ! আবার দেরী নয় পুরঞ্জয় । পুরঞ্জয়

তাই হোক; আজিকার যুদ্ধ নহে বৈশালীর তরে, তারে শ্বরি' অন্ত্র ধরি—অন্তি যার এ নগরী ধরে।

(নাগরিকগণ আনন্দধ্বনি করিল)

পুরঞ্জর

কিন্তু রহ, আগে আমি জিজাসিয়ে আসিগে দেবীরে,—
কে লভিবে সিদ্ধি আজ শৃল-শেল-শল্যের সহ্বাতে ?
(মন্দিরের রুদ্ধারের সম্মুথে নতজান্ত হইয়া করজোড়ে)
হে দেবী! চলেছি যুদ্ধে, বৈশালীরে রন্দিতে বাসনা,
শক্ত-আক্রমণ হ'তে; চেষ্টা মম হবে কি সফল ?
জানাও তা ইন্সিতে আভাষে রুপা করি মোরে দেবী;
অথবা আসর আজি বৈশালীর হুর্ভাগ্যের নিশা!
(দার খুলিয়া বাক্সিদ্ধা বাহির হইলেন)

(ধার খুলিয়া বাক্সিদ্ধা বাহির হহলেন) বাক্সিদ্ধা স্বর্গ-মর্জ্য-অধিষ্ঠাতী দেবী কহে "শোন পুরঞ্জ, যুদ্ধে বাতা কর যদি, অবশ্র ডোমার হবে জয়;
বৈশালীর রক্ষা বীর! করিবে ডোমারি ভরবার—
(হর্ষধ্বনি)

কিন্তু যবে জন্ন শক্তি ফিরিবে ভবনে আপনার তথন প্রথম বারে দেখিবে আপন গৃহদ্বারে,— হোক্ পশু হোক্ নর,—বলি দিতে হবে জেন' তারে। প্ররক্ষর

নহিক পশ্চাৎপদ তায়।

(বাহিরে বিপক্ষের জয়ধ্বনি)

বর্শ আন, বর্শ আন।
(একজন ভিতর হইতে বন্ম আনিয়া প্রঞ্জয়কে পরাইয়া দিল)
(শিরস্তাণ হত্তে আয়ুমতীর প্রবেশ)

পুরঞ্জর

বংসে! বংসে মোর! একমাত সম্ভান আমার তুমি; সাবধানে থেক গৃহে; চলিলাম লিচ্ছবি দমনে। এস বংসে, চুমা দাও। (শিরশ্চুখন) এইবার চল বন্ধু সবে,

এইবার বৈশালীর টলমল প্রাকারের দিকে—
চলিল এ প্রঞ্জয়,—কে বাবে হে ? সঙ্গে কে কে বাবে ?
(আযুমতী ব্যতীত সকলের বেগে প্রস্থান)

(আর্যাধনের প্রবেশ)

আর্যাধন

আযুম্ভি!

আয়ুশ্বতী

আৰ্য্যধন !

আর্যাধন

কিসের এ কোলাহল আজি ?

তোমাদের এই নিরালয়ে ?

আয়ুশ্বতী

নগরের যত লোক এসেছিল পিতারে সাধিতে,—বলে, নিয়ে সৈঞ্ভার

লিচছবির ব্যুহ ভেদি'ছিন্ন ভিন্ন করিতে তাদের।

আৰ্য্যধন

গিয়েছেন চলে তিনি ?

আযুমতী

গিয়েছেন মুহুর্ত্তেক আগে

যুদ্ধের উৎসাহে মাতি'।

আর্যাধন

আর আমি ? আছি দুরে সরে

অবহেলি রণাহ্বান; বিরূপ নগরবাসী তাই মোর 'পরে; অকুতক্ত বৈশালীর আচরণে যবে ক্ষয়িলেন আঁথ্য পুরঞ্জর, পক্ষ তাঁর, লয়েছিয় আমি; সে অবধি—একি! মা যে মোর!

(অন্তরালে গমন)

আমারো মা ! (লোকজনসহ গ্রিবাসীর প্রবেশ)

श्रविमानी

বৎসে

সাজাইয়া ঘর ঘার, গুছাইয়া বিবিধ তৈজ্ঞস,
কাঞ্চন ভাজন যত একে একে করি পরিষ্ঠার
রাথিয়াছি ঠাঁরে ঠাঁরে, আছে সব তোর প্রতীক্ষার;
রেথেছি ক্ষটিক পাত্রে কুলুঙ্গিতে ফুলের স্তবক,—
কোণে, সোপানেব বাঁকে. ঠাই ঠাহরিয়া মনে মনে,
ধীরে ধীরে বহুদিন ধরে তুলেছি স্থন্দর করি;
ঘুরিতে ফিরিতে অতর্কিতে পুস্পগদ্ধে খুসী হবে
মন তোর। পশ্নেব অঙ্গবাধা, শাড়ী রেশ্নের
রাথিয়াছি রোজে দিয়ে; সিন্দুকের স্তপ্ত অন্ধকারে
হাসিতেছে মণিমুক্তা—সঞ্চিত সে যুগ যুগান্তের।
যাবে তুমি মা আমার! পরিচিত আপনার ঘরে;
অচেনার মত সেথা পড়িবে না গোলোক-ধাঁধার।
আমি আর কটা দিন ? যাব তীর্থে চলে—

আযুদ্মতী

(হাতে হাত লইয়া)

সে হবে না।

श्रायमानी

ভাল, বাছা, তোরি কথা থাক;—তোরি কথা থাক তবে।
গৃহিণী! গৃহের লক্ষী! আমি শুধু ভাবি, আযুম্মতী,—
মার মন,—আমি ভাবি 'আযুম্মতী—অলবয়দী দে
বদ্ধ দে কি পারিবে করিতে মোর প্তে মোর মত ?'
জানি আমি কিশোর হাদর—ভালবাদা সুগভীর

তার, তবু,—দে কি ঠিক আমার এ স্নেহের মতন १---বছ মানসিকে গড়া ? বছ দৈব আখাসের বাসা ?--বিশ্বাসের স্বর্গবায়ু ? দীর্ঘশাস-সঞ্জীবিত আশা ?----অকল্যাণ-আশকায় চিরকাল আঁথিজল ফেলা ?---ছশ্চিস্তায় স্পন্দমান १--অসম্ভব। তবু জানি মনে আমি কিছু নহি চিরদিন; তোমা সম শান্তশীলা বধু, ঘবে আনে পুত্র, এ আমার আজন্মের সাধ।

আয়ুশ্বতী

মা আমার ! মা আমার ! মাতৃহীনা মা পেয়েছে ফিরে। ঋষিদাসী

वर्षा ! जूमि नाहि कान, वृक्ष क्षरवित की वर्षणा ; পরিপ্রান্ত, অবসন্ন; নূতনে আপন করি' নিতে কত যে আয়াস তার ! পুরাতনে প্রাণপণ বলে আঁকড়িয়া ধরে থাকে; ভুলেছিমু সস্তানেরে লয়ে এতদিন; তাহারেও দিতে হবে নৃতনেরে সঁপে,— সময় এসেছে , সা—আ! নৃতনে ও প্রাতনে, হার, षन्य यनि ८वरथ याम्र, नृज्दनित र'दव अम्र, कानि। পোড়া চোথে আসে জল, মনে কিছু কর না মা, তুমি, বুড়া বয়সের এই ধারা; তবে আসি; কাল তবে---

(শিরশ্চুখন ও প্রস্থান)

আযাধন

একি ! বিবর্ণ বে মুখ ! মা তোমারে বলেছেন কিছু ? আয়ুমতী

कहे ? किছू ना-किছू ना ; विवर्ग हामाह नाकि पूर्व ?

তবে সে পিতার কথা ভেবে; যুদ্ধের এ আবাহনে কান যদি না দিতেন তিনি, বড় ভাল হত তবে, বিশেষতঃ আন্ধ রাত্রে, হর্ঘটনা ঘটে যদি কোনো,— দূর হোক হর্ভাবনা, ওকথা ভাবিতে নাই আন্ধ; আন্ধিকার এই রাত্রি কাটাইব দোহে মিলি মোরা কালিকার কথা ভাবি, অরুণ-উদয়-প্রতীক্ষার, গভীর রহস্তে-ঘেরা সংমিলিত হুটি জীবনের ভবিষ্যের কথা ভাবি' স্বপ্নে স্থপ্নে পোহাব রজনী।

আর্যাধন

অনাগত দিবসের প্রাণময় কিরণ-ম্পন্দন !
—এথনি সে আরম্ভ হয়েছে !

আয়ুমতী

পূর্বাকাশে মেবন্তর উঠিল গোলাপী হ'রে—এরি মধ্যে !—আমাদের লাগি !
আর্যাধন

দিন এসে চলে যাবে; তারপর, আসিবে চক্রমা সন্ধ্যাতারা সঙ্গে লরে!

আযুমতী

তারপর ধীরে ধীরে ধীরে আবার সে চক্রতারা মিলাইবে দিনের আলোকে ! দেখ, মনে হর, যেন, আজ রাত্রে পৃথিবী আকাশ স্তব্ধ হ'বে রবে ক্ষণকাল পবিত্র-গন্তীর এই ছটি স্কারের সম্মিলন-সন্ধিক্ষণে ; মন্ত বায়ু হবে স্থির; ঘরে ঘরে শ্যাতলে জাগিয়া শিশুরা জিজ্ঞাসিবে জননীরে—কেন হেন শুরুতা চৌদিকে ? আর্যাধন

নৌবংও ধ্বনিবে নভে; শুনিবে সে, কান আছে যার।
আয়হাতী

আর মৃহ মধুস্বর—যত সে তরুণ দেবতার !

আর্যাধন

চন্দ্রালোকে আত্মায় আত্মায় বিবাহ নন্দন-বনে!

আয়ুশ্মতী

আর যত মৃত প্রেমিকের জলে হলে জাগরণ!
আর, আমি না উঠিতে জেগে, দেবতারা একে একে
এসে, মোর শ্যাপাশে, মৌনে রেথে যাবে আশীর্কাদী!—
অপূর্ব্ব, উজ্জ্বণ, মনোহর! মোরা আজ বড় স্থা;
কত লোক এজগতে হুঃথে দিন করিছে যাপন,
মোরা দোঁহে তবু স্থা! একি গো অস্তার ?

আগ্যধন

কি অস্থার গ

আতিশয় আনন্দের—অন্তায় কি আছে তার ?
আয়ুশ্বতী

বল

মোরে, প্রির! বেইকণে মনে মনে মনটি তোমার ফেলিল স্বীকার ক'বে ভাল সে বেসেছে একজনে,— সেইকণ—সেকি রাজি শু—সেকি দিন গু

আৰ্য্যখন

কেমনে বর্ণিব ?

দিন সে—কিবা সে রাত্রি; মনে হর, যেন সেইকণে
অরুণ উদর হ'ল,—সেইকণে শৃশুতার মাঝে
নক্তরেও হ'ল আবির্ভাব; উজ্জল-জাজ্জল, শুল্র।
মাড়-গর্জ-শ্যা-তলে হ'ল যবে জীবন-সঞ্চার
অক্ট হু' আঁখি দিয়ে তোমারেই খুঁজেছি সেদিন;
ভূমিষ্ঠ হইরা, হার, কেঁদেছিল তোমারি লাগিয়া;
তোমারি লাগিয়া বৃত্তি বাহিবার ছিল প্রযোজন •

ভোষারি লাগিয়া বৃঝি, বাঁচিবার ছিল প্রয়েজন; ভারপর দিনে দিনে, বাড়িয়াছি, বাসিয়াছি ভাল—
শিররে-সোনার-কাঠি গরের সে রাজকভাটিরে,
আজ যেন মনে হয় রয়েছে সে ভোষাতে বিলীন,
ভোষারি হু' আঁথি দিয়ে সেই কলা দেখিছে আমার।

আযুশ্বতী

ভাল তবে বাসিতে সে রাজকন্সাটিরে; মোরে নয়!

আৰ্য্যধন

লক্ষ কাহিনীর মাঝে তুমি ছিলে লক্ষ রূপ ধরে।

আয়ুশ্বতী

আমার এ কুদ্র হিরাথানি—আশ্চর্য এ! নিতি নিতি প্রকাশের —বিকাশের—পুলকের কি এক বারতা পাশে আসি এর মাঝে স্থ্য-অন্ত-কালে—প্রতিদিন; লক্ষ্য করিরাছি আমি;— সে এক আশ্চর্য্য অন্তভৃতি! সে যেন গো চকোরের চন্দ্রলোক-যাতা গুনিবার স্বর্গের তোরণ দিয়া, আনন্দে রোমাঞ্চ সারা দেহে ! হায় ,—পিতা যদি—আজ—

আর্যাধন

আজিকার দিনে আয়ুমতী

দূর কর হুর্ভাবনা তুমি।

আয়ুশ্বতী

नित्राशाम-कित्त यनि-

(মন্দির-সোপানে গিয়া করজোড়ে)

দেবি ! দেবি ! শক্তিরূপা দেবি ! নমি তোরে ভক্তি ভরে;
লিছবির যুদ্ধ হতে নিরাপদে ফিরাও পিতারে।
হেথা মোরা হ'টি প্রাণী ভাসি আজ যে আনন্দ-শ্রোতে
সে প্রোত বারেক আসে মানবের মর্ত্তা এ জীবনে।
আমাদের হ'জনের কালি শুভ বিবাহের দিন
আকস্মিক হর্ঘানা যেন দেবি ! বিদ্ধ না ঘটার;
সহসা না দের ভেঙে ভকুর এ স্থথের স্থপন
আমাদের। বাই ঘরে, ভিক্ষা মোর জানারে তোমার।
বিজয়ী পিতার মম প্রত্যাবর্তনের প্রতীক্ষার
রব বসি' উৎকর্ণ উদ্গ্রীব। তারপর তুর্যাধ্বনি
নৈশ নিস্তর্কতা বিঁধি জয়বার্তা জানাবে যথন
আমিও স্বার সাথে বাহিরিব পিতারে ভেটিভে
পিতৃ-গর্ক্বে গরবিণী, বিজ্বিনী জরের গৌরবে।
প্রিয়তম ! আসি তবে, বাই গৃহে আজিকার মত।

আৰ্য্যধন

পাজিকার মত; এস।

(আর্মতীর প্রস্থান)

(অন্তস্র্যোর প্রতি একদৃষ্টে চাহিয়া)

হে দেবতা! জ্যোতি অন্তমান্!
আশীর্কাদ কর তুমি আমারে ও আমার প্রিরারে
অন্তাচলচ্ড়া হ'তে। কাল পন ভাস্বর প্রভাতে
স্বর্ণে রঞ্জিবে যবে তরলিত উদর-সাগর,
আমাদের ত্জনের পরে বর্ষিয়ো রশ্মিছটো
মৌন মহিমার, অপরূপ;—লাবণ্যের লাজাঞ্জলি।
কিন্ধা যুগলের শিরে বুলাইয়ো পবিত্র ও কর।
(নেপথ্যে দরে জর্থবনি)

কিসের এ কোলাহল ?

(নাগরিকের প্রবেশ)

নাগরিক

জিং! জিং! আমাদের জিং! ওই দেখ! শস্ত্রপাণি কন্ধার্কা করী প্রঞ্জর! জন্মগর্কে উদ্ভাসিত! ছত্রভঙ্গ পলার লিচ্ছবি! (অদুরে জন্ধবনি)

আর্য্যধন

ষাই এবে অন্তরালে আমি; দেথিব অপূর্ব্ব দৃষ্ঠ,— পিতা ও কপ্তার ভেট,—বিজয়ান্তে আনন্দ-মিশন। (অন্তরাদে গমন) নানা শ্রেণীর সৈনিক ও নাগরিক আনন্দে কোলাংল করিতে করিতে দলে দলে ক্রতবেগে রঙ্গমঞ্চে আবিভূতি ও তিরোহিত হইল। শেষে কয়েকজন নাগরিকের স্বন্ধার ইয়া উন্মত তরবারি হত্তে প্রঞ্জয়ের প্রবেশ। ঠিক এই সময়ে গৃহাভাত্তর হইতে শহ্মধনি করিতে করিতে সহচরী-পরিবেষ্টিতা আয়ুম্মতী প্রবেশ করিলেন।)

পুরঞ্জর

ब्रुं !--ब्रुं !

জনৈক লোক

मुद्धा भात्र भूतक्षत्र,— एनथ, एनथ, धत्र।

২য় লোক

কোথাও লেগেছে চোট,—যুদ্ধকালে হয়নি থেয়াল, এখন ক'বেছে কাবু।

৩য় লোক

ভিড় ছাড়—তফাৎ—তফাৎ।

(আর্য্যধনের প্রবেশ; আর্য্যধন ও আয়্মতী পুরঞ্জরকে ধরিয়া রহিলেন)

পুরঞ্জ

(সাম্লাইয়া)

সর্বনাশ হ'রে গেল, ফিরে যাও, ঘরে যাও সবে;
বে কাজ করিতে হ'বে—নিজ হাতে আমায় এখন—
নির্জনে সে হ'বে ভাল; যাও বন্ধগণ। আয়ুমতী!
তুমি থাক, আর্যাখন! আর তুমি থাক, এই গানে;
এখন যা' কাজ,—তাহা আমাদের তিনটিকে নিরে!

স্বর্চস্

(ভিড় ঠেলিয়া পুরঞ্জয়ের কাছে আদিয়া)
চলিয়া যাবার আগে, জেনে বেতে চায় এয়া সবে,—
চোট তো লাগেনি কোথা' ?

পুরঞ্জয় লাগেনিক'

লাগেনিক'—বাহিরে সে চোট। স্ববর্চস

বিদায় এখন তবে; তব তরে বিজয়-মুকুট লয়ে সবে ফিরিব আবার; এখন বিদায় হই। (আয়ুমতী, আর্য্যধন ও পুরঞ্জয় ব্যতীত সকলের প্রস্থান)

পুরঞ্জয়

আর্য্যখন! আর্ত্মতী! যে দারুণ—যে বিষম কথা বাধ্য হয়ে হইবে বলিতে, সংক্ষেপে সে বলি, শোনো; যুদ্ধযাত্রাকালে যবে দেবীরে স্থধান্থ ফলাফল,— কহিলেন দেবী মোরে দৈব ভাষে "শোনো পুরঞ্জয়! লিচ্ছবির সহ রণে নিশ্চয় তোমার হবে জয়; বৈশালীরে রক্ষা আজি করিবে তোমারি তরবার, কিন্তু যবে জয় লভি' ফিরিবে আলয়ে আপনার,— তথন প্রথম যারে দেখিবে সমূথে নিজ ঘারে,— হোক পশু, হোক্ নর,—বলি দিতে হবে, জেন তারে।" —তুই বাছা—তুই আয়ুম্মতী—সর্বাগ্রে ভেটিলি মোরে আজ।—দেবী! দেবী! দেবী! এই তবে তোমার আদেশ সন্তানে সে বলি দিবে শত্রু হ'তে রক্ষিল বে দেশ।

আর্যাধন

হ'বে না সে বৈশালীতে; যতক্ষণ আমি বেঁচে আছি,—
দেহে মোর আছে প্রাণ,—শিরার শোণিত,—হ'বে না সে।
দেবদেবী মানিনেকো, দৈববাণী—গ্রাহ্ম সে করিনে
দেবতা অক্সার যদি বলে; কি বিধানে, কি বিচারে
কোন্ অধিকারে, সাধিবে এ কাজ আর্যা ? কহ তুমি;
করেছ স্থদেশ রক্ষা, তাই বলে' সস্তানে বধিবে ?
সে নির্দোষ—কী করেছে ? কোন্ দোষে মৃত্যুদণ্ড তার ?
তার প্রাণ বলি দিবে ? বৈশালীর লাগি' ? এত দাম
বৈশালীর ? ক্ষুত্র হ'তে ক্ষুত্রতম রক্তবিন্দু তার
ঢের বেশী ম্ল্যবান জগতের শ্রেষ্ঠ রাজ্য হ'তে।
অন্তুত পূজারী তুমি,—বলি-পশু আগন সস্তান!

পুরঞ্জয়

রকা কর-বন্ধ কর প্রগণ্ভ প্রণাপ !

আর্য্যধন

ভেবে দেখ,

ওরে বধি' বধিবে হজনে; মরে গেলে আয়ুমতী
তার পর বেঁচে থাকা—প্রাণহীন জড়ের জগতে—
ভেবেছ সন্তব তুমি—মোর পক্ষে ? আর্য্য পুরশ্ধর !
আমি যাব; সেই শোকে মা আমার মরিবে অকালে,—
বধুবরণের লাগি' সাজার বরণভালা যেই
নিশ্ভিত্ত-আনন্দে আজি উৎসব-মগন গৃহমাঝে।

আর তুমি ? এ বয়সে কোথা হায় লভিবে সান্ধনা ? কাল প্রাতে অসি, বর্ম, ধফু:শর হ'বেনা দোসর, স্থাবে না কোনো কথা শৃত্তগর্ভ সাব্দোয়া তোমার ! তবু তুমি দিবে বলি ! দিবে বলি ভবিষ্যের আশা, চর্ণ করি' ছ'জনের হৃদয়ের স্বপন-সাধনা ? ছিন্ন কবি হুটি জীবনের মিলনের স্বর্ণ-ডোর 📍 মুছে দিবে আনন্দের লিপি তঃখভাগী দোসবের 📍 ভেবে রেখেছিম্ম মনে যেই পাণি করিব গ্রহণ আপনার পাণিপুটে, শিথিল সে হইবে না কভু.--যতদিন মৃত্যু তারে না কবে শিথিল। আর তুমি শিথিল করিয়া তারে দিতে চাও গ্রহণের ক্ষণে ? ধেয়ানে যা গড়েছিত্ব বহু নিশি জাগি'—ভেঙে দিৰে ? আমি বলিতেছি, আর্য্য, গ্রাহ্ম তুমি কর'না দেবতা: শৃক্তগর্ভ দেবলোক—বিচাবের আশা নাই হোথা : আর যদি, বুদ্ধ ৷ তুমি দেবতার না দেথ অক্সায় তোমার অভায় কাজে আজ তবে আমি দিব বাধা ৷ সম্ভান-হত্যার পাপে লিপ্ত তুমি হইবার আগে শুভার্থী তোমার আমি, নিজ হাতে বধিব তোমারে।

পুরঞ্জয়

বংস ! কাজ কি সহজ কিছু হ'ল—কথাতে তোমার ?
সহজে এ দেবঋণ শোধিবার না দেখি উপায় ;
লব্ধ জয়,—প্রতিশ্রুত মূল্য দিতে হবে সে এখন ।
মর্ত্ত্য নর—কী বুঝিবে দেবতার আমোদ বিধান ?—

বে বিধানে স্থ্য চলে—অপথে পবন পান্ন পথ !
তবু—তবু—নাহি জানি—কোন্ প্রাণে—যে রক্ত
আমারি রক্ত—

নিজ হাতে. সেই রক্তপাত—কেমনে করিব আমি 🕈 কুল্লম্বরে যেই দিনই কিছু আমি বলেছি বাছারে সেই দিনই পারিনি ঘুমাতে রাতে,—সেই আয়ুম্মতী; মাতৃহীন সম্থান আমাৰ, মায়েৰ স্মিরিতি মেয়ে ! আমার সে মৃতপ্রিয়া রেখে গেছে বহু চিহ্ন তার ওর মাঝে—বহু শ্বতি; সেই হাসি, সেই কণ্ঠন্বর। সেই ধারা ! সেই সে ধবণ !--পুবাতন--পরিচিত। ওরে যদি করি বধ ছই নারী হত তবে হবে : পবিত্র । পবিত্র তুই মায়েব-আভাসে-ভবা মেয়ে। তোর মৃত্যু হায় বংদে ৷ সে যে তোর মায়েরও মরণ : মূর্ত্তি ধরে আজো যে রয়েছে তোর মাঝে, সেই নারী। সংমিলিত আমাদের জীবনেব ধাবা, থেমে যাবে এতদুর এসে—জগতের আদিকাল হ'তে। হায়। আর আমি

 এর পবে শুন্ত গৃহে কী পাব আখাদ সন্ধ্যা-অন্ধকারে যবে বর্ষাধাবা ঝবিবে ঝর্মর. की माञ्चना बहिरव उथन ? वांচाखिह देवणामीरव ? সস্তান থোয়ায়ে গাভ স্বদেশীর প্রশংসা-গুঞ্জন গ যশের মুকুট পবা-সন্তানের রক্তসিক্ত হাতে ? তার চেয়ে, মৃত্যু ! তুমি, বেঁধ বাণে এই মুমুর্বরে ! (प्रवी ! (प्रवी ! विकास प्रवा यि इस नतवि । বিজয়ী সে দিক নিজ প্রাণ, আজ্ঞা কর, আজ্ঞা কর।

বুদ্ধের এ রক্তধারা—পাংগু ব'লে গ্রাহ্থ কি হবে না ? কিম্বা চাহ তপ্ত রক্তধারা—রক্তজ্ঞবা সম লাল ? বল, দেবী দয়া করি, উত্তরের আছি প্রতীক্ষার।

(मिन्तित क्षांत श्रृक्विव कक्ष त्रिक्त)

পুরঞ্জয়

নিৰ্মাক ! নিৰ্মাক দেবা !

আয়ুশ্বতী আমার বক্তবা আছে পিতা ! পুরঞ্জয়

বল বংসে !

আযুম্ম তী

প্রথম শুনিমু যবে দারণ ওকথা,—
শুনিমু তোমারি মুথে, নারিমু বুঝিতে যেন ঠিক,
বজ্রাহত রহিমু দাঁড়ারে! ক্রমে বুঝিলাম সব
ধীরে ধীরে সব কথা পরিষ্কার হ'য়ে যেন এল;
বুঝিলাম, শক্র হ'তে রক্ষা তুমি করেছ স্বদেশ,—
বলি দিতে হ'বে তাই একমাত্র সম্ভান তোমারি।
ভাবিলাম মনে মনে, "মরিব কেমন ক'রে আমি!
পিতা মোর কেমনে বা কাটিবেন মোরে নিজ হাতে!
যেই হাতে একদিন শৃষ্টে মোবে করিয়া উৎক্ষেপ
ধরেছেন সকোতুকে ধেলাচ্ছলে অবলীলাক্রমে।
আমি, হায়, একমাত্র সন্তান তাঁহার; ভাই নাই,
নাই বোন; শিশুকালে মাতুহীনা, তাঁহারি বতনে

উঠেছি বাড়িয়া দিনে দিনে, একমাত্র সঙ্গী তাঁর वामि এ निर्कत গहर, मन्नीशेन कीवरनत माथी। আমি না থাকিলে কাছে কে শুনাবে প্রতিদিন, পিতা! দেবতার বন্দনা সন্ধ্যায়, কে স্থাবে গুরু সাঁঝে মান্ত্রের যত সে কথা, যার কথা কহি' তুমি আজো লঘু ক'রে নাও নিজ মন, নয়নের জলে তিতি:--ব্যক্ত করি' গুপ্ত শোক। এ বুদ্ধ বয়সে হায় পিতা. অযত্ন তোমার যদি হয়, মরেও পাবনা শান্তি তবে। হায়, তাই ভাবি তোমার ভাবনা সব আগে। তার পর.—মনে মনে যে পেলেছে সোনাব সংসার.— রাত্তি জেগে বদে আছে সোনালি মেঘেব প্রতীক্ষায় পুর্বদিক পানে চেয়ে, সহসা যে আশাহত আজ,— ভাবিলাম তার কথা। কিন্তু, কাজ নাই সে কথায়, সে কথা লুকানো থাক হৃদয়ের তপ্ত হুটি নীড়ে। প্রিয়তম। সে স্থপন নিভান্তই বার্থ যদি হয়.---তাই হোক; সে কথা তুলোনা তবে আর, ভোলা ভালো এখন সে স্থন্ধ স্থপন। ভাবি আমি. এর পর কেমনে কী ভাবে তুমি, হায়, জগতে কাটাবে কাল ভগ্ন এ হাদ্য় লয়ে; পাতিতে কি পারিবে সংসার ? ছটি জাবনের স্ত্র-এমনি সে গিয়েছে জড়ায়ে এক সাথে, দিনে, দিনে !--এখন সে একটি ছিঁ ডিলে আরটিও হয়তো ছিঁড়িবে; তাই ভাবি, তাই ভাবি। আর ভাবি মরে-যাওয়া সে কী ভয়ন্ধর-কী কঠিন। আমি যদি হইতাম সক্ষোজাত ক্ষুত্ৰ এক শিশু

আলোকে কণেক হেসে পরক্ষণে বেতাম মরিয়া. এত সুকঠিন তবে হত না মরণ : কিম্বা যদি বুদ্ধ কালে হ'ত মৃত্যু—উপবন শ্মশান যথন :---নীববে যেতাম চলে তারালোকে. বিনা অশ্রপাতে। কিন্ত হার। শিরায় শিরায় যবে আনন্দ-স্পন্দন মনে মনে পৃথিবীব নানা স্থপ সম্ভোগের সাধ এ কিশোর কালে হায়, নতনের নেশা নিয়ে চোখে আচৰিতে চ'লে যাওয়া ৷ আলোকের আলয় ফেলিরা ছায়া হ'য়ে শৃত্যে ফেরা,--কাকলি-কুজন-হীন দেশে ! শ্বশান-অশথ-ছায়ে ভেসে ফেবা বৈতরণী-জলে জীর্ণ পর্ণ সম. হায়। শোনা তথ মতের নিখাস ! মরণ আসর মোর। ওগো প্রিয়। ওগো প্রিরতম। আর তো সরম নাই তোমারে জানাতে এ সময় হৃদয়ের সব সাধ: ইচ্ছা ছিল ওই তব বুকে নিজেরে দ্বিয়া দিতে, পরশের পরম রভসে ভূবে যেতে ধীরে ধাঁরে, হরষের নিবিড় নিশাথে। সম্ভানেব ছিল সাধ আলৈশব মনের গোপনে. ছিল সাধ সঁপিতে তা' সবে একে একে অঙ্কে তব. ছিল সাধ জন্ত দিতে ভাবী বার অদস্ত শিশুরে, ভেবেছিম্ব ভাবী কোনো কবি পুষ্ট হ'বে স্বয়েত মোর। किहरे र'नना रात्र। याउ र'न ककारन हिनता: অনাভাত পুষ্প সম অকলত্ক অমান জীবন, অকালে সে ভূবে যাবে মরণের মৌন অন্ধকারে। সব কথা ভাবিয়াছি, মুহুর্তে জেগেছে প্রাণে সব;

তবু, তবু মনে হয়, দূব হ'তে এদেছে আহ্বান,— কানে কানে কহিছে কে ! কে আমারে ডাকে যেন 'আর !' মক্র মৃত্দু সেই অর। এ যেন অর্গেব ডাক। পিতার মমতা-পাশ, পতিপ্রেম, সম্ভানেব সাধ, সকলেব চেয়ে বড়.—স্ব চেয়ে বড় এ আহ্বান! মনে হয় বিচার-বিতর্ক-ভোলা এই সে আহ্বানে পঙ্গু করে পর্বত লহ্মন, আঁথি মূদি' নত করি' শির। বুঝি এ আহবান জগতের তপদী আন্মার উদ্ধবাহ, উদ্ধৃথ! এ আহ্বান স্তীর চিতার. জগতের তর্গমচারীর সংমিলিত এ আহ্বান.— মৃত্যুতে অমর যারা,—দেই সব বীরের এ ডাক! পারিব মরিতে আমি, এ পাত্র কবিব আমি পান। চোথে মোর নাই জল. প্রাণে নাই ভয়ের স্পন্দন. বন্ধ হ'য়ে যাবে,—তবু হুৎপিও দোণে শাস্ত ভালে! মনে হয়—যেন কারা শুন্তে মোরে নিতে চায় তুলে, কে কুমাবী বেড়িয়াছে কণ্ঠ মোব নিজ ভুজপাশে. কে কিশোরী পাতু হাসি হাসে মোর পানে চেয়ে চেয়ে! এমন মবণ হয় কার १—হেন গৌরবের মৃত্যু १ তাথ তোরা বৈশালীর লোক ৷ বৈশালী দে রক্ষা হল, व्यामि मतिलाम : त्यारत विन निरम-मूक इन तम् ! ছঃথ কিছু নাই পিতা, আশীর্কাদ নিয়েছি যেমন-শির পেতে চিরদিন, তেমনি নেব এ অস্ত্রাঘাত। ব্যথা, ওগো! সহিতে রহিলে তুমি, পিতা; আমার এ ক্ষণিক বেদনা,—তাব সনে তুলনার। স্বর পিতা

শার আজি, আছে যত সম্থানবলিব অবদান
পুবাণে ও ইতিহাসে, জীবনেব মহাক্ষণে যাবা
কর্তব্যেব নির্দেশেতে সম্থানে বিধিল নিজ হাতে।
চল গৃহে, গৃহ-বেদিকায়। যোদ্ধা তৃমি পিতা মোৰ
তুমি জান কোণায় হানিলে অস মবিব সহজে,
এইথানে, নয় ? দেখো, চুইবাব না হয় হানিতে।
গৌববেব এ মবল, তুদ্ধ বাঁচা এব তুলনায়!
(পুবঞ্জয় ও আযুম্মী সিঁড়িতে উঠিতে লাগিলেন)

আগ্যধন

আয়ুমতী!

আয়ুমূতী

হাগ বন্ধ। আব তুমি ডেকনা পিছনে, মরণেবে চলেছি ববিতে।

(প্রস্থান)

(রঙ্গমঞ্চ অল্লে অল্লেকার ১ইরা আসিল। সমস্ত নিস্তব্ধ) আর্যাধন

क्लि कि डिविंग क्ह ?-

করিল চীংক।র সে কি ?—না, না, সে তো কাঁদিবার নয়; এখনো নিত্তর সব, নিভ অত্তে মৃত্যু নোব হির।

(প্রস্থান)

(জন্নধনি করিতে কবিতে নাগবিকগণের প্রবেশ; বিজন্ম-মুক্ট হন্তে স্বর্জদেব প্রবেশ)

নাগরিকগণ

क्य क्य श्वक्य । दिनानीत (अर्थ दीत क्य ।

(ধীরে ধীরে দার খুলিয়া পুরঞ্জয় গৃহ-সোপনে আসিরা দাঁ**ড়াইলেন**; হাতে ও বস্তে রক্তচিহ্ন।)

পুরঞ্জয়

বন্ধগণ ৷ আমি আজ তোমাদের জয়োলাস মাঝে বাজাব না বিসম্বাদী সূর.—নিজের শোকের কথা ক'য়ে: সামাজ্যের আনন্দের দিনে কুদ্র সংসারের ছ:খকথা.--দমন করিতে চাই আপনার মনে; শুধু এই রক্তদিক্ত কর করিয়া উগ্যত উর্দ্ধে জানাব একটি কথা। দেবতার অলঙ্ঘ্য আদেশ হ'রেছিল মোর 'পরে.-জ্মী হ'লে লিচ্ছবির রণে ফিরে এসে নিজ্গুহে যাহারে দেখিব সব আগে বলি তারে হ'বে দিতে আপনার হাতে দেবোদেশে। ভেটিলাম যারে. হায়. সে আমার আপন সম্ভান। অলজ্যা দেবের আজা: তাই তারে এই মাত্র আমি বলি দিছি দেবোদেশে, কাট্যাছি একটি আঘাতে। মনে হয়, পায়নি অধিক বাথা আয়ন্মতী মোর। এই যে রক্তের শেখা হাতে, উত্তরীয়ে,--এ আমার ক্তার বুকের রক্ত,—একমাত্র সন্থানের লোহ। পুত্র নাই, পত্নী পরলোকে, সংসারে নাহিক কেই; নি:সঙ্গ নির্ভর-হারা ছুই হাতে তবু লব আমি জয়ের মুকুটখানি: জয়ী আমি,—পরিব সে শিরে। তারপর একদিন শিথিল-শাতল হাত হ'তে খসি' সে পড়িবে ভূমে, স্মৃতিশেষ হ'বে মোর নাম; সেই অনাগত কালে মনে রেখো, হে বৈশাণীবাসী।

আমি রক্ষা করেছিত্ব তোমাদের প্রির বাস্তপৃমি
সমৃদ্ধ এ বৈশালী প্রীরে। আর মনে রেখ, হার,
বিনা হু:খে হরনি সে কাজ, হর নি সে বিনা শোকে।
(নি:শব্দে ক্রমশ ভিড় সরিরা গোল, মন্দিরের হার খুলিয়া বাক্সিদ্ধা
প্রবেশ করিলেন। প্রঞ্জয় ও বাক্সিদ্ধা পরস্পরের প্রতি
একদৃষ্টে তাকাইয়া থাকিতে থাকিতে ধীরে ধীরে
যবনিকা পড়িল।)

সবুজ সমাধি

পাত্ৰ ও পাত্ৰী

ইয়স্ত ... চীনসমাট
হান্চীন্ থা ... তাতার সর্দার
মোংস্থ ... চীনসমাটের একজন অমাত্য
শাওকীন্ ... রুষক কন্তা; পরে রাণী
মুখ্য অমাত্য, তাতার দৃত, প্রতিহারী প্রভৃতি।

সৰুজ সমাথি

প্রস্তাবনা

হান্চীন্ থাঁ

শীতের বাতাস এসেছে আজিকে
কাঁপারে ঘাসের বন,—
পশ্মী আমার শিবিরের মাঝে
পশিছে অফুক্রণ।
নিশীথ চাঁদেরে বিরহী সিপাহী
শোনায় ব্যাকুল বাঁশী,
কুৎসিত যত কুটিরের পরে
জোছনার মান হাসি।

আমি সর্দার, হকুমে আমার শিঙা বাকাইয়া ধরি' লাখ লোক ছোটে যুদ্ধ করিতে মরণ তুচ্চ করি'।

আমি হুণ বংশের হান্টীন্ খাঁ; এই বেলে মাটির মুলুকের প্রাচীন বাসিন্দা; উত্তব-খণ্ডের আমি একলা মালিক। শীকার আমাদের ব্যবসা, যুদ্ধ আমাদের নিত্যকর্ম। চীনসম্রাট উন্কং আমাদের কাছে পরাজয় স্বীকার করেছিল; উইকং আমাদের ভয়ে সন্ধির প্রার্থী হয়েছিল। চীনে হুণে শেষবার বে যুদ্ধটা হ'য়ে গেছে সেই যুদ্ধে হার মেনে চীনসম্রাট আমাব পূর্ব্বপুরুষকে ক্সাদান ক'রে বিবাদ মিটিয়েছিল। এমন কতবাব হ'য়েছে।

সম্প্রতি গৃহবিবাদে আমাদের কিছু কাবু হ'তে হ'রেছিল;
যা' হোক শেষে সকলে আমাকেই সদার বলে মেনে নিয়েছে।
আমার হাতে এখন লাখো লোক। এবার রাজবংশের সঙ্গে
পরিণয়-স্ত্রে আবদ্ধ হবার ইচ্ছায় দক্ষিণে আসা গেছে। সম্রাটের
কাছে কন্তা প্রার্থনা ক'বে কাল এক দূত পাঠিইচি। বল্ডে
পারিনে তিনি আমাদের প্রাচীন দাবা রাখবেন কি না। আমার
লোকেরা সব শীকারে বেরিরেচে। কিছু জুটে গেলেই মঙ্গল;
আমরা তাতারের লোক,—ক্ষেত্ও নেই, খামারও নেই; যা করে
তীর ধন্নক।

(মৌংস্থর প্রবেশ) মৌংস্থ কলিজা শিকারী বাজের মতন চীলের মতন চকু যার,— নষ্টামি, লোভ, ভোষামোদ আর
ছেঁদো কথা যার গলার হার,—
প্রভুর চোখে যে ধূলা দিতে পারে
অধীনের পারে টিপিতে গলা,—
আজীবন তার কত যে স্ববিধা
এক মুথে ভাহা যার না বলা।

এই মোংস্থ যে সম্রাটের অমাত্য হ'রেচেন সে তো এমনি ক'রেই। চাটু অন্ধ্র এম্নি পটুতাব সঙ্গে প্ররোগ ক'রে আসা হ'রেচে যে সম্রাট এখন আরু আমাকে একদণ্ড চোখের আড়াল করতে চান না। আমি নইলে তাঁব আমোদই হয় না। আমার কথায় ওঠেন বসেন। এখন এ রাজ্যে এমন কে আছে যে মোংস্থকে দেখে মাথা না নোরায ?— কে না থাতির করে ? ভরেই হোক আর ভক্তিতেই হোক মোংস্থব সমাদর এখন সর্ব্বতা।—কি বল্লে ?—কেমন ক'রে এমন হ'ল ? মন্ত্র আছে, মন্ত্র আছে।

বৃদ্ধ, বিজ্ঞা, বিজ্ঞাবানের
নীতি উপদেশ করিরা হেলা,
আমার কথার বসায়েছে রাজা
প্রাসাদে রমণীরূপের মেলা।

देन् ! এই यে महात्राच !

(নাবী ও নপুংসক বেষ্টিত সম্রাটের প্রবেশ)
সম্রাট
সাত পুরুবের রাজ্য আমার
রাজ্যে আমার সাত শ' জেলা ঃ

স্বারি সঙ্গে সন্ধি আমার জীবন কেবলি স্থাধ্য মেলা।

শোক'নেই, উদ্বেগ নেই, কোনো বঞ্চাট নেই; সাত পুরুষ কেন—দশ পুরুষ এমনি চলে আসছে। আমার পুর্বপুরুষ মহাত্মা কৌৎ যে দিন এই রাজ্য অধিকার করেন সেই দিন থেকে চতুঃসীমান্তের কোথাও কোনো গোলমাল নেই, আট দিক একেবারে ঠাগু। এতে আমার নিজের বিশেষ কোনো কৃতিত্ব নেই; আমার রাজভক্ত রাজপুরুষদের কল্যাণেই শান্তি হ্বরক্ষিত হচে। প্রাসাদে কিন্তু আর প্রবেশ করতে ইচ্ছা হয় না; পিতৃদেবের স্বর্গারোহণের পরে অন্তঃপুরিকারা স্থানভ্রত হওয়ায় অন্তঃপুর একেবারে শ্রীইন হ'য়ে পড়েছে। আর এই একঘেয়ে জীবন ভাল লাগে না।

মোংস্থ

দেবপুত্র ! আপনি এ কিরপ আজ্ঞা করচেন ? গরীব চাষাও ইচ্ছামত পত্নী গ্রহণ করতে পারে, আর আপনি—যিনি অষ্টদিক-পালের মধ্যে একজন, সাক্ষাৎ দেবতার অংশ, সমস্ত পৃথিবী আপনার অধীন,—আপনি পারবেন না ? অধীনের নিবেদন—রাজ্যের দিকে দিকে বিশ্বস্ত লোক পাঠিরে জাতি-কুল-নির্বিচারে, পনের থেকে কুড়ি বছরের যেখানে যত স্থন্দরী আছে সকলকে রাজান্তগ্রহের ছারার আনা হোক; অস্তঃপুব আবার আনন্দের পুরী হ'রে উঠুক।

সমাট

ঠিক ঠাউরেচ, মৌংস্থ্, ঠিক ঠাউরেচ। নির্বাচনের ভার তোমার উপরেই অর্পিত হ'ল; হকুমনামা আঞ্চই লিখে দেওরা যাচে। দেখ, পাকা জহুরীর মতন, বেশ তন্ন তন্ন করে অবেবণ করবে, উপযুক্ত রত্নের সন্ধান পেলেই সঙ্গে সঙ্গে আমাদের এখানে তার একথানি প্রতিরূপ পাঠাবার ব্যবস্থা করবে। কর্ম্মে গুণপণা দেখাতে পারলে, চাই কি তোমাকে, পুরস্কৃত করবার অবসরগু আমাদের দিতে পার।

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

মোংস্থ সোনাদানা যেটা হাতে এসে পড়ে নিজের ঘরেই ভরি, পাতকের স্রোত বহাই রাজ্যে আইন আমি না ডরি।

শাস্ত্রে বলেচে 'সঞ্চয়ী নাবসীদতি', টাকা কোনো রকমে একবার হাতে এদে পড়লে আর তারে হাতছাড়া করতে আছে १-মরে গেলে লোকে নিন্দা করবে ? ইতিহাসে মন্দ বলবে ?—তার ভয় আমি রাখিনে। রাজার ছকুম মত, বাছা বাছা নিরানকাইটি স্বল্রী, রাজ্য খুঁজে আবিদ্ধার করা গেছে। যারই কন্তাকে রাজার জন্তে নির্বাচন ক'রে সম্মানিত করেছি সেই আমাকে সাধ্যমত অর্থ দিয়ে খুশী করেছে। এই স্থযোগে যে ধন সমাগম হ'য়েছে—তা' নেহাৎ মন্দ নয়। কিন্তু এই পাড়াগেঁয়ে চাষাটার কাছ থেকে কিছুই বা'র করতে পারা গেল না ৷ মেয়ে স্থলরী ৷--আরে তাতে কি ? চীন সাম্রাজ্যে ওর জোড়া নেই! বলি, তা' বল্লে তো আর আমার পেট ভর্বে না। আমায় এক শ' ভরি সোনা দাও,—সম্রাটের কাছে যেমন ক'বে রূপবর্ণনা করতে হয় তা করচি। গরীব ? দিতে পারবে না ? নিজেই মেয়েকে নিয়ে রাজবাদীতে হাজির ছবে ? যাও, গিরে একবার দেখ। আমিও বিনা মংলবে পথ

চলিনে। (ক্র কুঞ্চিত করিয়া) আমিও মেয়েটার একথানা ছবি
বিক্বত করে সমাটের কাছে সদরে পাঠিয়ে দিচিচ। তুলির ছ'
একটানে এম্নি মূর্ব্ভি বদলে দেব বে বাস্,—প্রাসাদে গিয়ে ধর্ণা
দিরে পড়ে থাক্লেও সমাট ওর দিকে ফিরেও চাইবেন না।
দেখি চাষার মেয়ে কেমন রাজবাণী হয়। ছঁঃ! বে নিজের কোট
বজার রাথতে না পারে সে আবার মামুষ ?

(প্রস্থান)

দ্বিতীয় দৃশ্য

চীনের রাজপ্রাসাদ—রাত্রি
(শাওকীন ও পরিচারিকা)
শাওকীন

রয়েছি বাজার প্রাসাদে,—পেমেছি ঠাই, রাজ দরশন তবু মিলিল না হায়! সেতাবটি বিনা সাথী হেথা কেহ নাই, এমন রাত্রি একাকী কাটিয়া যায়।

মার মূথে শুনেছিলুম আমার বেদিন জন্ম হয়, সেই দিন মা
ব্বংগ দেখেছিলেন, যেন জ্যোৎসা এসে তাঁর বৃকে নেমেচে; খানিক
পরেই সে জ্যোৎসা আর বৃকে রইল না, খুলোর উপর গড়িরে
পড়্ল। আমি গরীবের মেয়ে রাজার প্রাসাদে উঠিচি, হর
তো ব্যামর সেই জ্যোৎসার মত আবার ঐ খুলোতেই আমার
নাম্তে হ'বে। তার আগে যদি একবার তাঁকে দেখ্তে পেতুম।
বাবা আমার টাকার মামুষ নন্, রাজার লোককে টাকা দিতে

পারেন্ নি, তাই সে কুৎসিত ব'লে আমার রাজার কাছে বর্ণনা ক'রেচে; আমার ছবিখানা পর্যন্ত বিগ্ড়ে দিরেচে; গোড়াতেই রাজার মন ভাঙিয়ে নিয়েচে। রাজা বথন এদিকে আসেন লোকে আমার সাবধান ক'রে দিরে যায়, আমার সরে যেতে বলে। আমার রাজা,—তথু কুচক্রীর চক্রে পড়ে,—আমার পানে এ পর্যন্ত একবার ফিরেও চাইলেন না। আমি কী হুর্ভাগা,—কী হুর্ভাগা! সমর আর কাট্তে চায় না। এই নিস্তর্ধ রাত, এই জ্যোৎসা,—কেউ নেই। ভাগো সেতারটি সঙ্গে এনেছিল্ম; এখন এই আমার বন্ধু, এই আমার দোসর।

(সেতার বাজাইতে বাজাইতে প্রস্থান) (সম্রাটের সঙ্গে কাপড়ের লঠন হস্তে প্রতীহারীর প্রবেশ)

সমাট

প্রায় শতাধিক কিশোরীকে প্রাসাদে আনা হ'রেচে, কিন্তু, কই ? তেমনতর স্থলরী একজনও দেখা গেলনা। আমাদের দৃষ্টি আকর্ষণ করতে পারে এমন একজনও নেই। নাঃ, বিরক্ত হ'রে গেছি,—সমস্ত ব্যাপারটার উপর বিরক্ত হ'রে যাওয়া গেছে। (নেপথো সেতারের আওয়াজ)ওকি ? কোনো নবাগত স্থলরী সেতার বাজাচেন নাকি ?

প্রতীহারী

ঠিকই অনুমান করা হ'রেচে। আমি এখনি ওঁকে মহারাজের আগমন সংবাদ দিয়ে আস্চি।

সম্রাট

উহঁ, গাড়াও; স্বর্ণ-তোরণের প্রতীহারী, তুমি থোঁক নিম্নে

এস দেখি উনি আমাদের প্রাসাদের কোন্ মহলে বাস করেন ? নাঃ, থাক্, ওকে এইখানেই আস্তে বল।

প্রতাহারী

(শব্দের অভিমুখে)

ওগো! কোন্ ঠাকুবাণী সেতার বান্ধাচ্চেন? সম্রাট আগত, তাঁকে বিধিপূর্বক অভিবাদন করতে আজ্ঞা হোক্। ("কাউ-তাউ" করিতে করিতে শাওকীনের প্রবেশ।)

সমাট

স্বৰ্ণ-তোৰণের প্রতীহাবী! তোমাব মল্মলের লঠনটা ভাল জল্চেনা; এক্টু এই দিকে নিষে এস দেখি!

শা ওকীন

দাসী যদি একটু আগে জান্তে পারত মহারাজ আস্বেন, তবে তাব এটুকু বিলম্বও ঘটত না; দাসীর অজ্ঞানকৃত অপরাধ মার্জনা করুন।

সম্রাট

নিখুঁত !---চমৎকার !-- অপূর্ব্ব স্থলরী ! এমন সৌন্দর্য্য এতদিন কোন্ অন্ধকারে কেমন করে লুকিয়েছিল ?

শাওকীন

দাসীর নাম শাওকীন; চিংতু সহরের কাছে আমাদের বাড়ী। আমার পিতা দবিত্র, কিছু পৈতৃক জমী আছে, তাই চাবে লাগিরে জীবিকা নির্বাহ করেন। আমি গরীৰ গৃহস্থের মেরে, রাজপ্রাসাদের শিষ্টাচার কিছুই জানিন।

সমাট

আশ্র্যা! এই অসাধারণ সৌন্দর্যারাশি এত কাছে ররেছে

অথচ আমরা টের পোইনি, আমাদের চোথেই পড়েনি ?— এতো ভারি আশ্চর্যা !

শাওকীন

অমাত্য মৌংস্থ আমাকে পছল ক'রে আমার ছবি আঁকিরে
নিরেছিলেন: সেই সঙ্গে তিনি আমার পিতাকে বলেছিলেন
"তোমার মেরেকে রাজরাণী ক'রে দিচ্চি, তাব জন্তে আমাকে
এক্শো ভরি সোনা দিতে হ'বে।" বাবা গরীব মামুষ,—
দিতে পারলেন না। অমাত্য সেই জন্তে রাগ ক'বে, সম্রাটের কাছে
পাঠাবার জন্তে আমার যে ছবি আঁকিরেছিলেন, সেই ছবিতে,
আমার চোথের নীচে একটা বিশ্রী কাটা দাগ এঁকে দিলেন।

সমাট

স্বর্ণ-তোরণের প্রতীহাবী! এঁর ছবিথানি আমার চোথের সাম্নে ধর, দেখি।

(প্রতীহারী অনেকগুলি ছবিব ভিতর হইতে বাছিয়া একথানি বাহির কবিল।)

ইদ, এমন স্থানৰ মূর্হি এম্নি ক'বে দাগী কবেছে,—শরৎ শেষের নির্মান ধারা একেবারে ঘোলা ক'রে এঁ কৈচে! (প্রতিহারীর প্রতি) স্থানিতাবণের প্রতীহারী! কোতোয়ালকে জানাও বে আমি অমাত্য মৌংস্কর ছিল্ল মুণ্ড দেখতে ইচ্ছা করিচি।

শাওকীন

দেবপুত্র ৷ আমার ণিঙা গরীব---

সম্রাট

ভবিশ্বতে তাকে কোনো থাজনাই দিতে হ'বে না; আৰু পেকে সে রাজার খণ্ডর। শাওকীন্! আৰু থেকে তুমি রাণী।

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

হানচীন থাঁ

চীন সম্রাট কন্সাদানে সন্মত হ'লেন না; দৃত ফিবে এসেচে; রাজকন্সার বরস অল্ল, হুঁ, ও একটা ছল মাত্র। ইচ্ছা থাক্লে সম্রাট্ অন্ততঃ তাঁর নির্বাচিত স্থলবীদের ভিতব থেকে একজন কাউকে পাঠাতে পারতেন। তা' পাঠালেও আমাদের সন্মানের হানি হত না। না, লোক পাঠেরে দৃতকে ফিরিয়ে আনা যাক্; যুদ্ধই করতে হল দেখ্চি। এতদিনকাব সন্ধিটা ভঙ্গ করতেও মন উঠ্চে না। ব্যাপার কোন্ দিকে গড়ায় দেখা যাক্; হাল্টা ভাল ক'রে ব্যেই চাল্টা চালতে হ'বে।

(প্রস্থান)

(মৌংহ্মর প্রবেশ) মৌংহ্র

সমাটের জন্তে স্থলরী বাছ্তে গিরে বেশ গুছিরে নেওয়া গিইছিল; প্রাণের দারে সব ফেলে আস্তে হ'ল। ভাগ্যিস্ টাকা জমাতে শিখেছিলুম, টাকার জোরেই রাজরোব থেকে মাথা বাঁচিরে পালিরে আসতে পেরেচি, কিন্তু এ মাথা এখন রাখি কোথার?—শাওকীন্টা সব ফাঁস ক'রে দিয়েচে, সব মাটি, সব মাটি। আছো, শাওকীন, দেখা যাবে, শেষে কে হারে আর কে জেতে।—ও: কি হাঁটাই হেঁটেচি, কতদূর যে এসে পড়িচি ভাও ঠিক ব্ৰতে পারচিনে। এই বে – মেলাই বোড়া, মেলাই লোক। ভাভারদের তাঁবু নাকি? হঁ, তাই বটে। (পরিক্রমণপূর্বক নেপথ্যের দিকে চাহিয়া)

ওহে খাঁটিদার! তোমাদের সর্দার হান্চীন্ থাকে বল, যে চীন সমাটের একজন অমাত্য তাঁর সঙ্গে দেখা করতে এসেচেন।

(হান্টীন খাঁর প্রবেশ)

হান্চীন

এই দিকে এস; তুমি কে?

মোংস্থ

আমি চীন সমাটের একজন অনাত্য, আমার নাম মোংস্থ।
দেখুন, সম্রাটের পশ্চিম প্রাসাদে সম্প্রতি একজন পরমা স্থলরী
কিশোরীকে এনে রাখা হ'য়েচে, তার নাম শাওকীন্। আপনার
দৃত যখন আমাদেব সম্রাটের কাছে আপনার স্তাযা প্রস্তাব
জ্ঞাপন কবেন এবং স্থাট রাজকুমাবার বয়সের অল্লতার অছিলার
সে প্রসাব প্রত্যাখান করেন, তখন আমি এই শাওকীনকে
আপনার কাছে পাঠাবার কথা স্থাটকে বলেছিলুম। কিন্তু স্থাট
রাজী হ'লেন না, দেখলুম ওদিকটাতে তাঁর নিজের একটু
দরদ জলেচে। আমি তাঁকে অনেক ব্রিয়ে বলেছিলুম, বলেছিল্ম
বে তৃচ্ছ একজন স্ত্রীলোকের জন্যে, অশাস্তি আনবেন না, তাতার
সন্ধারকে চটাবেন না, যুদ্ধ বাধাবেন না। তাতে তিনি উল্টে
ভয়ানক রেগে আমার প্রাণদণ্ডের আদেশ দিলেন। আমি তো
পালিরে কোনো রক্ষে প্রাণে বেঁচে এসেচি; আসবার সময়
ভাড়াভাড়িতে নজর দেবার মত কিছুই আন্তে পারিনি, কেবল

শাওকীনের এই ছবিখানি আপনার জন্যে, জামার ভিতরে পুকিরে অতি সাবধানে নিয়ে এসেচি। (চিত্র প্রদর্শন)

হান্চীন

চমৎকার—চমৎকার! এমন রূপ মাসুষ্বেব হর ? এমন রূপদী পৃথিবীতে জন্মার? একে পেলে আমি রাজকভাকেও চাইনি। এখনি পত্র লিখে দৃত পাঠাচিত। আপনার সম্রাট রাজী হন ভাল; নইলে বাধ্য হ'য়ে আমায় সন্ধি ভঙ্গ করতে হ'বে। রুসদ ক্রিয়ে এসেচে,—আম্বুক, আমার সৈন্তেরা শীকারলন্ধ মাংসের উপর নির্ভর করে অভিযান করতে পারবে। তারপর একবার দীমান্তটা পার হ'য়ে লোকালয়ের কাছাকাছি গিয়ে পড়তে পারলে রুসদ ভূটিয়ে নেওয়া শক্ত হ'বে না।

দ্বিতীয় দৃশ্য

সমাটের প্রাসাদ

(শাওকীন ও পরিচারিকা)

শাওকীন

বতদিন গুর্ভাগা ছিলুম ততদিন স্বাই দরার চক্ষে দেখত।
সম্রাটের স্থনজরে পড়ে পর্যান্ত সকলেই মনে মনে আমার প্রতি
বিরক্ত। সম্রাট আমার ভালবাসেন, আমার কাছে কাছে রাথেন,
অন্তঃপুরের বাইরে যেতে চান্ না, রাজকার্য্য দেখেন না,—সে
কি আমার দোব! আমি কি বারণ করি। দেখ দেখি আফা
ভো আমিই উদ্যোগ ক'রে, মিনতি ক'রে রাজসভার পাঠিরে
দিলুম, নইলে কি বেতেন ? কিন্তু পাঠালে কি হয়, হয় ভো

এখনি ফিরবেন। (আর্শীর সন্মুখে আসিরা আপনাকে দেখিতে দেখিকে) না প্রায় ঠিকই আছে। (বেশ বিস্তাদে প্রবৃত্ত)

(সম্রাটের প্রবেশ)

সমাট

পশ্চিম প্রাসাদে শাওকীনকে দেখে অবধি যেন মাতাল হ'রে থাকা গেছে, দিনগুলো সব ধেয়ালের ঝোঁকে কেটে যাচে। কতদিন ষে দরবারে যাওয়া হয় নি তা মনেই নেই। আজ, তার উপব, দরবারের শেষ পর্যান্ত হাজির থাক্তে গিয়ে একেবারে বিরক্ত হ'রে যাও গেছে। আর অপেকা করতে পারা গেল না, দেরী সইল না; সভার পোষাকেই একবার ওকে দেখে যাওয়া যাক। ঐ বে; কাছে যাওয়া হ'বে না, এইথান থেকে পুকিয়ে দেখা যাক।

(ধীরে ধীরে ক্রমশঃ শাওকীনের পিছনে আসিয়া)

(স্বগত) বা:! গোল অশীথানির ভিতরে প্রতিবিশ্ব পড়েচে, মনে হ'চেচ যেন গাঁদের অধিষ্ঠাত্রী দেবতা চক্সমণ্ডলে বিরাজ করচে। (স্তব্ধ ভাবে নিরীক্ষণ)

(প্রধান অমাত্যের প্রবেশ)

প্রধান

মন্ত্রীর কাজ মন্ত্রণা দেওরা কেলে রেখে পাশা দাবা, মন্ত্রীর কাজ দরবারে বসি' দেশের ভাবনা ভাবা। এখন এদের আনাগোনা হায়
কেবলি প্রমোদ বনে,
রাজ্য ও রাজা—কাহারো কথাই
পড়ে নাক' আর মনে।

এদিকে হঠাৎ হান্টীন খাঁব দৃত এসে হাজির! হান্টীন খাঁ রাজকুমারীর বদলে শাওকীন দেবীর পাণিগ্রহণ করতে চার; সহজে স্থবিধা না হ'লে যুদ্ধ করবে। কাজেই বাধা হ'রে এক রকম মহারাজের পিছনে পিছনেই, আমাকে অন্তঃপ্রে প্রবেশ করতে হ'ল। (সম্রাটকে দেখিয়া) মহাবাজের কাছে নিবেদন এই যে, উত্তরবাসী বিদেশীদের সর্দার হান্টীন খাঁ, পলারমান মোংস্থর কাছে শাওকীন দেবীর চিত্র দেখে একেবাবে মুগ্ধ হ'রে পড়েছেন, এবং বিবাহেব প্রস্তাব ক'রে মহারাজের কাছে দৃত পাঠিয়েছেন। মহাবাজ যদি শাওকীন দেবীকে তাঁর হাতে অর্পণ করতে সম্মত না হন তো তিনি যুদ্ধ করবেন—চীনসামাজ্য ছারধার করবেন, লিখেচেন।

সমাট

চীনসামাজ্য ছারধার করবেন ?—লিথেচেন ? বটে! সৈম্ভ সামস্ত ররেচে কি জন্তে? তারা রক্ষা করবে না ? সবাই তাতারের ভরে আড়ই? কারো ক্ষমতা নেই? কেউ এই অসভ্য বর্ষবশুলোকে দ্ব ক'রে তাড়িরে দিতে পারবে না ! এই অপমান দাঁড়িরে দেখ্বে? রাজপত্মীর লাখনা অনারাসে সম্ভ করবে? আশ্রিত জীলোককে শক্রর হাতে সঁপে দিরে কাপুরুবের মত বেঁচে থাকবে ?

প্রধান

মহারাজ মার্জনা কববেন, অধীনকে রাজকার্য্যের অন্নরোধে বাধ্য হ'রে বাচালতা অবলঘন করতে হচ্চে। মহারাজের এই অতি প্রেমের কাহিনী দেশ বিদেশে রাষ্ট্র হ'রে পড়েচে; স্বাই জান্তে পেবেচে আপনি অঙ্কলন্ধীর প্রেমে রাজলন্ধীকে অবহেলা করতে আরম্ভ করেচেন। আপনি রাজকার্য্য দেখেন না বলে রাজপুরুষেবাও স্বেচ্ছাচারী হ'রে উঠেচে, রাজ্যময় বিশৃত্বলা। কাজেই বিদেশা বর্জবেরা সাহস পেয়ে গেছে, ভয় দেখিয়ে কাজ হাসিল করবার চেষ্টা করচে। এখন, এ অবস্থায়, শাওকীন দেবীর মায়া ত্যাগ করা ভিয় আব কী উপায় আছে? আমাদের সৈত্য স্থাশিকত নয়, উপযুক্ত সেনাপতির অভাবও অনেক দিন মহাবাজকে জানিয়েচি। এই বিশৃত্বলার মধ্যে তাতারের সঙ্গে যুদ্ধ করতে উত্যত হ'লে পরাজয় অবশ্রন্তাবী। আব, তার উপরে, তাতাবেরা একবার লুটপাট আরম্ভ করলে হর্দশার আর সীমা পরিসীমা থাক্বে না। অন্তত প্রজাদের মুধ্ব চেয়েও শাওকীন দেবীকে পরিত্যাগ করা কর্ত্ব্য।

(প্রতীহাবীর প্রবেশ)

প্রতীহারী

তাতার দৃত রাজদর্শনের জন্তে বাইরে প্রতীক্ষা করচে। সমাট

আস্তে আদেশ কর।

(দুতের প্রবেশ)

দূত

তাতার দর্দার হান্টীর থা মাননীয় চীনসম্রাটকে এই কথাওলি

জ্ঞাপন করবার জন্তে আমাকে পাঠিরেচেন। প্রথম কথা এই বে. চীনসম্রাট তাতারদের দকে সন্ধিস্তত্রে আবদ্ধ: সেই সন্ধির সর্ভ অমুসারে, তাতার সর্দার চীন রাজবংশের কোনো ফুন্দরী মহিলার পাণিগ্রহণের প্রার্থী হ'য়ে চীনসমাটের কাছে প্রস্তাব করে পাঠালে, সমাট ঐ প্রস্তাবে সম্মত হ'তে বাধ্য। বিতীয় কথা এই যে. এইরূপ প্রস্তাব নিয়ে তাতার সন্দারের পক্ষ থেকে হ'বার হ'জন দুত এসে নিরাশ হ'য়ে ফিরে গেছে: চীন-সমাট কন্তাদানে সন্মত হননি। এই ঘটনার পর চীনসমাটের ভূতপূর্ব অমাত্য মৌংস্থ তাতার সন্ধার হান্টীন খাঁকে শাওকীন নামী রাজান্তঃপুরবাদিনী কোনো অব্দরী মহিলার একখানি আলেথ্য দেখিয়েচেন। তৃতীয় কথা এই যে, তাতার সদার এই স্থলবীর পাণিগ্রহণ করতে ইচ্ছুক হ'রে তৃতীয়বার দরবারে দৃত পাঠিয়েচেন। এখন সমাট যদি প্রাচীন সন্তাব রক্ষা করতে চান তবে শাওকীন দেবীকে তাতার শিবিরে পাঠিয়ে দিতে ছিধা করবেন না। সম্রাট যদি এ প্রস্তাবের সন্মত না থাকেন তবে হান্টীন খাঁ, তাঁর সঙ্গত দাবী বজায় করবার জভ্যে চীনরাজ্য আক্রমণ করতে বাধ্য হ'বেন। ভাগ্য নির্ণয় অবশ্য যুদ্ধকেত্রেই হ'বে। মহারাজ ধীরভাবে চারিদিক বিবেচনা ক'রে নিজের অভিপ্রায় জ্ঞাপন করলে আমরা বাধিত হ'ব।

সম্রাট

দুতকে এখন বিশ্রাম গৃহে নিম্নে যাওয়া হোক্।

(দুতের প্রস্থান)

অমাত্য প্রধান! সেনাপতিকে খবর দিন, সান্ধিবিপ্রহিককে খবর দিন; স্বাই একত্র হ'রে, পরামর্শ ক'রে এমন একটা প্র ছির ক'রে ফেলা হোক,—যাতে তাতার সৈপ্তের তর্জ্জনও নিরস্ত হর, শাওকীন দেবীকেও না বর্ধরের হাতে সঁপে দিতে হর।
—ভেবে দেখুন, ভেবে দেখুন।—হ'ল না ? পারলেন না ?—
আমি সহজেই লোকের প্রার্থনা পূর্ণ ক'রে এসেচি, নিতান্ত প্রেরাজন না হ'লে কারো প্রতি কখনো কঠোর ব্যাভার করিনি,
—তার ফলে সকলেই কি আমার ইচ্ছার বিরোধী হ'য়ে উঠ্ল ?—যথন আমাব পিতামহী সম্রাক্তী লুহাও বেঁচেছিলেন,
তাঁর ইচ্ছার বিক্তম্বে কথা কইতে পারে এমন ত্ঃসাহসী একজনও
ছিল না; তাঁর মুখের কথাই ছিল আইন।—ভবিষ্যতে দেখ্ছি
সাম্রাজ্যের ভাব এতগুলো পুক্র মান্ত্রের হাতে না রেখে একজন
মাত্র দ্বীলোকের হাতে রাখলেই সংস্ত সুশৃত্বল হ'রে উঠ্বে!

শাওকীন

মহারাজের মেহেব প্রতিদান নেই; তাঁর অন্থগ্রহের প্রতিদান
— তাও নেই। তবে তাঁর জঙ্গলেব জন্তে, তাঁর প্রজাদের কল্যাণের
জন্তে দাসী মৃত্যুমুধে যেতেও প্রস্তুত। কিন্তু—এই অনুরাগ—এ
আমি কেমন ক'রে ভূল্ব!

রাজা। তোমায় কি বল্ব ? আমিই যে ভূল্তে পারব তা জোর ক'রে বল্তে পারিনে।

প্রধান

্মহারাজ ! অধীনের নিবেদন, পৈতৃক রাজ্য যাতে পরহস্তে না গিয়ে, পুত্র পৌত্রের ভোগে আসে সেই পছাই অবলম্বনীর। দেবীকে অবিলম্বে তাতার শিবিরে পাঠিয়ে দেবার আমোজন করাই সুযুক্তি।

সম্রাট

তবে তাই হোক। দূতের হাতে সঁপে দাও।—আমরা সঙ্গে সঙ্গে যাব,—শাওকীনকে একদিনের পথ এগিয়ে দিয়ে আস্ব; -পাহ্লিং সেতুর এ পারে শেষ বিদার নিয়ে ফিরব।

প্রধান

সর্কনাশ! এতে যে সম্রাটের মর্য্যাদার হানি হ'বে; এমন কি, এর জন্মে এই বর্কার তাতারগুলো পর্যন্ত টিটকারী দিয়ে হাস্বে।

সমাট

হাস্ক্। আমরা আমাদের অমাত্যের সকল অমুরোধই আঞ্চ রেথেচি, অমাত্য কি আমাদের এই অমুরোধটাও রাধ্বেন না ? —যে যাই বলুক, আমরা শাওকীনকে একটা দিনের পথ এগিরে দিয়ে আস্ব—বিদায় নিয়ে আস্ব। তার পর শৃক্ত প্রাসাদে ফিরে আমরণ বিশ্বাস্থাতক মৌংস্কর ব্যাভার অরণ করতে থাকব।

প্রধান

আমাদের মজ্জাগত এই অক্ষমতার জন্তে নিজেদের ধিকার দিতে দিতে, নিতান্ত অনিচ্ছাসত্ত্বে, কেবল লোকক্ষর ধনক্ষর নিবারণ করবার জন্তে, মহারাজকে আশ্রিতবর্জনের মন্ত্রণা দিতে হ'ল। উপার নেই,—তার উপর এই স্ত্রীজাতির জন্তে—বিশেষতঃ রূপবতী রমণীর জন্তে জগতে এ পর্যান্ত অনেক যুদ্ধ হ'য়ে গেছে, অনেক রাজ্য ধ্বংস হয়েচে, অনেক জাতি উৎসর গেছে।—সাহস হয় না—স্ত্রীলোকের জন্তে লোকক্ষরে প্রবৃত্ত হ'তে সাহস হয় না।

শাওকীন

রাজ্যের মঙ্গলের জন্তে বর্জরের হাতে আত্মসমর্শণ করতে চলেচি। যুদ্ধ বাধ্লে কত লোকের সর্জনাশ হ'ত, কত নারী

পতিপুত্র হারাত, দে সর্ব্ধনাশের পথ আমি বন্ধ করতে বাচিচ।—তারা কি আমায় মনে করবে ?—তারা কি আমায় আশীর্বাদ করবে ?—হয়তো করবে; তবু মহারাজের কাছ থেকে বিদায় নিতে আমার বৃক ভেঙে যাচেচ।

(প্রস্থান)

তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

পাহ্লিং সেতু

(শাওকীন, দৃত ও অমুচরগণ)

শাওকীন

(স্বগত:) ও: ! এই আমি,—মহারাজের কাছে মান পেরে-ছিলুম, মর্যাদা পেরেছিলুম, অন্থ্রহ পেরেছিলুম, স্নেহ পেরেছিলুম।
—তাতাব সন্দার লিথেচে, আমায় না পাঠালে রাদ্যা ছারথার করবে; কি সর্বনাশের কথা ! একজনের জন্তে রাজ্যের লোককে খুনজথম করবে!—এই সব বর্বর—এদের কাছে আমায় যেতে হ'বে—এদের সঙ্গে থাক্তে হবে,— এদের খুনী করতে হ'বে! শুনেছি, এরা যে দেশের লোক দে দেশ ভারি ঠাণ্ডা, বরফ পড়ে; কেমন ক'রে সে দেশে থাকব ! ভগবান ! যাকে রূপ দিয়েছ তার কপালে স্থশান্তি লিখ্তে একেবারে ভূলে গেছ !—কি করব ?—
নিরুপায়, নিরুপায়।

(সম্রাট ও অমাত্যগণের প্রবেশ)

সম্রাট

বিদার নেবার সময় এসেচে—এই আমাদের শেষ দেখা।
(অমাত্যদের প্রতি) পারলে না ? শাওকীনকে বর্ধরের হাত

থেকে বাঁচাতে পারলে না ? পত্নীবর্জন ভিন্ন রাজ্যরক্ষার কোনো উপায় ভেবে পেলে না ?— অকর্মণ্য।

(ঘোড়া হইতে নামিয়া শাওকীনের হস্তধারণপূর্বক অশ্রুবিসর্জন ও নাট্যের ছারা পরস্পারের ছঃখ-প্রকাশ)

দূত

দেবি ! একটু ত্রাহিত হ'তে আজ্ঞা হোক ; আকাশ অন্ধকার হ'রে এল, সন্ধ্যার আর বিলম্ব নেই।

শাওকীন

প্রভৃ! আর কবে আপনাকে দেণ্তে পাব! কেমন ক'রে দেথ্তে পাব!—আজ যে রাজার রাণী কাল সে বর্ধরের বাঁদী হবে। প্রাসাদের বেশ এইথেনেই ছেড়ে যেতে চাই, এই উজ্জ্বল সাল্ধ চামড়ার তাঁবুতে একটুও মানাবে না।

দূত

দেবী, আবাব আপনাকে বিরক্ত করতে হ'ল—একটু স্বান্থিত হ'ন স্বত্যস্ত দেরী হ'য়ে যাচেচ।

সম্রাট

না, আর দেরী কিসের ? শাওকীন ! অনেক দুরে চলে যাঞ্চ, কিন্তু দেথ, আমাদের অফুরাগের এই পেলব স্মৃতি রোধের আগুনে যেন নীরস হ'রে না উঠে, অভিমানের স্পর্শে যেন মলিন হয়ে না যায়। আমার অক্ষমতা স্মরণ ক'রে ক্ষমা কোরো,—মনে রেখো।

(শাওকীন ও দ্তের প্রস্থান)

আমার লোকে বলে নুমাট ! চীনরাজ্যের ভাগ্য বিধাতা।

প্ৰধান

মহারাজ! আখন্ত হোন্, আখন্ত হোন্!

সম্রাট

চলে গেল—ভাসিয়ে দিতে হ'ল। এই জগদিখ্যাত প্রাচীর, এই হর্দ্ধ হর্গ শ্রেণী, এই সহস্র সৈত্য সামস্ত—সব মিথ্যা। তাতারের নামে কম্পমান। এতগুলো প্রুমের বৃদ্ধিবল এবং বাছবলে রাজ্য রক্ষা হ'ল না, একটা আশ্রিত স্ত্রীলোককে বলি দিয়ে রাজ্যরক্ষা করতে হ'ল। বীরপুরুষেরা কাপুরুষের মত বেঁচে রইলেন।

প্রধান

মহারাজ প্রাসাদে প্রত্যাবর্তন করতে আজা হোক্। আপনি বিজ্ঞ, গতানুশোচনা যে নিফল সে কথা আপনার অজানা নেই। শাওকীন দেবীর কথা এখন বিশ্বত হওয়াই শ্রেয়।

সমাট

হাদর যদি লোহার হ'ত তাহ'লে বিশ্বত হওয়া যেত, অমাত্য প্রধান, তাহ'লে ভোলা যেত। অজস্র চোথের জল—মুছে শেষ করতে পারচিনে।—আজ, প্রাসাদে ফিরে গিয়ে, তার পরিত্যক্ত ঘরথানিতে, হাজার রোপ্য প্রদীপ আলিয়ে, তার ছবিথানিকে সাম্নে রেখে তার কল্যাণে সারারাত আমি দেবার্চনা করব।

প্ৰধান

এখন তবে প্রাসাদে ফিরে চলুন, দেবী এতক্ষণ বছদুর চলে গেছেন।

(সকলের প্রস্থান)

দ্বিতীয় দৃশ্য

তাতার শিবির

(হানচীন খাঁ, শা ওকান ও তাতারগণ)

হানচীন

চীনসমাট সর্তমত স্থলরী শাওকীন দেবীকে আমার হাতে সমর্পন করেচেন। এঁকে আমি দেশে ফিরেই, সসম্মানে পদ্ধীত্বে বরণ করব। যাক্, ছই দেশের প্রজাই অশান্তির হাত থেকে নিস্তার পেলে। (একজন তাতারের প্রতি) ওহে ছোকরা, সকলকে তাবু ওঠাবার হুকুম জানিয়ে দাও, আজই উত্তরে ফির্তে হ'বে।

(সকলের প্রস্থান)

তৃতীয় দৃশ্য আমুর নদীর উপর নৌকা (হান্টীন খাঁ ও শাওকীন)

শাওকীন

এ কোন্ জায়গা ?

হান্চীন

এই হ'ল ছই রাজ্যের সীমানা; এই বে নদী, একে আমবা বলি কালনাগিনী। এর এক্ল চীনসম্রাটের অধীন, ওক্ল তাতার সর্কারের আয়ন্ত।

শাওকীন

তাতার সর্দার ! এই খানে, আমি আমার দক্ষিণের আত্মীয়দের উদ্দেশে এক অঞ্চলি ফুল ভাসিয়ে দিতে চাই। (ধারে গিয়া) আমার দেবতা, মধুর-উদাব-প্রকৃতি চীনসমাট! তোমার উদ্দেশে এ জীবনে আমাব এই শেষ পূজাঞ্জলি। (নদীতে পতন) পরলোকে তোমারি প্রতীক্ষা—(জলে অদৃশ্য হইয়া গেল)

হান্চীন

(ধরিতে না পারিয়া) গোল—গেল ঘূর্ণিজলে পড়তে না পড়তে একেবারে তলিয়ে চলে গেল! প্রতিজ্ঞা ক'রে বসেছিল—বিদেশী তাতারকে বিবাহ করবে না। আর উপায় নেই। নৌকা ভিড়াও, এই নদীর তীরে শাওকীনের শ্বতিমন্দির প্রতিষ্ঠা করতে হ'বে; তার আগে দেশে ফিরব না। মন্দিরের নাম হবে সবুজ সমাধি। আর সে নেই; চীনসম্রাটকে অকারণে উৎপীড়ন করা হল। কুচক্রী, হতভাগা মৌংস্কই এই অনর্থের মূল্য। (একজন তাতারের প্রতি) দেখ, মৌংস্ককে এখনি বন্দী করে চীনসম্রাটের দরবারে পাঠিয়ে দাও, সেইখানেই ওর উচিত শান্তি হ'বে। ওকে একন্তেও আর আমাদের মধ্যে রাখা হ'বে না। মৌংস্কর মত কুটিল লোককে যে আপ্রর দেবে তার বিপদ পদে পদে।

চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য

পশ্চিম প্রাসাদ

(চীনসমাট ও প্রতিহারী)

সমাট

শাওকীনকে পরেব হাতে তুলে দিয়ে পর্যান্ত আর দরবারে মৃথ দেখাইনি। রাত্রির নিস্তকতাও ভাল লাগে না, মন মেন আরো হতাশ হ'য়ে পড়ে। সান্তনার মধ্যে তাব এই ছবিখানি, এইখানিকে সাম্নে রেখে, এক দৃষ্টে চেয়ে চেয়ে রাত কেটে যায়। (প্রতিহারীর প্রতি) স্বর্ণ-তোরণের প্রতিহারী দেখ, দেখ, এদিকের ধুপটা একেবারে নিবে গেছে, আর একটা জেলে দাও দেখি। সে চোখের আড়াল হ'য়ে ৮লে গেছে, তাই বলে তাকে প্রাণেব আড়াল করতে পারব না; তার এই ছায়াখানিই এখন আমার জীবনের অবলম্বন। ক্লান্তিতে শরীর ভেঙে পড়চে, অথচ ঘুম আসে না। দেখি একটু ঘুমোবার চেষ্টা ক'রে দেখি।

(শয়ন ও নিদ্রাকর্ষণ—স্বপ্নে শাওকীনের আবির্ভাব) শাওকীন

বর্ষর তাতারের। আমায় উত্তর দেশে নিয়ে যেতে চায়; আমি তাদের তাব্ থেকে লুকিয়ে চ'লে এসেচি। এই না মহারাজ ? রাজা আমার। আমি আবার তোমার কাছে ফিরে এসিচি।

(স্বপ্নে একজন তাতার দিপাহীর আবির্ভাব)

সৈনিক

একটু তক্সা এসেছে কি অম্নি পাণিয়েচে! স্ত্রীলোকেব এত সাহস ? আমিও ধড়মড়িয়ে উঠে তার পিছন পিছন ছুট্! ছুট্তে ছুট্তে একেবারে পশ্চিম প্রাসাদের দরক্ষায় এসে পড়েচি—এই না সে ? হঁ, খুব পালানো হয়েচে যে! এখন চল।

(শাওকীনকে গ্রেপ্তার করিয়া অন্তর্গান)

সমাট

(জাগিয়া) যা, অদৃশু হ'য়ে গেল। দিনের বেলায় জেগে থাক্তে, যাকে এত ডেকেও সাড়া পাইনি, স্বপ্নের রূপায় তাকে পেয়েছিল্ম, রাথতে পারল্ম না,—স্বপ্নের সঙ্গে মিলিয়ে গেল। ওই!—বিরহী চক্রবাক্ চীৎকার করচে; আমার এই বেদনার মর্ম শুধু ওই বনের পাথীই ব্রুতে পেরেচে।—চক্রবাকের মতন ছর্ভাগা আর কারো নেই;—উত্তরে ওর তাতার সিপাহীর তীরের ভয়, দক্ষিণে কন্দিবাজদের জালে পড়বার ভয়। নাঃ, আবার ডাকতে স্কর্ক করলে, এই পাথীগুলোর জালায় মনটা আরো থারাপ হয়ে উঠল।

প্রতীহারী

মহারাজ, আপনি দেবতুল্য, আপনি শোকে মলিন হ'রে থাকেন এ আমাদের সম্ভ হর না।

সমাট

এ শোক দমন করবার ক্ষমতা—আমার নেই। আমাকে তোমরা সবাই মিলে কেন এই এক কথা বারস্বার বল ? তোমরা কি শোক হঃথের মর্ম্ম জান না ?—ওই বে পাণীর আওয়াজ এখনি ভন্লে ওতো মুক্লভোজীর আনন্দ কলরব নর।—শাওকীন আমার গৃহ শৃত্য ক'বে চলে গেছে।—হর তো ঠিক এই মুহুর্তে বুনোপাথীর হাহাকাব ভনে আমারি মত সে আকুল হ'রে উঠেচে। স্বর্ণ তোবণেব প্রতীহারী! বল্তে পার—সে এখন কোথার? বল্তে পার ? জান ?

(প্রধান অমাত্যের প্রবেশ)

প্রধান

মহাবাজ, এইমাত্র তাভাব সর্দাবের ত'জন লোক মহারাজের ভূতপূর্ব অমাত্য মৌংস্থকে শৃঙালাবদ্ধ অবস্থার রাজধানীতে এনে হাজির কবেচে। তাভাব সর্দাব লিপেচেন,—এই বিশ্বাস্থাতকই সকল অনর্থের মূল; এ আপনাব আজ্ঞা অমাত্য ক'রে পালিয়েছিল, সেইজতে আপনাব হাতেই একে প্রত্যর্পি কবা হ'য়েচে। নইলে, সর্দারই একে সম্ভিত শান্তি দিতেন। তাভাব সর্দার চীনসম্রাটের সঙ্গে সন্তাব রাধতে ইছুক, সমাটেব অভিপ্রায় ভান্বার জতে দ্ত অপেকা কবচে। সর্দার এই চিটিতে আর একটা সংবাদ দিয়েছেন—শান্তকীন দেবী আব ইংলাকে নেই।

সম্রাট

(অনেকক্ষণ নীরব থাকিয়া) যাও, সকল অনর্থের মূল বিধাসঘাতক মৌংস্লর মূও ছিল্ল ক'রে অভাগিনী শাওকীন দেবীর অতৃপ্ত প্রেতায়ার তৃপ্তার্থে দান করগে।—আর, তাতার দ্তের সন্মানার্থে সমারোহপূর্কক প্রাসাদে ভোজের আয়োজন কবতে ভূল না, যাও।
(অমাত্যের প্রস্থান)

> চক্রথাকের জ্রন্দন গুনি' কানে, কত না অপন জেগে উঠেছিল প্রাণে!

সারারাত শুধু ভেবেছি তাহারি কথা, সে বে বেঁচে নাই জানি নাই সে বারতা। সবৃত্ব সমাধি* আছে শুধু নদী তীরে, সিক্ত তাতার চীনের অঞ্নীবে। বে পটুয়া তার স্থানর ছবি ক'রেছিল হার, মাটি, ছবির মূল্য দিবে সেই বটু নিজের মুগু কাটি'।

যবনিকা

আমুর নদীর বাল্কামর ওটের কেবল একটি মাত্র অংশ শব্দ-সমাজ্য়,
 এই অংশটিকে লোকে এবনও শাওকীন রাশীর সর্ক সমাধি বলে।

দৃষ্টিহারা

পাত্ৰ ও পাত্ৰী

মোহান্ত মহারাজ
তিনজন জন্মান্ধ
অন্ধ স্থবির
পঞ্চম অন্ধ
ষষ্ঠ অন্ধ
তিনজন জপ-পরায়ণা অন্ধ স্ত্রীলোক
অন্ধ স্থবিরা
অন্ধ তরুণী
উন্মাদগ্রন্ত অন্ধ স্ত্রীলোক

তুষ্টিহারা

প্রথম দৃশ্য

[উর্চ্চে নক্ষত্র-প্রচুর ঐখর্য্য গম্ভীর আকাশ; নিমে অনাদি-কালের অরণা। বনের মধ্যে একজন স্থবির মোহান্ত উপবিষ্ট। মোহাম্বের দেহ মুতবং নিশ্চল; অন্তঃসারশৃত্ত অতি প্রকাণ্ড এবং অতি প্রাচীন এক বটবুক্ষের গায়ে মোহান্তের মাথাট ঈষং হেলিয়া পড়িয়াছে। তাঁহার আনীল ওঠাধর ঈষং বিযুক্ত; मूथथानि এमनि পाः ७वर्ग रा प्रिया छत्र हत्र। हकू निष्णन, দৃষ্টি অর্থহীন; সে দৃষ্টি যেন অনন্ত সন্থাব পরিদৃশ্রমান অংশে আর আবদ্ধ নাই; চক্ষে অসীম হঃথের এবং অপ্রমেয় অশ্রবর্ষণের রক্তচ্চটা। সম্রমাণ্ডিত শুভ্র কেশগুলি সংলিপ্তভাবে গুড়েচ তাঁহার শ্রান্ত ললাটের উপব আসিয়া পড়িয়াছে; ক্ষীণ হাত ছুইখানি ক্রোড়নেশে অঞ্জলিবদ্ধ। মোহান্তের দক্ষিণে, স্থালিত শিলায়, জীর্ণ পল্লবের স্তুপে, এবং হ্রস্ব-স্থ্ল-ক্ষয়গ্রন্ত বৃক্ষমূলে ছয়জন অন্ধ আসীন। বামে ছয়জন স্ত্রীলোক, ইহারাও অন্ধ। উভন্ন দলের মধ্যে একটা সমূলোৎপাটিত প্রকাণ্ড বৃক্ষ এবং কয়েকখণ্ড শাক্তার প্রস্তর।

ত্ত্রীলোকদের মধ্যে তিনজন ক্রন্দনম্বরে অবিশ্রাম স্তোত্রপাঠ করিতেছে; একজন অতিবৃদ্ধা; একজন উন্মাদগ্রস্ত এবং চিরমৌন, তাহার কোলে একটি শিশু নিদ্রিত। একজন অপূর্ব স্থন্দরী, ইংগির কেশরাশি বঞার মত সর্বাবে ছড়াইরা পড়িয়াছে। অনেকেই হাঁটুর উপর কছই রাধিয়া মাথায় হাত দিয়া বদিয়া আছে। অরণ্যভূমির অবিশ্রাম নানা বিচিত্র অনুট শব্দের মাঝখানে থাকিয়াও ইহারা আর বিহবল হইয়া উঠে না। গগনস্পর্শী বনস্পতিদের ভূতলস্পর্শী পল্লব-ভূরিষ্ট শ্রামারমান শাথাগুলি অনাথ অন্ধদিগকে ছায়াদান করিতেছে। মোহাস্থের অদ্বে কয়েকটি মুমুর্ রজনীগন্ধার শীর্ণ মুক্ল মুর্কি হইয়া উঠিয়াছে। বন পল্লবের ঘনঘটা স্থানে স্থানে জ্যোৎসাবিদ্ধ হইলেও অন্ধপুরী অসাধারণ অন্ধকারে সমাচ্ছয়।

প্রথম অন্ধ

কই ? এখনো এলেন না ?

দিতীয় অন্ধ

তুমি আমার ঘুমটা মাট করে দিলে!

প্রথম অন্ধ

আমিও এতক্ষণ ঘুমিয়েই ছিলাম।

তৃতীয় অন্ধ

আমিও ঘুমিয়ে ছিলাম।

প্রথম অন্ধ

এখনো আদ্ছেন না ?

দ্বিতীয় অন্ধ

কই । কোনো দিকে তো কারো পায়ের শব্দ পাইনি।

তৃতীয় অন্ধ

আমাদের আশ্রমে ফিরবারও বোধ হয় সময় হ'রে এল।

প্ৰেথম অন্ধ

আমরা যে কোথার রইছি,—সেইটে একবার জানতে পারলে रुव ।

দ্বিতীয় অন্ধ

উনি যা ওয়ার পর থেকে. সব যেন ঠা গুান্ন কালিরে উঠেছে। প্রথম অন্ধ

আমি জানতে চাই আমরা কোথার।

অন্ধ স্থবির

তোমরা কেউ বলতে পার ? — আমরা এ কোথায় এলাম ? অন্ধ স্থবিরা

অনেককণ ধরে হাঁটা হ'য়েছে: আশ্রম থেকে বোধ হচ্ছে ঢের দুরে এসে পড়িছি।

প্রথম অন্ধ

আ-আ!.....মেরেরা আমাদের সামনে নাকি ?

অন্ধ স্থবিরা

হাঁ: আমরা তোমাদের সম্থটতেই বসে আছি। প্রথম অন্ধ

দাঁড়াও, আমি তোমার কাছে যাই; (উঠিয়া হাঁৎড়াইতে শাগিল) ভূমি কোনখানে ? কথা কও ! তবে তো আন্দান্ত পাব।

অন্ধ স্থবিরা

এই যে, আমরা পাথরের উপর বসিছি।

প্রথম অন্ধ

(অগ্রসর হইতে গিরা হোঁচট লাগিরা) আ:। আমাদের মাঝথানে কি একটা রয়েছে—

বিতীয় অন্ধ

বেথানটাতে থাকা গেছে সেইখানে থাকাই ভাল। তৃতীয় অন্ধ

ভোমরা কোন্ দিকে বসেছ ? আমাদের কাছে আস্বে ?
অন্ধ শ্ববিরা

আমাদের উঠতে ভর হয়।

তৃতীয় অন্ধ

কেন আমাদের এমন তফাৎ করে রেখে গেলেন ? প্রথম অন্ধ

মেরেদের দিক থেকে ঠাকুরের নাম শুন্তে পাছিছ। দ্বিতীয় অন্ধ

হাঁ, তিন বুড়ীতে মিলে নাম জপ কচ্ছে।

প্রথম অন্ধ

এ তোমার সন্ধ্যা আহ্নিকের সময় নয়।

দ্বিতীয় অন্ধ

তোমরা নিজের নিজের ঘরে গিয়ে নাম জপ কর্নেই পার।
(বৃদ্ধারা প্রার্থনা করিতে লাগিল)

তৃতীয় অন্ধ

হাাগা! আমি কার পাশে বসেছি ? আঁগা ? দিতীর অস্ক

বোধ হ'চ্ছে আমিই তোমার পালে। (ছইজনে হাঁৎড়াইতে লাগিল)

তৃতীর অন্ধ

কই! পরম্পরকে ম্পূর্ল পর্যান্ত কর্তে পারা বাচ্ছে না!

প্রথম অন্ধ

তবু বেশী তফাতে নেই!

(ইস্ততন্ত: ঘ্রিতে ঘ্রিতে পঞ্চম অদ্ধের গারে লাঠি লাগায় সে মৃত্র আর্তনাদ করিবা)

বে লোকটা কানে শুন্তে পায় না সেই আমার পাশে বসেছে। বিতীয় অন্ধ

আমি সকল শুনিনে। এই তো আমরা ছজন ছিলাম। প্রথম অন্ধ

আমি বেন এক্টু এক্টু ব্ঝতে পাছিছ। আছো, মেরেদের জিজ্ঞেদা করা যাক্.....ব্যাপারখানা ব্ঝতে হ'বে তো। বুড়ীদের বিজ্বিজ্এখনো ভনতে পাছিছ। ওরা তিনজনে এক জারগায় বসেছে বুঝি।

অন্ধ স্থবিবা

এই যে আমার পাশে.....একখানা মন্ত পাথরের টাইরের উপর বদে আছে।

প্রথম অন্থ

আমি ঝবা পাতার উপর বসে আছি.....

তৃতীয় অছ

আর সেই অল্পবয়সী মেগ্রেটি ?....েসে কোথার ? অন্ধ স্ববিরা

সে ?.....এ বারা ঠাকুরদের নাম কচ্ছে তাদের পালে।
হিতীয় অন্ধ

পাগ্লী আর তার ছেলে ? তারা কোথার ?

অন্ধ তরুণী

বাছা খুমিয়েছে, তায়ে জাগিয়ো না।

প্রথম অন্ধ

উ: । তুমি আমাদের কাছে থেকে কত দূরে গিয়ে বসেছ। আমি ভেবেছিলাম আমার সামনে আছ।

তৃতীয় অন্ধ

ষা' জানা দরকার, তা' অল্পবিশুর আমরা সকলেই জানি। দেখ, মোহাস্ত ঠাকুর যতক্ষণ না ফেরেন, সকলে মিলে, ততক্ষণ গলস্বল্ল করা যাক।

অন্ধ স্থবিরা

তিনি আমাদের স্তব্ধ হ'লে, তাঁর জন্তে অপেক্ষা কর্ত্তে বলে গেছেন।

তৃতীয় অন্ধ

আমরা তো আর ঠাকুরবাড়ীতে শাস্ত্রব্যাথ্যা ভন্তে আসিনি····

ক্ষক স্থানিরা

কি কর্ত্তে যে আমরা এসিছি তা' তুমিও জান না।

তৃতীয় অন্ধ

চুপু করে থাক্লে আমার কেমন ভন্ন বোধ হয়।

দ্বিতীয় অদ

বলি, বল্তে পার ?......ঠাকুর কোথায় গেলেন ?

তৃতীয় অন্ধ

আমার মনে হচ্ছে, তিনি অনেকক্ষণ আমাদের একা ফেলে রেখেছেন।

প্রথম অছ

ক্রমেই অপটু হ'য়ে পড়ছেন। বোধ হয়, কিছু দিন থেকে
তিনি নিজেও আর চোথে তেমন দেখতে পান না। সে
কথা তিনি নিজে কিন্তু কিছুতেই স্বীকার কর্মেন না;......
পাছে আর কেউ এসে তাঁর স্থান অধিকার করে বসে......
এই ভয়। আমার দৃঢ় বিশ্বাস.......তিনি আর চোথে
তেমন দেখতে পান্ না। আমাদের চালিয়ে বেড়াবার জয়ে
নৃতন কাউকে পেলে ভাল হয়; উনি আমাদের কথা এখন কানেই
তোলেন না;.....সংখ্যাতেও আমরা ক্রমশঃ বেড়ে চলেছি,
.....তিনি আর পেরে ওঠেন না। আমাদের আশ্রমের
এতগুলো লোকের মধ্যে, কেবল ওঁর আর ঐ তিনজন ভৈরবীর
এখনো একটু দৃষ্টিশক্তি আছে; এ দিকে এঁরা ক'জনেই
আমাদের সকলের চেয়ে বয়সে বড়।.....নিকর বৃদ্ধ আমাদের
ভূল পথে এনে এখন আবার পথ পুজ্তে বেরিয়েছেন। এমন
অসহার অবহায় আমাদের ফেলে চলে বাওয়ার তাঁর কোনো
অধিকার নেই।

অন্ধ স্থবির

তিনি ৰছদূর চলে গেছেন; যাবার বেলা মেয়েদের বোধ হর ঐ রকমই তিনি বলে গেলেন·····

প্ৰথম অন্ধ

বটে। তিনি বুঝি আজকাল তথু মেরেদের সঙ্গেই কথা কন? কেন? আমরা বুঝি কেউ নই? শেষকালে, অহুবোগ না করে আৰু চল্বে না, দেখছি।

অৰু স্থবির

কার কাছে অমুযোগ কর্বে ?

প্রথম অন্ধ

তাই ত! তা' তো বলতে পারিনে; আচ্ছা দেখা বাবে ·····

•··দেখা বাবে;ইনি গেলেন কোথায় ? আমি মেয়েদের
জিজ্ঞেসা করছি।

অদ্ধ স্থবিরা

সারাজীবন ঘুরে ঘুরে তিনি শ্রাস্ত হ'য়েছেন। আমার মনে হয়. যেন. তিনি আমাদের মাঝখানে একবার এসে বদেছিলেন। আজ ক'দিন থেকে তাঁকে বড় বিষয়, বড় ছর্মল বলে বোধ হ'ছে। ক্রমেই বেন নিরানল হ'য়ে পড় ছেন, মুখে কথাটি নেই। কী যে কাণ্ড ঘটুবে তা' বলুতে পারিনে। আজকে আশ্রমের বাইরে আসবার জন্মে যেন ব্যস্ত হয়ে উঠেছিলেন; বল্ছিলেন, শীতের পূর্বে রোদ থাক্তে থাক্তে, আমাদেব এই ক্ষুদ্র দ্বীপটির শোভা, এবারকার মত শেষ দেখা দেখে নেবেন। এ বছরের ছরম্ব শীত, বোধ হয় সহজে নড়বে না: এরি মধ্যে বরফের ফুলকি ঝরতে আরম্ভ হ'রেছে। মোহান্ত ঠাকুর বড় ব্যস্ত হয়ে উঠেছিলেন; এই क्रित्नित्र वामन वात्न नमीश्रामा नाकि जाति (वर्ष जिर्फाह, वैधि मान्राह ना। উनि वन्हिलन সমুদ্রের সূর্ত্তি দেখে ওঁরও ভাবি ভয় হ'য়েছে। সাগর যে হঠাৎ কেন এত চঞ্চল হ'রে উঠুল তার কোনো কারণ খুঁজে পাওয়া যাচ্ছে না, বাঁধের ধারে পাহাড়গুলোও তেমন উচু নয়। তিনি নিজে গিয়ে দেখুতে চেরেছিলেন, কিন্তু, কি বে দেখুলেন ডা' আর কাউকে বল্লেন না। আমার বোধ হর, ঐ পাগল মেরেটির অক্তে কিছু থাবার জিনিষ সংগ্রহ কর্তে বেরিয়েছেন। যাবার আগে শুধু বলে গেলেন অনেক দূব যেতে হ'বে। আমাদের অপেকা করে থাকা ভিন্ন অক্ত উপায় নেই।

অন্ধ তকণী

বিদায়েব আগে তিনি আমাব হাত ত্র'থানি হাতের মধ্যে নিয়েছিলেন; তাঁর হাত কাঁপ্ছিল; তারপর আমার কপালের উপর একটি চুমা দিয়ে চলে গেলেন.....

প্ৰথম অন্ধ

७क् ।

অন্ধ তৰুণী

আমি জিজেনা কর্লাম কি জন্তে যাছেন ?... কি হ'রেছে ? তিনি বল্লেন "কি যে হ'বে তা' কিছুই জানিনে।" শেবে বল্লেন "পাকাচুলের আধিপত্য আর বেশী দিন টি কছে না·····বোধ হয়"

প্রথম অন্ধ

অর্থাৎ ?

অন্ধ তরুণী

ভাবটা আমিও ঠিক ধরতে গারিনি; টেউরের মাঝধানে বে বাতি-বর আছে, সেই দিকে তাঁর যাবার কথা শুনেছি।

প্ৰথম অন্ধ

এ দেশে বাতি-ঘর আছে নাকি ?

অন্ব তৰুণী

আছে বই কি, শেই দ্বীপের উত্তর দিকে আছে। আমার আন্দার্ক.....সেটা আমাদের কাছ থেকে খুব বেনী দূর হ'বে না। মোহাস্তের মুথে শুনেছি..... ঐ বাতিঘরের বাতির আলো এথানকার এই গাছপালাগুলোতে পর্যন্ত এদে পৌছয়।..... আরুকে ওঁকে যেমন বিষয় মনে হ'য়েছিল এমন আর কথ্খনো হয়নি। আমার মনে হয় তাঁর চোথ দিয়ে জল পড়ছিল। সে কারা চোথে দেখতে পাইনি, তবু, কি জানি কেন, আমার দৃষ্টিহারা চোথেও জল এদে পড়ল।.....যাবার সময় তাঁর পায়ের শক্ষ পাইনি....মনে হল তাঁর নিঃশক্ষ-গন্তীর দ্বিত হাসিটি যেন শুনুতে পেলাম। মনে হয়, তিনি, প্রান্ত হ'য়ে যথন শান্তির আশার চোথ বুজ্ছিলেন তাও আমি যেন শান্ত শুনুতে পেরছি।

প্রথম অন্ধ

এ কথাতো তিনি আমাদের কাউকে বলেননি।

षक उज्नी

তাঁর কথা তোমরা কানেই তোলো না।

অন্ধ স্থবিরা

তিনি কিছু বল্তে স্থা কলে হৈ, তোমরা বিরক্ত হ'রে ওঠ, গজু গজু কর্তে থাক।

বিতীয় অন্ধ

বাবার সমর তিনি অতশত কিছুই বলেননি; খালি বলে গেলেন

— 'এখন আসি'।

তৃতীয় অন্ধ

छात्रि (मत्री इ'द्र गाष्ट्र ।

প্রথম অন্ধ

ভাবে বোধ হ'ল যেন ঘুমোতে যাচ্ছেন; তিনি যে আমার দিকে
চেয়ে ঐ কথা বলেছিলেন তা' আমি ভানেই বুঝ্তে পেরেছিল্ম।
কারো দিকে লক্ষ্য ক'বে কথা বল্তে গেলে আওয়াজ কেমন
আপুনা হ'তেই বদ্লে আসে!

পঞ্চম অন্ধ

চকুহীন অন্ধদের প্রতি দয়া কর!

প্রথম অন্ধ

কে ওটা १......আবোল্-তাবোল্ বক্ছে ?

ৰিতীয় অন্ধ

বোধ হ'ছে যে লোকটা কাণে ভন্তে পায় না...সেই।

প্রথম অন্ধ

থামরে বাপু থাম, এটা ভিক্ষের সময় নয়।

তৃতীয় অন্ধ

উনি থাত্ত-সংগ্রহের জন্ত কোন্ দিকে গেছেন 🕈

অভ স্থবিরা

সমুদ্রের দিকে।

তৃতীয় অন্ধ

ওঁর মত বয়দে অমন ক'রে সমুদ্রের দিকে যাওয়া ভাল নর।

দ্বিতীয় অন্ধ

সমুদ্র কি আমাদের খুব নিকট ?

অদ স্ববিরা

খুব কাছে। একট্ চুপ কর···এথনি গর্জন শুন্তে পাবে।···
(সমুদ্রের হল্হলা শোনা গেল)

দ্বিতীয় অন্ধ

আমনি কেবল ওই বুড়ীদেণ মন্তব পড়া শুন্তে পাজিছ। আছে তবিরা

কাণ পেতে শোনো, ঐ মস্তবের মধ্যে থেকেই সমুদ্রের আভাদ পাবে।

দিভীয় অন্ধ

হাঁ, পাজি, শুন্তে পাজি, আমাদেব কাছ থেকে খুব বেশী দুর বলেও বোধ হ'ছে না।

অন্ধ স্থ বিবা

খুমিয়ে ছিল; বোধ হয় জেগে উঠ্ল।

প্রথম অন্ধ

আমাদের এমন জায়গায় আনা তার ভারি অন্তার; ও শক্টা আমার মোটেই ভাল লাগছে না।

অন্ধ স্থবিরা

ভোমরা তো জান.....এ দ্বীপটি তেমন বড় নয়; কাজেই, জাশ্রমের বাইরে একবার এমে পড়্লেই ওই শব্দ।

হিতীয় অন্ধ

व्यामि कांग निर्दे तन।

তৃতীয় অন্ধ

আঞ্চকে যেন একেবারে নাকের গোড়ার বলে মনে হ'ছে; এত কাছে ও আওয়াজ আমি ভালনাসি নে!

বিতীয় অন্ধ

আমিও না। তা' ছাড়া আমারা তো আশ্রম ছেড়ে আস্তেই চাইনি।

তৃতীয় অন্ধ

আমরা কোনো দিন এত দূব আগিনি। মিছেমিছি এত দূর হাঁটানো।

অন্ধ স্থবিৱা

আছকের স্কালটা ভারি চমৎকার লেগেছিল। । । । । বিদ্বাদ্ধি বাদ্ধিত বাদ্ধাত তেকেণ পর্যান্ত, আমরা পোলামাঠে রোদ্পোহাতে পেলে, খুসী হ'ব মনে করে, ঠাকুর আমাদের এথানে এনেছিলেন। এর পর সারাটা শীত আশ্রমের মধ্যে তো আবদ্ধ হ'বে থাক্তেই হ'বে।

প্ৰথম অন্ধ

আমার আশ্রমই ভাল।

অন্ধ স্থবিরা

ঠাকুর বলেন, এই যে ছোটু দ্বীপটিতে আমরা বাস কছি, এর কথাও কিছু কিছু জানা ভাল। উনিও এর সকল ঠাই দেখেন নি। এখানে নাকি এক পাহাড় আছে ক্রেনা ওঠেনি! সেই পাহাড়ের কোণে এক তরাই আছে সেখানে কেউ নাবতে চার না! এমন অনেক গুহা আছে, বার ভিতর আজ পর্যন্ত কেউ প্রবেশ করেনি। রোদের আশার চিরটা কাল ছাদের উপর বসে থাকা ভাল দেখার না, তাই, তিনি আজ আমাদের সাগরের তীরে নিরে যাজিলেন। এখন দেখছি একাই সেদিকে গিয়েছেন।

व्रष्ट्रमञ्जी

অন্ধ শুবির

ঠাকুরের কথাই ঠিক। বাঁচতে গেলে এ চাই।

প্রথম অন্ধ

যাই বল, আশ্রমের বাইরে কিছুই দেখবার নেই।

দ্বিতীয় অন্ধ

আমরা কি এখন রোদে বসে রয়েছি ?

তৃতীয় অন্ধ

এখনও রোদ রয়েছে গ

यर्थ व्यक

আমার তো বোধ হয় না; আমার আন্দান্ধ হয় বেলা একেবারে গঙিয়ে গেছে।

বিতীয় অন্ধ

ক' প্রহর হ'ল ?

অনেকে

कानित्न, (कडे कात्न न!।

ষিতীয় অন্ধ

আলো দেখা যাচ্ছে কি ? (যঠের প্রতি) কই ? তুমি কোথার ? বল, তুমি তো তবু একটু দেখতে পাও, বল !

रहे शक

আমার বোধ হ'চ্ছে, ভারি অন্ধকার। যতক্ষণ রৌদ্র থাকে ততক্ষণ তেওই ঠিক আমার চোধের পাতার কোলে একটা নীল রেখা দেখতে পাই; অনেকক্ষণ আগে দেখেছিলুম; এখন একেবারে অন্ধকার।

প্রথম অন্ধ

আমি কিলে পেলেই বুঝতে পারি বেলা গেছে; কিলেও দেখছি পেরেছে।

তৃতীয় অন্ধ

আচ্ছা, খাড় তুলে একবার আকাশের দিকে তাকাও দেখি, হর তো বুঝতে পার্বে।

(তিনজন জনান্ধ বাতীত সকলেই আকাশের দিকে দৃষ্টিথীন চক্ষে চাহিল। জন্মান্ধেরা পূর্বের মত নত মন্তকে মাটির দিকেই চাহিয়া রহিল।)

यष्ठ व्यक्त

জ্মানরা খোলা জারগার আছি কি না—তাও বোঝা যাচ্ছে না। প্রথম অন্ধ

কথা কইলেই যে রকম গম্গম্ কচ্ছে তাতে মনে হয় আমরা একটা গুহার ভিতর বদে আ**হি**।

অন্ধ স্থবির

আমার মনে হয় সন্ধ্যা হ'য়েছে বলে ওরকম গম্ গম্ কচ্ছে।

অদ্ব তরুণী

আনার বোধ হ'চেছ আনার ছটি হাত পরিপূর্ণ করে জ্যোৎসা করে' পড়ছে।

অন্ধ স্থবিরা

আমার বোধ হ'ছে নক্ষত্র উঠেছে, স্পষ্ট শুন্ছি।

অন্ধ তৰুণী

আমিও।

প্ৰথম অৰ

কই ? আমি তো কোনো শব্দ পাছিনে।

ধিতীয় অন্ধ

আমি কেবল আমাদের সকলের নিশাস-প্রশাসের শব্দ পাছিছ।
অব্দ তবির

আমার মনে হয় মেয়েদের কথাই ঠিক।

প্রথম অন্ধ

আমি কথ্থনো নক্ষত্রের আওরাজ ওনিনি। দিতীয় অন্ধ ও ততীয় অন্ধ

আমিও না।

(একদল নিশাচর পাথী সহসা আকাশ হইতে নামিয়া পলবের স্তরে অদুখ্য হইয়া গেল)

দ্বিতীয় অন্ধ

ভন্ছ ? ভন্ছ ? শোনো ! শোনো ! উপরে ওকি বল দেখি ?ভন্তে পাচ্ছ ?

অছ স্থবির

আকাশের নীচে দিয়ে অথচ আমাদের মাথায় উপর দিরে কি যেন চলে গেল।

यष्ट्रे व्यक्

আমাদের ঠিক উপরের দিকে কি যেন নড়ে বেড়াচ্ছে; হাভ বাড়ালে কিন্তু নাগাল পাওয়া যাবে না।

প্ৰথম অন্ধ

আমিও শব্দটার ভাব ঠাওরাতে পাদ্ধিনি; এখন ঠিকানার পৌছতে পালে বাঁচি।

বিতীয় অন্ধ

আমরা এ কোথার!

ষষ্ঠ অন্ধ

আমি দাঁড়িয়ে উঠ্ছিলাম...মাথায় কাঁটাগাছ লাগ্ল; চারি-দিকেই কাঁটা······হাত পা মেল্তেও আর সাহস হ'ছেনা।

তৃতীয় অন্ধ

আমরা এ কোথায়।

অন্ধ স্থবির

জানবার জোট নেই !

ষষ্ঠ অন্ধ

আশ্রম থেকে খুবই যে দূরে এসে পড়া গেছে তাতে আর ভূল নেই: কোনো আওয়াছই পাওয়া যাচ্ছে না।

তৃতীয় অন্ধ

অনেককণ থেকে আমি ভিজে পাতার গন্ধ পাচ্ছি।

यष्ठं व्यक

আমাদের মধ্যে কেউ কি দৃষ্টি থাক্তে এ দ্বীপ দেখেনি ? কেউ বলতে পারে না আমরা কোন জায়গায় এলাম ?

অন্ধ স্থবিরা

আমরা স্বাই এখানে আস্বার আগেই চোথ হারিয়েছি।

প্ৰথম অন্ধ

আমি, দেখা যে কেমন, তাই জানিনি।

বিতীয় অন্ধ

মিছেমিছি উৎকণ্ঠা বাড়াবার দরকার নেই; মোহান্ত এখনি

ফিরবেন; অপেকা করা যাক্। ভবিষ্যতে তাঁর সকৈ সার ঘরের বার হচিছনি।

অন্ধ স্থবির

আমরা একলাও বেক্নতে পারি নে।

প্ৰথম অন্ধ

আমরা বেরুবই না; না বেরুনই আমার ইচ্ছে।

দিতীয় অন্ধ

বেরুবার ইচ্ছেও তো আমাদের ছিল না; বাইরে আস্বার কথা কেউ তাঁকে বল্তে যার নি।

অন্ধ স্থবির

আজ হ'ল পরবের দিন; পরবের দিন হ'লেই তো আমরা বেরুই।

তৃতীয় অন্ধ

আমি তখন ঘুমুছিঃ; তিনি ধাকা দিয়ে আমার জাগিরে বল্লেন, 'ওঠ, ওঠ, দেরী হ'য়ে থাছে, হুর্য্য উঠেছে!' হুর্য্য জিনিসটা যে কী তা' আমি জান্তাম না; আমি কখনো হুর্য্য দেখিনি।

অন্ধ স্থবিরা

স্মামি স্থ্য দেখেছি; তখন আমার বয়স খুব অ**ল।**

অন্ধ স্থবির

আমি দেখেছি; সে যুগযুগান্তরের কথা, তথন আমি শিক্ত-বল্তে গেলে মনেই নেই।

ভূতীয় অছ

স্থ্য উঠ্লেই তিনি যে কেন আমাদের আশ্রমের বাইরে নিরে আসেন তা বুঝুতে পারিনে। এতে ক'রে কি আমাদের মধ্যে একজনেরও একবিন্দু জ্ঞানর্দ্ধি হ'য়েছে ? আমি তো বুঝ্তেই পাচ্ছিনে,—এটা দিন গুপুর না গুপুর রাত !

वर्ष्ठ व्यक्त

আমি দিন ছপুরে বেকনোই পছল করি। আমার মনে হর যেন ভারি একটা উজ্জ্বলভাব মাঝখানে এসে পড়েছি; আর মনে হয়, যেন চোথ ছটো আবার ভেম্নি ক'রে খুলে যাবে।

তৃতীয় অন্ধ

আমি আশ্রমে বসে আগুণ পোহানই পছন্দ করি। **আজ** সকালে মনের সাধে আগুণ পোহানো গেছে।

হিতীয় অন্ধ

আমরা রোদ পোহাব এইটেই যদি তাঁর ইচ্ছে ছিল, তা' উঠানে আমাদের বসিয়ে দিলেই হ'ত; দিব্যি ঘেরা জারগা; ছট্কে বেরিয়ে পড়বার ভয় নেই; কবাট বন্ধ ক'রে দিলে আর ভয়টা কিসের? আমি তো সদাসর্কাদা হয়োর বন্ধ ক'রেই বসে থাকি। তুমি যে বড় আমার কয়য়ে হাত দিলে?

প্ৰথম অন্ধ

সামি কেন হাত দিতে যাব ? আমি তোমায় নাগালই পাই নে।

দ্বিতীয় অন্ধ

বল্ছি আমি · · · · · · · নি শ্চর কেউ আমার কন্থরে হাত দিরেছে।
প্রথম অন্ধ

আমরা কেউ না।

বিতীয় অন্ধ

স্বামি স্বার এখানে থাক্তে চাইনে।

অৰু স্থবিরা

হে ভগবান। হে ঠাকুর। বলে দাও আমরা কোথার। প্রথম অন্ধ

আমরা অনস্তকাল এমন অপেক্ষা ক'রে থাক্তে পার্ব্ব না।
(দুরে ঘড়িতে বারটা বাজিল)

অন্ধ স্থবিরা

ওঃ ৷ আমরা আশ্রম থেকে কত দূরেই এসে পড়িছি ! অভ স্থবির

রাত হপুর !

দ্বিতীয় অন্ধ

বেলা হুপুর! কেউ কি ঠিক সময় জান ? বল।

ষষ্ঠ অন্ধ

বলতে পারিনে। আমার মনে হ'ছে আমরা কিদের ছায়াতে রইছি।

প্রথম অন্ধ

আমি কিছুই ঠিকু ক'রে উঠ্তে পাছিলে; ভারি ঘ্**মিরে পড়া** গিইছিল।

দ্বিতীয় অন্ধ

আমার কিনে পেয়ে গেছে।

मक्र

ক্ষিদেও পেয়েছে, তেষ্টাও পেয়েছে।

দ্বিতীয় অছ

এখানে কি খুব বেশীক্ষণ আসা গেছে ?

অন্ধ স্থবিরা

আমার মনে হয় যেন কত যুগই এখানে বসে আছি ।

ষষ্ঠ অন্ধ

আমি----জানগাটা-----প্রান্ন ঠাউবে ফেলেছি------

তৃতীয় অন্ধ

বেদিকে প্রহর বাজ্ল সেই দিকে গেলে হয়।
(নিশাচর পক্ষীরা আনন্দ কাকলি করিয়া উঠিল)

প্ৰথম অন্ধ

७न्ছ ? ७न्ছ ?

দ্বিতীয় অন্ধ

ও আবাব কি গো? আমবা তবে একলা নেই!

তৃতীয় অন্ধ

আমার গোড়াতেই সন্দেহ হ'রেছিল, কেউ আড়িপেতে আমাদের কথাবার্ত্তা গুনছে! ঠাকুর কি ফিরে এলেন ?

প্রথম অন্ধ

कि कानि ७कि ! ७ই উপব দিকটায়।

দ্বিতীয় অন্ধ

ভোমরা কি বল হে ? কিছু ভনলে ? অমন চুপ্চাপ্থাক কেন ?

অন্ধ স্থবির

আমরা এখনও অন্ছি!

वह उक्नी

আমি ভানার শব্দ পাছি।

অভ স্থবিরা

হে ঠাকুর ! হে দয়ায়য় ৷ বলে দাও আমরা কোথায় ?

যঠ অন্ধ

জারগাটা প্রায় ঠাউরে ফেলেছি.....আমাদের আশ্রম হ'চছ মহানদের ওপারে; আমার বোধ হচ্ছে বুড়ো জাঙ্গালের উপর দিয়ে এপাবে এসেছি। মোহান্ত আমাদের দ্বীপের উত্তর দিক্টাতে এনে ফেলেছেন। এ জারগাটা মহানদ থেকে বোধ হয় খুব বেশী দূর হবে না; সবাই একটু চুপ্ চাপ্ থাক্লে শ্রোতের শব্দও শোনা থেতে পারে। ঠাকুর যদি না ফেরেন ভবে আমাদের ঐ নদের ধারেই থেতে হ'বে; ওথানে দিনরাত বড় বড় জাহাজ যাওয়া-আসা করে, মাঝিরা দেখ্তে পাবে.....আমরা তীরে দাঁড়িয়ে আছি। আবার মনে হ'চছে বাতি-ঘবের কোলে যে বন-…এ সেই জারগাটা; এ বনের নিগম আমার জানা নেই; শতামরা কেউ আমার সঙ্গে আস্বে?

প্রথম অন্ধ

বস, বস; আর একটু দেখ, নদীর পথ আমরা কেউ জানিনে; তার উপর আশ্রমের চারিদিকেই জলাভূঁই; আর একটু দেখ, দিনি আস্বেন—আস্তে হবেই।

ষষ্ঠ অন্ধ

আসবার সময় কোন্ কোন্ পথ দিয়ে আমরা এসেছিলাম, তা' কারো মনে আছে? তথন কিন্তু মোহান্ত ঠাকুর বেশ বুঝিরে দিয়েছিলেন।

প্রথম অন্ধ

व्यामि कानहे पिरेनि।

ষষ্ঠ অন্ধ

কেউ কান দেয়নি ?

তৃতীয় অন্ধ

এইবার থেকে তাঁর কথা ভন্ব।

वर्ष्ठ व्यक्त

আমাদের মধ্যে কারো কি এ দ্বীপে জন্ম হয়েছে ?

অন্ধ স্থবির

व्यामता नवाई वित्नी।

অন্ধ স্থবিরা

আমরা সমুদ্রপারের লোক।

প্রথম অন্ধ

আমি ভেবেছিলাম পার হ'বার সময়েই মারা পড়্ব।

দ্বিতীয় অন্ধ

আমিও। আমরা হ'জন একসঙ্গে এসেছিলাম।

তৃতীয় অন্ধ

আমরা তিন জনই এক গাঁরের লোক।

প্রথম অন্ধ

লোকে বলে, আকাশ পরিষ্কার থাক্লে সে দেশ এথান থেকেও দেখা বায়: ঐ উত্তরে।

ততীয় অন্ধ

সামাদের কাহাজথানা হঠাৎ এই দ্বীপে এসে ঠেকে গেল; কাজেই এই থেনেই নাম্তে হ'ল।

অন্ধ স্থবিরা

আমি এসেছি আর এক দেশ থেকে।

দ্বিতীয় অন্ধ

কোথেকে ?

অন্ধ স্থবিরা

সে দেশের কথা বলতে যাওমাই মুস্কিল;—মনেই পড়ে না, মুথে বলি ঐ পর্যান্ত।—কত দিন হ'য়ে গেছে। সেধানে ভারি শীত —এথানকাব চাইতেও বেশী।

অৰু তক্ণণী

আমি অনেক দূর থেকে এসেছি। প্রথম অদ্ধ

সে কোন্দেশ ?

অন্ধ তরুণী

তা' বল্তে পারিনে। কেমন করে বলব ? সে এখান থেকে অনে—ক দ্ব, সমৃদ্র পার। ভারি মন্ত দেশ। ইঙ্গিতে বোঝাতে পারি কিন্ত তোমরাও যে আমারি মতন অন্ধ! তোমরা থো সেইঙ্গিত ব্ঝতে পার্ঝে না।—আমি অনেক খুরেছি; আমি স্থ্য দেখেছি; আগুণ, জল, পাহাড়, চমংকার চমংকার ফুল, স্থলর স্থলর মুখ,—কত কি দেখেছি। এ দ্বীপে সে রকম কিছু নেই। এ দেশটা ভারি কন্কনে, ভারি বিমর্ধ। আমি দৃষ্টি হারিয়ে স্ব হারিয়েছি। আগে আমি বাপ, মা, ভাই, বোন সকলকে দেখতে পেতাম। তথন আমি এত ছোট যে নিজের দেশের নামটাও জেনে নিতে পারিনি। সমুদ্রের কিনারার খেলা করে বেড়াভাম। তবু, সে দেশ যে দেখেছি তা' দিব্যি মনে রয়েছে। একদিন পাহাড়ের উপর থেকে বরফের রেখা দেখেছিলাম।—জীবনে কে বে হুর্ভাগাছ'বে তা' আমি তখন খেকেই একটু একটু বুঝ্তে শিথেছি।

দৃষ্টিহারা

প্ৰথম অন্ধ

অর্থাৎ 🕈

অন্ধ তহুণী

আমি লোকের কণ্ঠস্বর ভনেই বলে দিতে পারি। আমি যথন কিছুই ভাবিনে তথনই আমার মনের সকল কথা পরিষ্কার হ'রে ফুটে ওঠে।

প্ৰথম অন্ধ

আমার পুরাণ কথা কিছু মনে নেই—আমি—

(দেশান্তরগামী কতকগুলি পাথী কলরব করিতে করিতে

শাখা-পল্লবের মধ্য দিয়া উড়িয়া গেল)

অন্ধ স্থবির

আবার যেন আকাশে কিদের আনাগোনা টের পাচ্ছি।

দ্বিতীয় অন্ধ

এ দেশে তুমি কেন এলে ?

অন্ধ স্থবির

কাকে বল্ছ ?

দ্বিতীয় অন্ধ

ওই মেয়েটকে।

অন্ধ তক্ণী

লোকের মুধে শুন্তে পেলাম, এই দেশের মোহান্ত ঠাকুর অন্ধকে দৃষ্টিদান কর্ত্তে পারেন। উনিও আমার বলেছেন যে আবার আমি দৃষ্টি ফিরিয়ে পাব। একবার চোথের জালিটা কাট্লে হর,—আর এখানে থাকছি নে। প্রথম অন্ধ

আমরাও এথান থেকে পালাতে পার্লে বাঁচি।

দিতীয় অন্ধ

চিরকালই এইখানে থাক্তে হ'বে।

তৃতীয় অন্ধ

মোহান্ত ঠাকুব যে বুড়ো হ'লে পড়েছেন···উনি আব আমাদের আবোগ্য ক'বেছেন !···

অৰ তৰুণী

আমাব চোথেব পাতায় পাতায় জুড়ে গেছে, কিন্তু, চোথের মণি যে বেশ উচ্ছল আছে তা' আমি অনুভবে বুঝতে পারি।

প্রথম অন্ধ

আমাৰ চোথের পাতা খোলা…

দ্বিতীয় অন্ধ

আমি চোথ চেমে ঘুমোই।

তৃতীয় অন্ধ

পোড়া চোথের কথায় আব কাজ নেই, দাদা।

বিভীয় অন্ধ

তুমি এখানে বেশী দিন আসনি বোধ হ'ছে।

অন্ধ স্থবির

একদিন সন্ধা বেলার ভগবানের নাম কচ্ছি, এমন সময় ব্রীলোকদের দিক থেকে একটা অপরিচিত স্বর শুন্তে পেলাম; আওয়াকেই ব্রতে পেরেছিলাম যে তোমার বরস অর; তোমাকে দেখতে সাধ হ'ল,.....গলার আওয়াক শুনে.....

প্ৰেথম অন্ধ

আমি টের পাইনি।

দ্বিতীয় অন্ধ

মোহান্ত ঠাকুর তো আমাদের কিছুই জানতে ছান না।

যঠ অন্ধ

লোকে বলে তুমি অপূর্ব্ব স্থন্দবী.....যেন এ দেশের নও।

অভ তক্ষণী

আমি নিজেকে কখনো দেখিনি।

অভ স্থবিরা

আমরা কেউ কাউকে দেখতে পাইনি। পরস্পরেব মধ্যে কথাবার্ত্তা চল্ছে; এক জায়গায় বাস কচ্ছি; এক সঙ্গে রইছি; কথাবার্ত্তা চল্ছে; এক আম্বা কেমন! হু' হাত দিয়ে স্পর্শ ক'রে আম্বাজে আম্বাজে পরস্পরেব পরিচয় পাওয়া যায়, কিন্তু চোথ যা' দূর থেকে জানায় হাত নিকটে থেকেও তাব কাছে এগুতে পারে না...

वर्ष्ठ व्यक्त

জৌজে বস্লে পব আমি তোমাদের ছায়ার মতন দেখতে পাই। অন্ধ স্থবির

যে আশ্রমটিতে এতকাল বাস কচ্ছি তাও কথনো চক্ষে দেথলাম না। ইংংড়ে হাংড়ে দেওয়াল আর দরজার আন্দান্ধ পাওয়া যার বটে, কিন্তু আশ্রম গৃহের চেহারা যে কেমন তা' মোটেই জানিনে।

অন্ধ স্থবিরা

শুন্তে পাই ওটা এক প্রাচীন প্রামাদ, ভারি অন্ধকার, ভারি শুরান্ত্রীর্ণ, উপরতলার মোহাস্ত ঠাকুরের ঘর ছাড়া অক্ত কোনো ঠাই থেকে মোটে আলোই দেখা বার না। প্রথম অন্ধ

যার 'আঁথ' নেই তার আলোতেও প্রয়োজন নেই। যঠ অন্ধ

আমি আশমের হয়োব-গোড়ায় ভেড়াগুলোর কাছে কাছে থাকি; সন্ধ্যা হ'লে ভেড়াগুলো মোহাস্তের ঘরে আলো দেখতে পেরে আশমে চুকে পড়ে অগমিও ভাদের সঙ্গে সঙ্গে যাই। ভেড়াগুলোর একদিনের জয়েও ভুল হয় না,— আমাকেও ভুগতে হয় না।

অন্ধ স্থবির

কত বংসৰ ধৰে এক সজে বাস কচ্ছি তবুও পরস্পারের মুখ দেপ তে পেলাম না; মনে ১য়, যেন একলা রইছি, ভালবাস্তে গোলে দেখাটা আগে…

অন্ধ স্থবিবা

স্বপ্নের অবস্থায় মনে হয় যেন আবার আমি দৃষ্টি ফিরে পেইছি। অন্ধ স্থবির

আমি কেবল স্বপ্নেই দেখুতে পাই।

প্রথম দায়

আমি সাধারণতঃ তুপুব রাতে স্বপ্ন দেখি।

দ্বিতীয় অন্ধ

হাত পা অসাড় হ'য়ে গেলে লোকে কি বকম স্বপ্ন দেখে ?

(ছর্য্যোগের হাওয়ায় বিবশভাবে একরাশ পল্লব ঋণিত হইয়া পড়িশ)

পঞ্চম অন্ধ

কে আমার গায়ে হাত দিলে ?

প্ৰথম অন্ধ

কি যেন ঝরছে।

অঙ্ক স্থবির

উপর থেকে পড়ছে,……কি পড়ছে তা বলা ধায় না।

পঞ্চম অন্ধ

আমাব হাত ছুঁলে কে ? আমি ঘুমুচ্ছিলাম, ···একটু ঘুমুতে দাও না বাপু।

অন্ধ স্থবিব

কেউ তোমায় ছোঁয়নি।

পঞ্চম অন্ধ

কে আমার ছুঁলে? জোরে জবাব দাও, আমি কানে ভাল ভন্তে পাইনে।

অন্ধ স্থবির

নিজেরাই জানিনে তার আবার অবাব !

পঞ্চম অন্ধ

আমাদের সতর্ক ক'রে গেল ?

প্রথম অন্ধ

মিছে উত্তর দেওয়া, ও ভন্তেই পার না।

তৃতীয় অন্ধ

যারা ভন্তে পার না তারা কী হর্ভাগা।

অৰ হবির

আর তো বদে থাকা যায় না।

र्वष्ठ अक

এক জারগায় আর ভাল লাগ্ছে না।

বিতীয় অন্ধ

আমার মনে হচ্ছে যেন আমরা ভারি তফাৎ তকাৎ ররেছি; একটু কাছাকাছি বসা যাক্, ঠাণ্ডা পড়তে স্থক হয়েছে।

তৃতীয় অন্ধ

আমার দাড়াতে সাহস হচ্ছে না, যেথানে থাকা গেছে সেইথানে থাকাই ভাল।

অন্ধ স্থবির

তা'ছাড়া আমাদের পরস্পবের মাঝথানে কত কি থাক্তে পারে, ·····কিছুই তো বলা যায় না।

ষষ্ঠ অন্ধ

আমাব বোধ হ'ছে আমাব হাত দিয়ে রক্ত পড়ছে; দাঁড়িরে উঠুতে গিয়েই এই হ'য়েছে।

তৃতীয় অন্ধ

(উন্নাদগ্রন্ত অন্ধ স্ত্রীলোকট হুই হাতে সজোরে চোণ্
রগ্ড়াইতে রগ্ড়াইতে বারস্বার নিম্পান
মোহান্তের দিকে ফিরিতে লাগিল এবং
মধ্যে মধ্যে অস্টু স্বরে কাঁদিতে
লাগিল)

প্রথম অন্ধ

আমি আর এক রকম শব্দ পাকি।

অৰ স্থবিবা

পাগ্লি বোধ হয় চোথ বগ ড়াচ্ছে।

দিতীয় অন্ধ

ও সর্বাদাই অম্নি কবে; আমি বোজ বাত্রে গুনি।

তৃতীয় অস্ক

ও বদ্ধপাগল; একদম কথাই কয় না।

অন্ধ স্থবিবা

ছেলেটি কোলে হ'য়ে পর্যান্ত ও আব কথা কয় না; সর্কাদাই কেমন যেন ভয়ে ভয়ে থাকে।

অন্ধ স্থবিধ

তোমাব 'ভর ভর' কবে না ?

প্রথম অন্ধ

কাকে বলছ ?

অন্ধ স্থবিব

বিশেষ ক'বে কাউকেই নয়, সকলকেই জিজ্ঞাসা কচ্ছি।

অভ স্থবিবা

हैं।, भूत, छत्र छत्र करत वहे कि।

অন্ধ তকণী

অনেক দিন থেকে আমাব এম্নি ধাবা ভয় কৰে।

প্রথম অভ

ও কথা জিজ্ঞেসা কল্লে যে ?

অভ স্থবিব

কেন যে জিজাসা কর্নাম তা' ঠিক বল্তে পারিনে, ... একটা

কি যেন বুঝ্তে পারা যাচ্ছে না.....আমার মনে হ'ল কে যেন হঠাৎ কেঁদে উঠ্ল।

প্রথম অন্ধ

ভয় পেয়ে লাভ নেই, আমার বোধ হয় ও পাগ্লিব কাজ। অন্ধ স্থবির

উহঁ, তা' নয়, তা' নয়; আরো কি একটা কাণ্ড ঘটেছে, তথু কানার শব্দে আমি ভয় পাইনি।

অন্ধ স্থবিরা

ছেলেকে হুধ থাওয়াবার সময় হ'লেই ও অমনি রোজ কাঁলে।
প্রথম অদ্ধ

ওরকম ক'রে কেবল ওই কাঁদে।

অন্ধ স্থবিবা

ভন্তে পাই, ও নাকি মাঝে মাঝে দেখ্তে পায়।

প্রথম অদ্ধ

চোথ থেকে যখন জল পড়ে তার কি**ন্ত শব্দ ও**ন্তে পাওয়া যায় না।

অন্ধ স্থবির

যে দেখ্তে পায় তার কানাই কানা......

অৰু তৰুণী

আমি যেন ফুলের গন্ধ পাঞ্ছি ৷.....

প্রথম অন্ধ

আমি কেবল ধূলোর গৰা পাতি।

অৰ তক্ষণী

क्न क्रिंह, क्न क्रिंह, भूव कार्ह्ह क्रिंह।

বিতীয় অন্ত

আমি ধ্লোর গন্ধ পাঞ্ছি।

অন্ধ স্থবির

পেইছি, ফুলের গন্ধ পেইছি; এইবার যে বাতাসটা এল সেই বাতাসে পেইছি।

তৃতীয় অৰ

কই ? আমি তো কেবল ধ্লোব গৰুই পাচ্ছি।

অৰু স্থবির

আমার বোধ হয় মেয়েদের কথাই ঠিক।

वर्ष व

करे ? कान् निक ? आमि शिष्त्र जूल आन्हि।

অৰ তৰুণী

তোমার ডাইনে.—দাঁড়া ও.—ওঠ।

(ষষ্ঠ অন্ধ সম্ভৰ্পণে উঠিয়া, পদে পদে কোঁচট থাইতে খাইতে, রজনীগন্ধার পুপদ গুগুলি মাড়াইয়া চলিল)

অন্ধ তৰুণী

থামো! থামো! তুমি সব মাড়িয়ে নট কলে, দেখছি; কচি ভাঁটাগুলো মচ্মচিয়ে ভেঙে থেঁতো হ'য়ে যাছে, আমি ভন্তে গাছি।

প্ৰথম অৰ

কুল গেল তো বয়েই গেল; এখন ফেরবার উপায় ঠাওরাও। বর্চ অছ

পিছু হট্তে সাহস হ'ছে না।

অন্ধ তক্ষণী

হটতে হ'বে না, দাঁডাও! (দাঁড়াইয়া) ও: মাটি কন্কন্ কচ্ছে! জমে যাবার জোগাড়!

(স্বচ্ছলগতিতে একেবারে ক্লশপাণ্ড্ব রন্ধনী-গন্ধার দিকে যাইতে গিয়া ভূতলশায়ী রক্ষে হোঁচেট লাগিল)

এই ! এই দিকে !—আমি নাগাল পাচ্ছিনে,—তোমার খুব কাছে।

ষষ্ঠ অন্ধ

বোধ ২য় 'আমি তা'ই তুলেছি! (অবশিষ্ট পুস্পদণ্ড হইতে কয়েকটি পুস্প সংগ্ৰহ কবিয়া তক্ষণীকে দিল। নিশাচব পাখীব দল উড়িয়া গেল)

অন্ধ তৰুণী

আমার বোধ হ'চ্ছে এ ফুল আমি আগে দেখেছিলাম; নাম মনে পড়ছে না।—এ ফুল ক'টা কেমন ফেন বোগা-বোগা, বোটা-খেলো বোয়াঁব মত সরু; চিনে ওঠা ভার; বোধ হয় এ শ্রশানের ফুল।

(ফুলগুলি একে একে চুলে পরিতে লাগিল)

অন্ধ স্থবির

আমি তোমাব চুলের আওয়াজ পাচ্ছি;.....হাওয়ার মতন।

অন্ধ তৰুণী

চুলের নয়, ফুলের।

অন্ব স্থবির

তোমার দেখবার জো নেই।.....

অন্ধ তরুণী

নিজেই নিজেকে দেখবার জো নেই ;জমে গেলাম ।
(এই সময়ে বনে বাতাস উঠিল এবং তীরের পাহাড়গুলির উপর
সজোরে ঢেউ আছড়াইতে লাগিল)

প্ৰথম অন্ধ

মেঘ ডাক্ছে।

দ্বিতীয় অন্ত

বোধ হয় ঝড় উঠল।

অন্ধ স্থবির

আমার বোধ হচ্ছে ঢেউয়ের শক।

তৃতীয় অশ্ব

চেউয়ের শব্দ ? সাগরের শব্দ ? এ যে ছ'পা আগে! — একে-বাবে আমাদের কাছেই! আমি আমাব চারদিকেই ওই রক্ষ শব্দ পাচ্ছি। ও নিশ্চর আর কিছ।

তরুণী

আমি যেন পারের গোড়ায় ঢেউয়ের শব্দ পাছি।

প্রথম অন্ধ

আমার বোধ হয় বাভাসে ঝরা পাতা ঘুরছে।

অন্ধ স্থবির

আমার বোধ হয় মেয়েদের কথাই ঠিক।

তৃতীয় অন্ধ

এই मिरक जाम्रह!

প্ৰথম অন্ধ

আছা, বাডাস কোথেকে আসে ?

वक्रमञ्जी

দ্বিতীয় অন্ধ

সাগর থেকে।

অন্ধ স্থবির

বরাবরই সাগর থেকে আসে; সাগর আমাদের চতুর্দ্দিক বিরে আছে; অন্ত কোণাও থেকে তো আসবার জো নেই!

প্রথম অন্ধ

ও সাগরের ভাবনা ভেবে আর কাজ নেই।

দ্বিতীয় অন্ধ

না ভেবে চলে কই ? ঘনিয়ে আস্ছে যে!

প্রথম অন্ধ

ও যে সাগরই—তা' তুমি নিশ্চয় ক'রে বল্তে পার না।

ৰিতীয় অন্ধ

তেউয়ের শব্দ এত কাছে, যে, জলে হাত ডুবানো যাবে থ**লে** মনে হচ্ছে; আর এথানে থাকা নঃ; এক মুহুর্ত্তে আমাদের খিরে ফেল্তে পারে।

অন্ধ স্থবির

যাবে কোথায় বাপু ?

দ্বিতীয় অন্ধ

তা' জানিনে ! যে দিকে হ'ক ! ও জলের শব্দ আর শুন্তে পার্কানা। চল ! চল !

তৃতীয় অন্ধ

আমি আর এক রকম শব্দ পাচ্ছি, ওই !

(দূরে শুদ্ধপত্রের উপর ক্রত পদধ্বনি শোনা গেল)

প্রথম অন্ধ

কি একটা এই দিকে আদছে।

দ্বিতীয় অন্ধ

ঠাকুর আস্ছেন,—ঠাকুর আস্ছেন,—তিনিই ফিরে আসছেন। তৃতীয় অদ্ধ

তিনিই আসছেন,—ছোট ছেলেব মতন থুপুস্ থুপুস্ক'রে ছুটতে ছুটতে আসছেন।

দ্বিতীয় অছ

আজকে আর কোনো কণা ভোলা হ'বে না।

অন্ধ স্থবির

ও তো মানুষের পায়ের শব্দ বলে মনে নিচ্ছে না।
(একটা প্রকাণ্ড কুকুর বনে প্রবেশ করিয়া উহাদের সন্মুথ দিয়া
চলিল। সকলে নীরব)

প্রথম অন্ত

কে যায় ? ওগো কে ভূমি ? অঙ্কজনে দয়া কর ! আনেককণ থেকে অপেকা করে বসে আছি ।

> (কুকুবটা ফিরিয়া প্রথম অন্ধের ছই হাঁটুর উপর ছই থাবা রাথিয়া দাঁড়াইল)

আঃ! আঃ! আমার হাঁটুর উপর এ কী দিলে ? এটা কী ? জানোরার নাকি ? কুকুর বৃঝি ? ও-ও! সেই কুকুরটা, অন্ধাশ্রমের কুকুরটা! আয়! এই দিকে আয়!—আমাদের নিরে বেতে এসেছে। আয়! এ দিকে আয়!

সকলে

এদিকে আর! এদিকে আর।

প্রথম অন্ধ

আমাদের নিয়ে যেতে এনেছে, পায়ের চিক্ত ধরে এসেছে!
এম্নি ক'রে হাতথান্ চাটছে যেন একশো বছর আমায় দেখেনি।
আফলাদের ডাক্বার ভঙ্গী দেখ ! আফলাদে খুন ! শোনো একবার !
শোনো একবার !

সকলে

আর ! আর ! আর !

অন্ধ স্থবির

ও বোধ হয় কারু আগে আগে দৌড়ে এসে থাক্বে।

প্ৰথম অন্ধ

না—না, একলা; আব কেউ থাক্লে সাড়া পাওয়া যেত;
অন্ত পাওায় আর দরকাবও নেই, পাওাগিরিতে কুকুরের কাছে
মান্ত হয়। যেথানে যেতে চাও, ঠিক্
নিয়ে যাবে। ও আমাদেব কণা শোনে।

অন্ধ স্থবিরা

ওর সঙ্গে যেতে আমাব কিন্তু সাহস হয় না।

অন্ধ তরুণী

আমারও না।

দ্বিতীয় অন্ধ

আমরা স্ত্রীলোকের কণা কানে তুল্ছিনে।

তৃতীয় অদ

আমার বোধ হয় আকাশে কি একটা পরিবর্ত্তন ঘটেছে, জার তেমন হাঁফ লাগ ছে না. বাতাসও বেশ পরিন্ধার বোধ হ'ছে।

অন্ধ স্থবিরা

ও ডাঙ্গা-মুখো হাওয়া, দাগর থেকে আদছে।

यष्ठ व्यक्

বোধ হয় ফর্সা হ'ল, স্থ্যা উঠ্বে।

অদ্ব স্থবির

আমার মনে হচ্ছে, সব যেন আবো জুড়িয়ে বাচ্ছে; একেবারে জমে যাবার জো।

প্ৰথম অন্ধ

রাস্তা ঠিক ঠাওবাব। আমায় টেনে নিয়ে যাছে, আহলাদে মেতে উঠেছে, আব ধবে রাধ্তে পাছিনে; এস, এস, আমার পিছনে পিছনে সব এস। আমরা আশ্রমে ফিবছি । । । বাড়ী ফিরছি।

> (কুকুবটা প্রথম অন্ধকে টানিতে টানিতে মোহান্তের নিশ্চল দেহেব নিকট গিয়া দাঁড়াইল)

সকলে

कहे जूमि ? कहे रह ! कान् नित्क योष्ट ? नावधान !

প্রথম অছ

রও! রও! অসতে হবে না! আমি ফিরছি,—কুকুবটা হঠাৎ দীড়িবে পড়েছে। একি? এ:। এ:! কি-একটা ঠাণ্ডা-মতন হাতে ঠেকুলো!

বিতীয় অন্ধ

কি বণ্ছ ? তোমার আওয়ান্ত আর কানে পৌছর না বে।

প্ৰথম অছ

আমি.....বোধ হ'৬৯ আমি কার একথানা মুথের উপর হাত দিছিঃ।

তৃতীয় অন্ধ

বল্ছ কি ? ক্রমে তোমায় বুঝে ওঠাই যে মুক্ষিল হয়ে পড়ল দেখছি। তোমার হ'য়েছে কি ? তুমি কোন্ দিকে ? এরি মধ্যে এত তফাৎ হ'য়ে পড়লে নাকি ?

প্রথম অন্ধ

ওঃ ! ওঃ ! ওঃ ! আমি কিছু ব্রতে পাক্তিনি :—আমাদের মার্যথানে এ যে মরা মারুষ !

সকলে

এখানে মরা মাত্র্য ? তুমি কই ? তুমি কই ?

প্রথম অন্ধ

সত্যি বলছি · · · মরা মানুষ ! ওঃ ! ওঃ ! আমি মড়ার মুখে হাত দিইছি ! · · · আমরা মরার কাছে বসে আছি । আমাদের মধ্যেই নিশ্চম কেউ হঠাৎ মারা পড়েছে । আছো কথা কও, কে কে বেঁচে আছে দেখা যাক ! তোমবা কই ? সাড়া দাও, স্বাই মিলে সাড়া দাও ।

(উন্মাদগ্রস্ত স্ত্রীলোকটি এবং বধির লোকটি ভিন্ন সকলে সাড়া দিল: বুদ্ধা তিনজন নাম জপ বদ্ধ কবিল।)

প্ৰথম অন্ধ

আমি আর গলার আওয়াজে কাউকে চিন্তে পাডিংনে; স্বারি স্বর এক রকম ঠেকছে মৃত্ কাঁগছে i

তৃতীয় অৰ

ছম্পনের সাড়া পাওয়া যায়নি, -----তারা কোথায় ?
(লাঠি বাড়াইয়া দেখিতে গিয়া উহা পঞ্চম অন্ধের গায়ে লাগিল)
পঞ্চম অন্ধ

আঃ! আমি ঘুমুচ্ছিলাম,একটু ঘুমুতে দাও না, বাপু!
যঠ অদ্ধ

এও নয়; তবে কে ? পাগ্লি ? অক্ক স্থবিরা

পাগ্লি আমাৰ পাশে, সে বেঁচে আছে, অমমি ওন্তে পাছি। প্ৰথম অন্ধ

আমাব বোধ হয়.....আমার বোধ হয় এ মোহাস্ত ঠাকুর

•••••

শাভিয়ে রয়েছেন! এস! এস!

দিতীয় অন্ধ

দাড়িয়ে রয়েছেন ?

তৃ গ্রীয় অন্ধ

তা হ'লে বেঁচে আছেন।

অন্ধ স্থবির

करे जिनि ?

र्श्व व्यक्

এস, দেখিগে, এস ! · · · · ·

(সকলে আন্দাজে মৃতের দিকে চলিল; উন্মাদগ্রস্ত স্ত্রীলোকটি এবং অন্ধবধির পুরুষটি গেল না)

দ্বিতীয় অস্ক

কই তিনি ? এইখানে ? ঠিক্ তিনিই ত ?

তৃতীয় অন্ধ

हैं।, हैं।, व्यामि हित्नि ।

প্ৰথম অন্ধ

হে ঠাকুর ! হে দয়াময় ! আমাদের কী উপায় হবে। আনদ্ধ স্থবির।

বাবাঠাকুর! বাবাঠাকুর! এ কি ভূমি ? কি হ'ল ? কেমন ক'রে এমন হল ? বল, বল, সাড়া দাও!…আমরা যে স্বাই মিলে তোমার কাছে এসেছি, ও:! ও:!

অন্ধ স্থবির

একটু জলের জোগাড় দেখ, দেখি ! হয় তো এখনো বেঁচে আছেন.....

দ্বিতীয় অন্ধ

আছো, বেয়ে ছেয়ে দেখা যাক না·····চাই কি, চেতন হ'লে আমাদের পথ দেখিয়ে আবার আশ্রমে নিয়ে যেতেও তো পারেন।

তৃতীয় অন্ধ

वृथा किहा ; तूरक रकारना भक्डे পाष्ट्रिन, मर ठी छा.....

প্রথম অন্ধ

মারা গেলেন · · · · িকছু বলে যেতে পার্লেন না !

তৃতীয় অৰু

আমাদের আগে থেকে সতর্ক ক'বে দেওয়া উচিত ছিল।

দ্বিতীয় অন্ধ

ওঃ কি বুড়োই হ'য়েছিলেন.....এইবার নিয়ে তাঁর মুখে মোট হ'বার আমি হাত দিলাম।

তৃতীয় অন্ধ

(শবের অঙ্গপ্রতাঙ্গ স্পর্শ করিতে করিতে) আমাদের চেন্নে অনেক লম্বা ছিলেন।

দ্বিভীয় অন্ধ

চোধ্থোলা রয়েছে, হাত জোড় ক'বে মরে রয়েছেন। প্রথম অন্ধ

मात्रा शिलन,..... ७४ ७४ मात्रा शिलन.....

তৃতীয় অৰু

দাঁড়িয়ে নয় তো.....পাথবের উপর বলে.....

অন্ধ স্থবির

জগদীখর! বৃক্তে পারিনি.....সব কথা ভাল টেরও পাই
নি,....কতদিন থেকেই তো ভূগ্ছিলেন....না জানি আজ
কতই যন্ত্রণা হ'য়েছিল! ও:! ও:! একদিনের জন্তেও
জান্তে দেননি; হাত ধর্লে বাথা পেতেন.....এখন মনে হ'ছে,
সব সময়ে মাহার বৃক্তে পারে না.....মোটেই পারে না; এস,
কাছে এস, এইখানে বসে সকলে মিলে নাম শোনাও।

(স্ত্রীলোকেরা মৃতদেহ খিরিয়া হাহাকার করিতে লাগিল)

প্রথম অন্ধ

আমি বদতে পার্ব্ব না · · · · ·

দ্বিতীয় অন্ধ

কিসের উপর যে বদ্ছি তার ঠিক নেই.....

তৃতীয় অদ্ধ

অমুখ হরেছিল....তা' আমাদের তো বলেন নি.....

দ্বিতীয় অন্ধ

আজ এথানে আদ্বাব সময় আত্তে আত্তে কি বেন বল্ছিলেন, বোধ হয়, ওই অল্লবয়নী মেয়েটির সঙ্গে কথা কইছিলেন; কি বল্ছিলেন গো ?

প্রথম অন্ধ

ও তা' বল্বে না।

দ্বিতীয় অন্ধ

তুমিও আর আমাদেব কথায় জবাব দেবে না ? কই তুমি ? কথা কও।

অন্ধ স্থবিবা

তোমবা ঠাকুবকে বড় যনগা দিয়েছ,.....মেরে ফেলেছ,
.....তোমবা তাঁব কথা শোননি, এগুতে চাওনি, তাঁর
অমতে পথে বসে পেতে চেয়েছ, দিনরাত বিরক্ত কবেছ, আমি
কতবার তাঁর নিখাস পড়তে শুনেছি, মনে যেন আর শক্তি
ছিল না।

टांपंच अक्ष

তাঁব অহথ ছিল ? তুমি জান্তে ? অক্ক স্থবিব

আমবা কিছুই জান্তে পারিনি, আমবা তাঁকে চক্ষেও দেখিনি! আমাদেব এই নির্জীব, নিস্তেজ, নিঃসহায় চোথের সমূধ দিয়ে কী যে ঘটনা ঘটেছে, তা'কি কোনো দিন আমরা জান্তে পেরেছি? তিনিও কিছুই বলেন নি.....এখন আর ফেরবাব নয়। আমি তিনজনেব মৃত্যু দেখ্লাম,কিন্তু এমন দেখিনি.....এবার আমাদের পালা।

প্ৰথম অন্ধ

তাঁকে কষ্ট.....আমি বাপু দিইনি,.....আমি কখনো কিছু বলিনি.....

দ্বিতীয় অন্ধ

আমিও না; ঠাকুর যা বলেছেন বিনা ওজরে তাই করিছি...

ততীয় অন্ধ

তিনি ঐ পাগলিটাব জন্মে জল আন্তে যাচ্ছিলেন...যেতে যেতে মারা গেছেন।

প্রথম অন্ধ

এখন কি করা যায় ? আমবা যাই কোণা ?

তৃতীয় অন্ধ

কুকুবটা কই ?

প্রথম অন্ধ

এই যে; ও ঠাকুরেব মৃতদেহ ছেড়ে নড়তে চাইছে না।

তৃতীয় অন্ধ

টেনে তফাৎ কবে ফেল ৷ তাড়িয়ে দাও ৷ তাড়িয়ে দাও !

প্রথম অন্ধ

ও মড়া ছেড়ে নড়ছে না।

দিতীয় অন্ধ

ভামরা মড়া কোলে করে কতক্ষণ বদে থাক্ব ? এই অন্ধকারে এমনি ক'রে মর্কা নাকি ? তৃতীয় অন্ধ

ঘেঁ সাথে সি ক'রে বস; সর না, নড় না; হাত ধর, হাত ধর;
সবাই মিলে এই পাথরখানার উপর বসা যাক্কই আর সব
কই ৪ এইখানে এস ! ...এস !

অন্ধ স্থবির

তুমি কোনখানে ?

তৃতীয় অন্ধ

এই বে, এই দিকে। আমবা সবাই এসেছি তো ? আরো কাছে এস। তোমার হাত কই ? ইস...ভারি ঠাণ্ডা বে !

অন্ধ তক্ণী

ওঃ! তোমার হাতটা কী ঠাণ্ডা!

তৃতীয় অন্ধ

তুমি কচ্ছ কি ?

অন্ধ তরুণী

আমি চোথ কচ্লাচ্ছিলাম, মনে হচ্ছিল, বুঝি আবার দেখ তে

প্রথম অন্ধ

कांति (क १

অন্ধ স্থবিরা

পাগলি ফেঁাপাচ্ছে!

প্রথম অছ

অথচ কোনো থবরই দে রাথে না !

অন্ধ স্থবির

এইথানেই আমাদের মৃত্যু আছে দেখছি.....

অন্ধ স্থবিরা

কেউ-না-কেউ আস্তেও পারে · · · · · · ·

অন্ধ স্থবির

আর কে আসবে ? কে আসা সম্ভব ?

অন্ধ স্থবিরা

তা' কি জানি · · · ·

প্রথম অন্ধ

ভৈরবীরা এলেও আসতে পাবেন—

অন্ধ স্থবির

সন্ধ্যার পর তাঁরা তো আশ্রমেব বা'র হ'ন না।

অন্ধ তৰুণী

তাঁরা মোটেই বেবোনু না।

দ্বিতীয় অন্ধ

হয় তো বাতিখরের লোকজন আমাদের দেখতে পাবে।

অন্ধ স্থবির

তারা নীচে নামে না।

তৃতীয় অদ্ধ

আমাদের স্বাইকে দেখতে তো পেতে পারে

অন্ধ স্থবির

ममूरज्ञ मिरकर्रे मर्समा जात्मत्र नक्षत्र।

তৃতীয় অন্ধ

কি শীত !

অন্ধ স্থবিরা

ঝরা পাতার মধ্যে মর্শ্বব শক্তন্ছ...আমার বোধ হয় সব জমে
বাচ্ছে।

অন্ধ তক্ষণী

ইস্! মাটি কি কঠিন!

তৃতীয় অন্ধ

আমার বা দিক থেকে একটা শব্দ পাচ্ছি···কিন্ত কিছুই ঠাওরাতে পাচ্ছিনে।

অন্ধ স্থবিন্ন

ও সাগরের ঢেউ, পাহাড়ের উপর আছড়ে পড়ে' গোঁ গোঁ কচ্ছে।

ততীয় অন্ধ

আমি বলি-মেরেরা।

অন্ধ স্থবিব

ঢেউয়েব ঘায়ে বরফ ভাঙার শব্দ পাচিছ।

প্রথম অন্ধ

এত কাঁপছে কে হে ? পাথবখানা স্থন্ধ কাঁপিয়ে তুলেছে যে ? সঙ্গে সঙ্গে আমবাও দিব্যি হুলুছি !

দিতীয় অন্ধ

হাতেব মুঠো আব খোলা যাছে না !

অন্ধ স্থবির

একটা শব্দ পাচ্ছি, ... কিন্ধ কিছু বুঝতে পাচ্ছিনে।

প্ৰথম অন্ধ

কে এত কাঁপে হে ? পাথবথানা হৃদ্ধ যে ঠক্ ঠক্ ক'বে নড়ছে।

অন্ধ স্থবিব

বোধ হচ্ছে মেযেদেব মধ্যে কেউ।

অন্ধ হণিবা

বোধ হয় আমাদেব পাগলি সব চেমে বেশী কাঁপছে।

তৃতীয় অন্ধ

ওব ছেলেব ভো কোনো সাডা পাচ্ছিনে।

অন্ধ স্থবিবা

বোধ হয় শুগুপান কচ্ছে।

অন্ধ স্থবিব

স্থামবা যে কেমন ঠাঁয়ে বইছি, তা' কেবল ওই ছেলেটিই দেখতে পায়।

প্ৰথম অন্ধ

' আমি উত্তে হাওয়াব শব্দ পাঞ্চি।

ষষ্ঠ অন্ধ

আমাব বোধ হয় আব নক্ষত্র নেই।.....এখনি ববফ পড়ুভে স্থক হ'বে।

দ্বিতীয় অন্ধ

ভবেই গিইছি।

তৃতীয় অন্ধ

যদি আমাদেব মধ্যে কেউ ঘুমিয়ে গড়ে,...তাকে জাগিয়ে দেওরা চাই।

অন্ধ স্থবির

এখনি আমার গা গুন ঘুন্ কর্চেছ......

(উদাম বাতাদে ঝবা পাতাগুলি ঘুরিতে লাগিল)

অন্ধ তরুণী

পাতার মর্ম্মব শব্দ শুন্ছ ? আমার বোধ হ'ছেে কেউ আমাদের দিকেই আদ্ছে।

দ্বিতীয় অন্ধ

ও বাতাস; ওই!

তৃতীয় অন্ধ

আর কেউ আসছে না !

অন্ধ স্থবির

ভাবি শীতেব দিন আস্ছে.....

অন্ধ তকণী

দূবে কাব পায়েব শব্দ পাচ্ছি।

প্রথম অন্ধ

আমি শুকনো পাতার আওয়াল পাচিছ।

অন্ধ তকণী

এথান থেকে অনেক দূবে কে যেন চলে বেড়াচ্ছে।

দ্বিতীয় অন্ধ

আমি কেবল বাতাসের সাড়া পাছি।

অন্ধ তক্ষণী

আমি বল্ছি...নিশ্চয়ই কেউ আসছে......

অন্ধ স্থবিরা

খুব আন্তে আন্তে আদছে, • হঁ আমিও গুনতে পাচ্ছি।

অন্ধ স্থবির

আমার মনে নিচ্ছে,—মেরেদের কথাই ঠিকু!
(ফুল্কি-বরফ ও পাপ্ডি-বরফ ঝরিডে লাগিল)

প্ৰথম অন্ধ

উ:! আমার হাতের উপর...কন্কনে ঠাণ্ডা...এ আবার কি পড়তে লাগ্ল ?

ষষ্ঠ অন্ত

বরফ পড়ছে।

প্ৰথম অন্ধ

একটু ঘেঁষাঘেঁষি ক'রে বদা যাক্।

অন্ধ তক্ণী

ওই শোনো.....পায়ের শব্দ !

অন্ধ স্থবিরা

দোহাই! একবার চুপ্কর না বাপু!

অন্ধ তকণী

কাছে আস্ছে! খুব কাছে আসছে, ওই!
(অন্ধকারে পাগ নির ছেলেটি কাঁদিতে আরম্ভ করিল)

অন্ধ স্থবির

ছেলে কাঁদছে।

অন্ধ তৰুণী

ও দেখ্তে পার! দেখ্তে পার! কাঁদ্ছে, নিশ্চর কিছু দেখতে পেরে কাঁদ্ছে। (ছেলেটিকে পাগ্লির কোল হইতে কাড়িরা নইরা, যেদিকে পদশব্দের মত শব্দ শোনা যাইতেছিল সেইদিকে অগ্রসর হইতে লাগিল। অক্সান্ত জীলোকেরা সো্ছেগে তাহাকে ঘিরিয়া চলিল)

আমি বাহিছ ! · · · · · ·

অন্ধ স্থবির

সাবধান!

অন্ধ তরুণী

আঃ! ভারি কাঁদতে লাগ্ল! কি ? কাঁদিন নে... ভর কি ? কোনো ভর নেই, এই যে আমরা;.......কি দেখ্তে পাছিন ? ভর নেই ৷ কেঁদনা! কি দেখ্তে পাছে ?...... বল, কি দেখ্তে পাছে ?

অন্ধ স্থবিরা

পায়ের শব্দ এগিয়ে আদ্ছে, ওই শোনো! ওই!

অন্ধ স্থবির

আমি ঝরা পাতার উপর যেন আঁচলের থস্ থস্ শব্দ পাচিছ।

ষঠ অন্ধ

ন্ত্ৰীলোক নাকি ?

অন্ধ স্থবির

পায়ের শব্দ তো ?

প্ৰথম অন্ধ

হয় তো সাণরের ঢেউ···ভক্নো পাতার উপর **পড়ে খড়** শব্দ কচ্চে।

অন্ধ তরুণী

না, না ! পালের শক্ই ! পালের শক্ই ! অস্ক ফবির!

এখনি জানা যাবে; কান পেতে থাক! কান পেতে থাক! অন্ধ তহনী

শুন্ছি, শুন্ছি,...খ্ব কাছে বোধ হচ্ছে; পাশে বর্লেই হয়!

প্তই! প্তই!......কি দেখ্ছিস্-----কি দেখ্তে পাচ্ছিস্?

অৱ শুবিরা

কোন দিকে তাকাচ্ছে ?

অন্ধ তরুণী

বেদিক থেকে পারের শব্দ শুন্ছি; সেইদিকটাতেই কেবল যাড় কেরাছে। কেবল যাড় কেবাছে। দেথ। দেথ। আমি ওর মুথথানা অন্ত দিকে ফিরিয়ে দিলাম, ও আবার দেথ্বার জন্তে তথনি মাথা ঘ্রিয়ে নিলে। ও দেথতে পার। দেথতে পার। নিশ্চর একটা নতুন কি দেখেছে।

অন্ধ স্থ বিরা

উচু ক'রে ধর, আমাদের চেয়ে উচু ক'রে ধর, ভাল ক'রে। দেখুক্।

অন্ধ তরুণী

সরে যাও! সরে যাও!

(ছেলেটকে অন্ধদের মাথার উপর যথাসাধ্য উচ্চে ধরিল) পারের শব্দ--আমাদেরই মাঝধানটাতে এসে...মিলিরে গেল !.....

অন্ধ স্থবির

वह त। वह त। वह जामापत मायशान।

त्रज्ञभन्नी

অন্ধ তরুণী

কে তুমি? কে ?

(কেহ সাড়া দিল না)

অন্ধ স্থবিরা

मयो कत (गो। व्यक्षक्रान मयो कता।

(নিস্তন্ধতার মধ্যে ছেলেটি ভয়ানক কাঁদিতে লাগিল)

যবনিকা

নিদিখ্যাসন

পাত্র ও পাত্রী

কৰ্তা

গৃহিণী

ভূত্য

নিদিখ্যাসন

প্রথম দৃশ্য

ক্স

কৰ্ত্তা

ঙহানা সান্ চিঠি লিখেছে, সে আমার আসার আশার পথ তৈরে থাক্বে; আজ সন্ধাবেলার খেমন ক'রে হোক দেখা করতে হ'বে। সেই ন'গাঁওরে চারের দোকানে আলাপ, বেচারী দেখ্ছি আমার ভূলতে পারেনি। সন্ধান নিয়ে নিয়ে এতদ্র পর্যান্ত এসেছে; এসে এখন সহরতলীতে বাসা নিয়ে আছে। কিন্ত যাইই বা কি ক'রে? আমার খ্যাকশেয়ালিরপিণী অর্দ্ধান্তনীটির ভারি কড়া পাহারা; ঘাঁটি এড়িয়ে যাওয়া যায় কেমন ক'রে? কী বলা যায় ওকে? কিছু একটা মংলব আঁট্তে হ'ল দেখ্ছি! হঁ, আছো; একবার ডাকি এই দিকে। ওগো! ওগো! ওন্ছ? ওগো!

গৃহিণী

(নেপথ্যে) কি ভাগিয় ৷ হঠাৎ আমায় যে বড় ডাকা হচ্ছে ? কন্তা

एँ, একবার এই দিকে এস।

গৃহিণী

(প্রবেশ করিয়া) ছজুরের যে ছকুম !

কৰ্ত্তা

দেখ, তোমায় ডাক্ছিলুম; কেন তা' জান ? এই—ক'দিন থেকে আমি ক্রমাগত হঃস্বপ্ন দেখ্ছি,—তাই—

গৃহিণী

ছঃস্বল্প হজমের গোলমাল হলেই অমন হয়; তা'ও-সব তুমি রাত্তির দিন অত ভেব না।

কৰ্ত্তা

যা' বলে। বেশীর ভাগ স্বপ্ন হজমের গোল থেকেই জ্মার;
কিন্তু আমি যে রকম স্বপ্ন দেখি সে হজ্মী গুলিতে সারবার নর;
আমার ক্রমেই যেন মন টন সব দমে যাচ্ছে। দিন কতক কোনো
তীর্থে গিয়ে থাক্ব মনে কর্ছি, দেবতাদের পূজো টুজো দিরে
দেখা যাক!

গৃহিণী

তা' কোথার যাবে ?

কৰ্ত্তা

প্রথমে ভেবেছি, সহরে যত দেবতার স্থান, সাধুর আন্তানা আছে—সব জান্নগান্ন পূজো দিনে, তারপর দেশে যত মঠ মন্দির আছে সমন্ত পারে হেঁটে প্রদাকণ ক'রে আস্ব।

গৃহিণী

না, না, না,—সে হ'বে না; বাড়ী ছেড়ে তোমার কোথাও থাকা টাকা হ'বে না। পূজো আচ্চা, শাস্তি, স্বস্তায়ন—যা' কর্ছে হয় তা' এই বাড়ীতে বসেই করা ভাল।

কৰ্ত্তা

বাড়ীতে ? হঁ:; বাড়ীতে আবার হাঙ্গামা—

গৃহিণী

হাঙ্গামা কিলের ? আমি সব ঠিক ক'রে ওছিয়ে গাছিরে দেব এখন ; তুমি হাতে মাথায় ধুনী জালাও!

কৰ্ত্তা

কী বল আর কী কও! ও সব কি পুরুষ মায়ুবের কর্মাণু বিশেষ তো আমি!

গৃহিণী

বাড়ী ছেড়ে পূজো ফুজোব কথা আমি কিছুতেই ভূন্ব না। ও সব হবে টবে না।

কৰ্ত্তা

বেশ গো বেশ। আমারই কি ইচ্ছে—যে বাড়ী ঘর দোর ছেড়ে দেশে দেশে ঘুরে বেড়াই, তুমিও হয়েছ তেম্নি অবুঝ, কি বে বল তার ঠিক নেই, একটা মংলব তো দিতে পারলে না। চুলোয় যাক্।...বাড়ীতে? ঘরে ব'সে (চিস্তিতভাবে পরিক্রমণ) এই! হয়েছে—পাওয়া গেছে! মনে পড়েছে,—শ্রবণ—মনন—নিদিধ্যাসন!

গৃহিণী

निमिधानन ? त्र व्यावात्र कि ?

কৰ্ত্তা

জান না ? তা' না জান্বারই কথা, তুমি জান্বে কি ক'রে ? একি এ কালেব কথা ? সেই—যে যুগে বোধিধর্ম ভারতবর্ষ থেকে ধর্মপ্রচাব কর্ত্তে জাপানে আসেন এ সেই যুগের কথা। বোধিধর্ম নিদিধাসন কর্ত্তেন। এ কি ক'বে করে তা জান ? ধ্যানকম্বলে আগাগোড়া মুড়ি দিয়ে মন্ত্র জপ কর্ত্তে হয়। কর্ত্তে কর্তে কর্তে যথন ভূত ভবিষাৎ সমস্ত চিন্তা মন থেকে মুছে যার, তথনি মুক্তি; সমস্ত পাপ কর হয়ে যার আর কি! ভারি কঠিন ক্রিয়া।

গহিণী

তা—ও কর্ত্তে কতক্ষণ লাগে ?

কৰ্ত্তা

তা' বল্তে কি,—তা' কারো কারো হ'তিন হপ্তা লাগে, কারো আবার বেশীও লাগুতে পাবে।

গৃহিণী

উহঁহঁ, সে হ'ৰে না, অত দিন কি-

কৰ্ত্তা

আচ্ছা, না হয়, তুমিই ব্যবস্থা দাও---

গৃহিণী

ঘণ্টাথানেক—আমি বলি ঘণ্টাথানেক হ'লেই ঢের হ'ল, আছা স্থ্যান্ত পথ্যন্ত না হয় চেষ্টা কোরো—কম্বল মুড়ি দিয়ে থাক্তে।

কৰ্ত্তা

আরে ছি: ৷ নেহাং ছেলে মামুষের মত কথা বল্ছ তুমি ৷

মন স্থির কর্ত্তেই তো স্থ্যান্ত। বরং স্থ্যান্ত থেকে স্থ্যোদর পর্যান্ত প্রকৃত নিদিধ্যাসনের সময়।

গৃহিণী

সমস্ত দিন—সমস্ত রাত ?

কৰ্ত্তা

इं-डे।

গহিণী

উহঁ, ও আমার মনের মতন ব্যবস্থা হ'ল না; তা'—তা'— আচ্ছা,—তাই সই, যখন তোমার নেহাৎ ইচ্ছে হয়েছে, তাই হোক, একদিন একরাত।

কৰ্তা

সত্যি বল্ছ ?

গৃহিণী

সত্যি।

কৰ্তা

ও: সে হ'লে তো ভালই, সে হ'লে তো ভালই হয়। কিন্তু দেখ, আমি যেখানে নিদিধ্যাসনে বস্ব সে ঘরে স্ত্রীলোকের প্রবেশ নিষেধ। শাস্ত্রে লিখ্ছে তা হ'লে সব নষ্ট হবে। উকি ঝুঁকিও দিয়ো না, যদি দাও, পাপের ঝুঁকি তোমার উপর। আগে থাক্তে সাবধান করে দিচিছ, ব্ঝ্লে ?

গহিণী

বেশ, আমি আস্ব না গো আস্ব না ; হ'ল তো ?

কৰ্ত্তা

রাগ ক'রনা, ভালোয় ভালোয় আমার মনস্কাম পূর্ণ হয়ে গেলে, তথন আর আদতে কোনো বাধা নেই।

গৃহিণী

তাই হবে। (গমনোম্বত)

কৰ্তা

८मथ !--

গৃহিণী

আবার কি 🕈

কর্ত্তা

যা' বলুম, মনে থাকে যেন, এ ঘরে যেন এসে পড় না।
শাল্তে বলে—'হাউ চাউ যার রালা ঘরে, ধ্যান কর্বেনে কেমন
করে' ? আর যাই কর—এদিকে কিন্তু এস টেস না।

গৃছিণী

ভর নেই গো ভর নেই, আমি এ ঘরের ছাওরাও মাড়াব না।
কর্মো

তবে শেষ হওয়া পৰ্য্যস্ত---

গৃহিণী

শেষ হ'য়ে গেলে—কিন্তু ডেকো আমার।

কৰ্ত্তা

হাঁ, হাঁ, নিশ্চয়।

(স্ত্রীর প্রস্থান)

হা—হা—হা, মেয়েগুলো নেহাৎ থাজা, সত্যি ভাব লৈ নিদি-খাসন—হা—হা—হা! কম্বল মুড়ি দিয়ে নিদিখাসন ? হা— হা—হা! ওরে ছোকরা—ওই! ভূতা

(নেপথ্যে) আজে :

কৰ্ত্তা

আছিদ্ ওথানে।

ভূত্য

আছি আজ্ঞে।

(প্রবেশ)

কৰ্ত্তা

এই यে হাজির 'আজে'।

ভূত্য

হুজুরের মেজাজটা আজ ফুরতি ফুরতি মালুম হচ্ছে—-

কৰ্ত্তা

আজে; ফ্রতির কারণ আছে, আজে; আজ ওহানা সানের সঙ্গে দেখা করতে যাব, তা তো তুই জানিদ্; কিন্তু তোর মাঠাকরণ বোধ হয় ব্যাপারটার আঁচ পেয়েছে। তাকে ভোলাবার এক ফিকিরও করিছি। তাকে বলিছি বে আজ সমস্ত দিন রাত কম্বল মুড়ি দিয়ে ধাান করব।

ভূত্য

জবর ফিকির-

কৰ্ত্তা

আছো; এখন তোকে একটি কাজ করতে হ'বে। পারবি কিনা, বল।

ভূত্য

বলুনু এগিয়ে—

কৰ্ত্তা

বলি, শোন্; কথাটা হচ্ছে এই, যে, তোকে আমার বদলে কমল মুড়ি দিয়ে বসে থাক্তে হ'বে,—আমি ফিরে আসা পর্যান্ত ; ব্ঝিচিস্ তো ? যদিও তোর মাঠাক্রণকে এ ঘরে চুক্তে বারণ করিছি, তবু, কি জানি ? যদিই ঢোকে,—সাবধানের মার নেই—কি বলিস্ ?

ভূত্য

আজে, তার আর কি ? কম্বল মুড়ি দেওরাটা আর বেশী কথা কি ? তবে, যদি ঠাক্রণের কাছে ধরা পড়ি, তো পরাণটা যাবে, তাই বল্ছিলাম কি—

কৰ্ত্তা

বল্ছিলুম টল্ছিলুম নর। এ তোকে কর্তেই হবে; প্রাণ বাবে কি ? আমি থাক্তে প্রাণ বাবে কি রকম ? আমি বখন রইছি তখন তোর ভর কি ?

ভূত্য

তা' আপুনি যথন বল্ছ তথন ভর নেই।—তা'—তা'—এবারটা আমায় মাপ কর।

কৰ্ত্তা

না, না, সে হবে না ; এ তোকে কর্তেই হ'বে ; আমি যথন বল্ছি তথন তোর মাথার একগাছ চুল ছোঁয় কার সাধ্য।

ভূত্য

মাফ করুন, কর্তা মাফ করুন।

কৰ্ত্তা

আবে গেল যা'! গিরির ভয়ই ভয়, কর্তাটা কেউ নয়—না ? এত বড় স্পর্কা তোর—তুই আমার হুকুম অমান্ত করিণ্!

ভূত্য

(জিভ্কাটিয়া) বাপ্রে।

কৰ্ত্তা

আমার উপর টেকা !

ভূত্য

ना रुक्र ना, आश्रुनि या वन, भव छन्त ।

কৰ্ম্ভা

সত্যি বল্ছিদ্ তো —ঠিক ? —আঁা ?

ভূত্য

व्याख्य।

কৰ্ত্তা

হী:—হী:, আমি তোকে ভর দেথাচ্ছিল্ম; তবে থাকিস্, বুক্লি!

ভূত্য

रुष्द्रतत त रुक्म रत्र।

কৰ্ত্তা

ব'স্ এইখানে, আমি নিজেই তোর নিদিধ্যাসনের ব্যবস্থা ক'রে দিছিছে। নভিস্ নে।

ভূত্য

व चांटक।

কৰ্তা

এম্নি ক'রে ব'স্-এই।

ভূত্য

আজ্ঞে পায়ে হাত দিয়োনি।

কৰ্ত্তা

দেখ, এই কম্বলটা এইবার বেশ ক'রে মুড়ি দিয়ে নে। একটু কষ্ট হ'বে—তা' আব কি করবি বল।

ভূত্য

যে আজে।

কৰ্ত্তা

এই —এই। কিন্ত থবরদার ! তোর মাঠাক্রণ যদি কম্বণ

খুলতে বলে—খবরদার খুলিস্ নে—বুঝিচিস্ তো ?

ভূত্য

সে আমাকে শিখুতে হবে নেই। আপুনি ভয় করবেন নাই।
কর্ত্তা

আমি শীগ্গিরই ফিরব, বেশী দেরী হবে না।

ভূত্য

দয়া ক'রে একটুকু শীগ্গিরি এস যেন ছজুর।

কৰ্ত্তা

যাক্, বাঁচা গেল, এইবার বেরিয়ে পড়া যাক্; ওহানা হয় তো আমার বিলম্ব দেখে এতক্ষণ অস্থির হ'য়ে উঠেছে।

(প্ৰস্থান)

(জানালার গৃহিণীর প্রবেশ)

গৃহিণী

উট্ট, আমাব কিন্তু সন্দেহ হচ্ছে, আমায় অতবার ক'রে এ ঘরে জাসতে মানা করলে কেন ? ধানি ভঙ্গ হ'বে ?...তা একবার বারণ করলেই তো হ'ত;…উকি ঝুঁকি দিয়ে দেখুতেও মানা করলে,...আমার ভারি সন্দেহ হচ্ছে (দরজার কাছে আসিয়া উকি দিয়া) এ কি ? না:, ভারি কটের ব্রত, একেবারে আগাগোড়া মুড়ি ! আমি হ'লে হাঁফিরে মরতুম। (অগ্রসর হইয়া) ওগো দেখ, দেখ, তুমি আমায় আদতে বারণ করেছিলে.—কিন্ত আমি থাক্তে পারলুম না; কম্বলের ভিতর কট হ'ছে ? আঁচা ? কষ্ট হচ্ছে

 একবার একটু চা খেয়ে নিলে হ'ত না ?...ই্যা গা ! একটু চা ? নিয়ে আসব ? (কমলের ভিতর হইতে অসমভিস্চক শির-চালন) বুঝিচি, বুঝিচি, তুমি রাগ ক'রেছ-রাগ করবারই কথা; তুমি অত ক'রে বারণ করলে তবু এসিচি, আমাব ঘাট হয়েছে, তুমি আমায় এবাবের মতন মাফ কর: আমার কথা রাথ, ওই কম্বলটা একটু ফাক কবে দাও, মুখে মাথায় ছাওয়া লাগুক্—তোমার কষ্ট হ'ল্ছে (পুনর্কার কম্বলের ভিতর হইতে व्यवचित्रहरू भित्रन्हानन) ना. ना। "ना" वरह इ'रव ना: তোমার মুড়ি দেওয়া দেখে আমার হাঁফ ধরছে ও তোমার খুল্তেই হ'বে; শুন্ছ? ওগো! হাঁফ ধরবে, খুলে ফেল; খোলো থোলো (কম্বল ধরিয়া টানাটানি করিতে করিতে ভূত্য বাহির হইয়া পড়িল) এ কি ৷ তুই ৷ তুই হতভাগা ৷ তোর বাবু কোথায় लिंग ? बन्। वन्। वन्वि तन ? वन्वि तन ?

ভূত্য

তা তো স্বামি বল্তে পাবলাম্ নেই। গৃহিণী

রাগে আমার সর্কশরীর জলে যাচছে,—সর্কশরীর জলে যাচছে;
নিশ্চয় সেই পোড়ারমুখীর সঙ্গে দেখা করতে যাওয়া হয়েছে।
(ভ্ত্যের প্রতি) তুই জানিস্নে গু আমার সঙ্গে চালাকি ?
বল্বি নে ? বল্বি নে ? বল্ শিগ্ণীর, নইলে তোকে আন্ত
রাখ্ব না, এই ব'লে দিলুম।

ভূত্য

আজে, আমি—আমার কি অপরাধ? তা আপুনি যথন ক্ষুদ্চেন—তথন আর ঢাক্ ঢাক্ গুড় গুড় ক'রে কি করব? বাবুমশায় ওহানা ঠাকরুণের সঙ্গে সাক্ষাৎ করতেই গেছেন।

গৃহিণী

কি বল্লি ? ওহানা ঠাকরুণ ? ওহানা কুকুর—বল্—ওহানা কুকুর। দেখা করতে গেছে ?—গেছে ? আঁয়া ?

ভূত্য

আজে।

গৃহিণী

রাগে আমার চোধ্ দিরে—জল আস্ছে, আমার কারা পাছে (ক্রন্ন)।

ভূতা

তা তো' হ'তেই পান্নে; কান্না তো পেতেই পান্নে। গৃহিণী

(চোধ মুছিয়া) থাম তুই, তোকেও ঘা কতক দিতুম, যদি

সব কথা খুলে না বল্তিস্। এবারের মতন মাফ করলুম্। এখন ওঠ্!

ভূত্য

আজে, আপুনি হলেন মুনিব আপনার কাছে তঞ্চক ?

গৃহিণী

আচ্ছা, আচ্ছা, এখন বল্—ঠিক করে বল্, এ কম্বলের ভিতর ভূই কেন বদেছিলি ?

ভুত্য

আজে বাবুর হকুম, আমায় বাবু বল্লে "তুই এমনি ক'বে আসন পীড়ি হ'রে কম্বল মুড়ি দিয়ে বসে থাক্" আমি গোড়ার রাজী হই নেই, শেষে বাবু ভয় দেখাতে নিম্রাজী গোছ হ'রে— থাক্তে হ'ল।

গৃহিণী

তা' তোর আর দোষ কি ? দেখ্, এখন তোকে আমার একটি কাল্প,করতে হবে ; কেমন পারবি তো ?

ভূত্য

তা আর পারব নেই ?

গৃহিণী

তবে নে, এই কম্বনটা নিয়ে আমার আপাদমন্তক ঢেকে দে; তোর বাবু যেমন ক'বে তোকে ঢেকে দিয়েছিল ঠিক্ তেম্নি; বুঝ্লি তো?

ভূত্য

আজে আপুনি মা-বাপ, তোমার কথা কি আমি ঠেল্তে পারি ?

তবে, বাবু মশার বদি জান্তে পারে, তবে আমাকে টেরটা পাইরে। দেবে।

গৃহিণী

না, না; কিছু বল্বে না; আছো, বলে তো আমি তার দায়ী; এখন নে।

ভূত্য

আজে এবারটা আমার ছাড়ান্ দিলে গরীব বেঁচে যাই। গৃহিণী

বল্ছি ভোর কোনো ভয় নেই তবু ভাান্ ভাান্ করবি ? বাবু যদি তোর গাম্বে হাত দেয় তো আমি তাকে দেখে নেব।

ভূত্য

আজে, তা হ'েলই হ'ল, আপুনি যথন মধ্যস্থ হচ্ছ তখন আর ভয়টা কিনের ?

গহিণী

তা' আর বল্তে, এখন নে দিকিন্।

(ALD)

এগিয়ে—বস আপুনি।

গৃহিণী

(তথাকরণ) বসিছি।

ভূত্য

আপনার কষ্ট হ'বে কিন্তুন্—

গৃহিণী

তা হোক্। কিন্ত দেখ এমন ক'রে ঢাকা দিয়ে দিবি বেন বৃক্তে না পারে। ভূত্য

ইস্! সাধ্যি! আমি মড়া-ঢাকার মতন ক'রে ঢেকে দেব; দেখ না, আপুনি।

গৃহিণী

र्'ख्रिष्ट् ; এখন या' जूरे ... क्रिक्रा ।

ভূত্য

যে আজে।

(প্রস্থানোম্বত)

গৃহিণী

ওরে দাঁড়া, দাঁড়া, সব ফাঁশ ক'রে দিস্লি যেন, বুঝিচিস্ তো ?

ভূত্য

তা' আর বন্তে।

গৃহিণী

আমি ভন্ছিল্ম যে তোর নাকি একখানা রেশমী চাদরের স্থ্ হ'রেছে ? সত্যি ? তা' তার আর ভাবনা কি ? আমি তোকে দেব, ব্ঝিচিস ? আমার নিজের তৈরী একটা প্রসা রাখ্বার রেশমী গেঁজেও সেই সঙ্গে দেব এখন।

ভূত্য

আজে আপুনি মা বাপ---

গৃহিণী

এখন যা' পালা।

ভূত্য

বে আজে।

কৰ্ত্তা

(নেপথ্যে গান)
ভোরের পাথী ডাক্বে ভোরে,—
তোমার বা' কি ? আমার বা কি ?
চোথে দেখেই ফিরব, ওরে।
ভোরের আমি থোঁজ কি রাথি ?
ঝাউরের বনে উঠছে হাওয়া,
পড়ছে মনে তার সে আঁথি!
জড়িরে গেছে মলিন ছায়া
আলোর লেখা নাইক বাকী।
(প্রবেশ করিয়া)

ছনিয়ার গতিক্ই এই; গোপন প্রেমের ধারাই এম্নি; কিন্ত তা' বলে কি ভূল্তে পারা বায়; তাকে যতই দেখছি মনটা ওতই যেন তার উপর বদে যাচছে।

আহা, ভূল্তে নারি ভূল্তে নাবি
ফাণ্ডন ফুলেব ফুল্কি,
কপালে তার নতুন বাহার
ফুলের মতন উল্কি !

আরে ছ্যা ছ্যা, এ করছি কি ? পাগলের মতন নিজের মনেই বক্ছি যে ! বাঃ ! আর ওদিকে চাকর ছোঁড়াটা কম্বলের ভিতর ইাপিরে মারা বাচ্ছে। ওরে ! ওরে ! ও ছোক্রা ! আমি এসেছি ! আমি এসেছি ! আমি এসেছি ! তোর ভারি কট হয়েছে...তা' কি করব বল্ অয়ঃ বসা বাক্। (উপবেশন) ওরে ! কম্বলটা এইবার খুলে ফেল না, আর নিদিধ্যাদনের দরকার কি ?...লজ্জা হচ্ছে বুঝি, আমার সাম্নে

ধ্যান ভাঙ্তে লজ্জা হচ্ছে । হাঃ ! হাঃ ! । । তা' থাক্ একটু
জিরিয়ে নিই ততক্ষণ ৷ ততক্ষণ ওহানা সানের সব কথাবার্তা
তোকে বলি শোন্; ভন্তে ইচ্ছে হয় তো বল, আঁয়া । (কম্বলের
ভিতর সম্মতিস্চক শিরশ্চালন) বেশ ! বেশ ! তবে বলি শোন্।
এখান থেকে বেরিয়ে তো এক রক্ম উদ্ধানে ছুট্তে স্থক করা
গেল; তা সত্ত্বেও পৌছুতে প্রায় সন্ধ্যা হ'য়ে গেল। মনে মনে ভাব্ছি
ওহানা সান্ আমার বিলম্ব দেখে না জানি কতই উদ্বিয় হয়ে
উঠেছে। চীনেদেব কবি লি-শং-য়িনের মতন সে হয় তো বল্ছে—

"কথা দিয়েছিল, তবুও এল না, তৃতীয় প্রহর কাটিল জাগি; দেবদারু বনে পল্লব নড়ে আমি ভাবি—মোর বন্ধ না কি গ"

এই কথা ভাব্তে ভাব্তে চলিছি এমন সময় ভন্তে পেলুম কে খুণ খুণ বারে গাইছে—

বাতির আলো মলিন হ'ল

বাইরে কাঁদে হাওয়ার বীণা;

পথ চেয়ে মন — ক্লান্ত--নয়ন,

বল্গো সে আজ আস্বে কিনা!

এ ওহানার গলা না হ'রে যার না; আমি আন্তে আন্তে
শিকলাট নাড়লুম। অম্মি ভিতর থেকে ওহানা বলে উঠ্ল 'কে
গো ? কে ?' তথন বৃষ্টি পড়ছে, আমি বলুম 'এই বৃষ্টিতে কে
এসৈছে বলে বোধ হয় ?' অম্নি পারের শন্দ, আর সঙ্গে সঙ্গে
রিনিঝিন্ ক'রে থিড়কীর শিক্লী খুলে ওহানা সান্ একেবারে

আমার সাম্নে হাজির। সে আমাকে হাত ধ'রে থাতির ক'রে বাড়ীব ভিতর নিয়ে গেল: আর বাবে বারে বলতে লাগ ল "আমরা পাড়াগেঁরে লোক. সহরে লোকের আদব-কার্দা জানিনে, মাপ করবেন।" তার পর সে তোর কথা জিগ গেস করলে. বলে 'তোমার সেই চাকর ছোকরাটিকে নিয়ে এলে না কেন ?' আমি তথন নিদিধ্যাদনের কথা খুলে বলুম,—তোকে যে বকল্মা দিয়ে এসেছি তাও বল্লুম, ভনে খুব হাদতে লাগল। তার পর আবার ওহানা তোর জন্মে দু:খ করতে লাগল, বললে, "আহা ! বেচারা আমাদের জন্মে কম্বল মুড়ি দিয়ে এতক্ষণ না জানি কত কণ্টই ভোগ করছে: ছোকরা তোমার ভারি বাধ্য: তার যাতে ভাল হয় দেদিকে কিন্তু তুমি দৃষ্টি রেখ। ওর এই সব কথাবার্তা ভনে আমি তো একেবারে মুগ্ধ হ'রে গেলুম, ভাব্তে লাগলুম, ওহানা সানের হৃদয় কী মধুর ! সামান্ত একজন চাকরের ছ:খে সে হঃখিত: আর আমার খ্যাকশেয়ালিরপিণী গৃহিণী ৽ — কেবল খাঁাক্ খাঁাক্ করতেই আছেন! (কম্বলের ভিতর বিষম চঞ্চলতা) তার পর বুঝ লি, হ'জনে মিলে দস্তর মত জল যোগ ক'রে একটু বিশ্রাম করা গেল, কত গল গুজুব হ'ল, কত হাসি, কত আমোদ। हर्रा९ मर्कि मनितत्र मधा त्राजित चन्छ। त्याक छेठ्न, व्यामिश विनात्र নেবার জন্তে প্রস্তুত হলুম। ওহানা কি আমার ছাড়তে চার ? শেষে অনেক মিনতি ক'রে বলায়, সে কবিতায় বলে উঠ্ ল-

> ভেবেছিছ হার কত কি ভোমার বলিব আমি, স্থপনে জানিনি এত অল্লেতে ফুরাবে বামী;

বিদায়ের কণ সহসা এসেছে,—
ভেসেছে আঁখি,

যত বলিবার ছিল—আধা তার

রয়েছে বাকী।

আমারও চলে আসতে মন সর্বছিল না; কিন্তু মঠে মন্দিরে ঘণ্টা বেছে উঠেছে, স্থতরাং আর বিলম্ব করলে সময়ে ফিরতে পারব না ভেবে, কাজে কাজেই আমার উঠ্তে হ'ল; তথন ওহানা বল্লে "মঠ মন্দিরের নিঃসংসারী নির্দ্ধ মোহাস্তগুলো ঘণ্টা বাজিরে আমার ফ্রন্মের স্থ-শাস্তির আজ হস্তারক হ'ল।" তথন তার চোধ্ছল্ ছল্ করছে। কিন্তু কি করব ? তবুও চলে আস্তে হ'ল।

চ'লে এলাম শিথিল ক'রে বাছর বাঁধনথানি,
বাছলভার কোমল বাঁধন তার;
চ'লে এলাম, চলে এলাম কপালে কর হানি'
সজল হ'চোথ মুছে বারবার!
সজল চোথে আমার পানে রইল চেয়ে রাণী,—
দেখতে আমার পেলে যতক্ষণ;
পথের বাঁকে হারিয়ে শেষে গেল ছবিথানি,—
বাঁকা চাঁদের আলোর আদর্শন।

(নীরবে অঞা বিসর্জন) এম্নি ক'রে নিষ্ঠ্রের মতন চলে এলাম, আদ্তে হ'ল—(পুনর্বার অঞা মোচন) আ-আ! ওরে তুই এখনও কম্বল মৃড়ি দিরে রইছিল্—দেও্ আমি তা' ভূলে গিছলুম—কথার কথার ভূলে গিছলুম, গুলে ফেল—গুলে ফেল,— আহা তোর কট হ'ছে, কম্বনানা গুলে ফেল,—ও কি? তুই বলে বলে বুমুছিল্ নাকি? আছো, আমিই গুলে দিছিঃ আবে! ছাড় কম্বল! আবে—এ আবার তোর কি ধেয়াল ? ধোল কম্বল!

> (টানাটানি করিতে কম্বল খুলিয়া পড়িল এবং চণ্ডীমূর্ত্তি গৃহিণী লাফ দিয়া দাঁড়াইয়া উঠিলেন)

গৃহিণী

আমার খুন চেপেছে! আমার খুন চেপেছে! এই তোমার নিদিধ্যাসন! এই তোমার ধর্ম কর্ম্ম! আমার চোথে ধ্লো দিয়ে ওহানার সঙ্গে দেখা করতে যাওয়া!

কৰ্ত্তা

আরে না, আরে না, আমি ধ্যান করছিল্ম—সত্যি বল্ছি—সত্যি।

গৃহিণী

কী! আবার মিছে কথা! আমাকে বোকা বানাতে চাও! আমি কিছু জানিনে? এই তোমার নিদিখ্যাসন ? আমায় আবার খাঁাকশেয়ালি বলা ? আমি খাঁাক খাঁাক ক'রে কামড়াই ? আমায় কাঁকি দিয়ে—ওকি ? যাও কোথায়—যাও কোথায় ? (পশ্চাদ্ধাবন)

কৰ্ত্তা

আবে না—আবে না। তোমার আমি কিছু বলিনি, আমি মাক্ চাইছি, মাক্ চাইছি।

গৃহিণী

ফের মিছে কথা ? বলনি খ্যাক্শেয়ালি ? ফের মিছে কথা ?—
চালাকী ? যাওুরা হরেছিল কোথার—যাওুরা হরেছিল কোথার ?

কৰ্ত্তা

তোমার কাছে আমি কি মিছে কথা কইছি? তোমার কাছে কি লুকুছিং? সহরের যত মঠে মনিরে, পুজো—পুজো— পুজো—

গৃহিণী

হুঁ, পুজো—পুজো—এই যে পুজো দেখাছি। কর্ম্ম

মাফ কর,—আমি মাফ চাইছি—আমি মাফ চাইছি—
গৃহিণী

(ঝাঁটা লইয়া) এই যে মাপকাঠি—মাফ্ চাওয়াচ্ছি— (কর্ত্তার পলায়ন)

পালিয়ে গেল—হাড়জালানে পালিয়ে গেল! ওগো ধর! ধর! ধর! পালাবে কি? পালাবে কোথায়? আমার রাগটা মাঠে মারা যাবে? ধর! ধর!

যবনিকা

मृठौ

আব্রতী (ষ্টিফেন ফিলিপা)	•••	•••	>
সবুজ সমাধি (চীনা নাটক)	•••	•••	२३
দৃষ্টিহাবা (মেটাবলিক্ক)	•••	•••	4)
নিদিধ্যাসন (জাপানী নাটক)	•••	•••	>>9

একই লেখকের লেখা

বেণু ও বীণা	•••	•••	এক টাকা।
"পড়িয়া তৃপ্ত ও ম	্য হইয়াছি	।" `প্ৰবাসী।	
হোমশিখা	•••	•••	এক টাকা।
"উচ্চচিন্তার সহি	ত কল্পনার ব	ञ्चलत मन्त्रिणन ।	
		শ্রীজ্যোতিরি র	নোথ ঠাকুর।
ফুলের ফসল	•••	•••	আট আনা।
"বাঙ্গালার কাব্য	ু সাহিত্যে	সম্পূর্ণ নৃতন	ধরণের একখানি
উৎকৃষ্ট 'শিরিক্'।	" ভারতী	1	
কুহু ও কেকা	•••	•••	এক টাকা।
"সমগ্র কাব্যথানি	ৰাবংবার গ	পু খারপু খ ভাবে	আলোচনা করিয়া
ইহা আমরা অ	ৰক্ষোচে বৰি	লতে পারি উ	াহার সমসাময়িক
কবি-সভায় শ্ৰেষ্ঠ	আসনখাৰি	नेत्र मारी करि	রৈ পকে কারেম
হইয়া গিয়াছে।"	প্রবাসী।		
डोर्थ म लिल	•••	•••	এক টাকা।
"কবিৰের ও বিছ	।বিভার পূর্ণ	পরিচয়।" বং	रवात्री ।
তীর্থরেণু	•••	•••	এক টাকা।
"তোমার এই অ			াাপ্তি—আত্মা এক
দেহ হইতে অগ্ৰ	८५८६ मक	ণরিত হইয়াছে	—ইহা শিলকাৰ্য্য
নহে, ইহা স্থষ্টি ব	ার্যা।" 🛢	ীরবীজ্ঞনাথ ঠাকু	র ।

জন্মত:খী

... ••• বারে আনা।

জন্তারপীড়িত দরিদ্র জীবনের করণকাহিনী। নরোরের একধানি স্থবিধ্যাত উপত্যাসের জন্মবাদ।
"বাংলা উপত্যাসের রাজ্যে লেথক একটা ন্তনডের আভাস দিরাছেন।

পাঠ করিয়া আমরা বিশেষ প্রীতিলাভ করিয়াছি।" ভারতী।

চীনের ধৃপ · · · চার আনা।

টীনদেশের শ্ববি ও মনীবিদিগের ভাবসম্পুট

"এই গ্রন্থে এমন অনেক মহাবাণী আছে, যাহা পাঠ করিলে

অনেক বিষয়ে আমাদের চোথ খুলিবে, জীবন যাত্রার অনেক
জটিল প্রশ্ন সমাধানের সহায়তা ঘটিবে।" ভারতী।

স্বৰ্গীয় অক্ষয়কুমার দত্ত প্রণীত

হিন্দ্দিগের সমুদ্রথাত্রা ও বাণিজ্যবিস্তার।
(অক্ষয়কুমারের কনিষ্ঠ পুত্র স্বর্গীর রজনীনাথ দত্ত সম্পাদিত)
মুল্য পাঁচসিকা।

ভারতবর্ষীয় উপাসক সম্প্রদার (প্রথম ভাগ) ২॥০

_ _ _ (দ্বিতীয় ভাগ) আ•

🖲 কালীচরণ মিত্র প্রণীত

যুথিকা (গরের বহি) এক টাকা।
স্মানধুর (হাস্ত রসাত্মক নাটকা, মিনার্ভার অভিনীত)

চর স্থানা।